আনন্দগিরিকৃতটীকাসহিত-

শাঙ্করভাষ্যসমন্বিতা

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীধরস্বামিকৃতসুবোধিনীটীকাসহিতা

এবং তদনুসারতঃ

শ্রীযুক্ত বাবু হিতলালমিশ্রকর্ত্তৃকঅনুবাদিত-
হিতৈষিণীভাষাসহিতা

তদনুমত্যনুসারতঃ

ভাষ্যমনূদ্য

শ্রীযুক্ত আনন্দচন্দ্রবেদান্তবাগীশৈঃ

তত্ত্ববোধিনী সভার যন্ত্রালয়ে

সংস্কৃত্য

মুদ্রয়িতুমারব্ধা

কার্ত্তিক ১৭৭৫ শক

VERIFIED: ০৭

বিজ্ঞাপন

শ্রীশ্রীরাধাবল্লভচরণারবিন্দদ্বন্দ্বস্যন্দমকরন্দপানানন্দিতস্বদেশীয়বিদেশীয়তত্ত্বদর্শীষ্টনিষ্ঠবিশিষ্টশান্তদান্তক্ষমাবন্তযাবন্তভক্তিমুক্তিপরায়ণজনগণসন্নিধানে বিহিতসম্ভাষণানন্তরনিবেদন।

মানব জাতির সর্ব্ব কল্যাণকৃৎ এই ভারত ভূমিতে পুরুষোত্তমের অনির্ব্বচনীয় অনুকম্পায় ধর্ম্মার্থ কাম মোক্ষ সাধক বিবিধ শাস্ত্রের পরমাকর সত্ত্বেও 'কালস্য কুটিলা গতিঃ' জন্য অধুনা তৎকাল কালগত, অর্থাৎ এতৎ প্রদেশে বেদ পুরাণাদি নানা বিধ গ্রন্থ চিরকালাবধি প্রচলিত থাকাতেও পণ্ডিত মণ্ডলী ভিন্ন অন্য সকলে তন্মর্ম্মার্থ বুঝিতে সক্ষম নহেন, বিশেষত বেদোপনিষদাদি রূপা সুরভীর দোগ্ধা গোপেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ বৎসানুরূপ ধনঞ্জয়ের সাহায্যে ভগবদ্ভক্তিপরায়ণ জনগণের আস্বাদনীয় অমৃতোপম দুগ্ধরূপ যে গীতা দোহন করিয়াছেন, তাহা নিখিল শাস্ত্রের সারাংশ প্রযুক্ত মহর্ষি বেদব্যাস কর্ত্তৃক তন্মাহাত্ম্য বাহুল্য রূপে স্কন্দপুরাণাদিতে ব্যক্ত আছে। ফলতঃ তদীয় নিগূঢ়ার্থ তাৎপর্য্যাদির কাঠিন্য প্রযুক্ত সর্ব্ব সাধারণে তদমৃতাস্বাদনে উদ্যুক্ত হইয়াও কৃতকার্য্য হইতে পারেন না, অতএব সর্ব্ব জনানুরঞ্জনার্থে পূর্ণ ব্রহ্ম ভগবান্ শ্রীকৃষ্ণের শ্রীমুখ নির্গত গীতার তাৎপর্য্যার্থ করণাকাঙ্ক্ষায় ভাগবত শ্রেষ্ঠ মহামান্য শ্রীশ্রীধরস্বামির চরণারবিন্দাশ্রয় পূর্ব্বক তাঁহার রচিত গীতার্থ সুবোধিনী টীকার অর্থ সুকোমল বঙ্গ ভাষায় হিতৈষিণী নামে যথা মতি রচনা করণারম্ভ করিলাম।

যদিও অস্মদাদির তাদৃশ বিদ্যা সাধ্যের অপ্রাখর্য্য প্রযুক্ত পূর্ব্বোক্ত সংস্কৃত সুবোধিনী টীকার অবিকল ভাষা বর্ণনে সুশ্রাব্যতাদির অভাব সম্ভাবনা আছে, তথাপি সংসারাবদ্ধ জীব নিচয়ের আশু ভক্তি মুক্তি প্রদ যে ভগবদ্ধর্ম্মাদি তাহা স্বধর্ম্মানুষ্ঠায়ি হরি পরায়ণ জনগণের অনাদরণীয় নহে, এতাবৎ বিবেচনায় প্রত্যাশা করি যে ইষ্ট নিষ্ঠ ধর্ম্মিষ্ঠ মহাশয়েরা স্বীয় মহত্ত্বানুসারে সমস্ত দোষ পরিবর্জ্জন পুরঃসর সূর্পবৎ গুণ গ্রহণে পরিতুষ্ট হইয়া অকিঞ্চনের প্রতি সদুপদেশ প্রদান স্থলে উপহাস করিবেন না ইতি।

শ্রীহিতলাল মিশ্র।

সাকিম রাইপুর ৫ গাঁপে গোপভূমি
জেলা বীরভূম চৌকি গোপাল পুর

অনুবাদকের উক্তি

বন্দে কৃষ্ণং সুরেন্দ্রং স্থিতিলয়জননে কারণং জন্তোঃ স্বেচ্ছাচারং কৃপালুং গুণগণরহিতং গিনাং যোগগম্যং। দ্বন্দ্বাতীতঞ্চ সত্তং হরমুখবুধৈঃ সেবিতং জ্ঞানরূপং ভক্তাধীনং তুরীয়ং ঘনরুচিরং দেবকীনন্দনং তং। ১।

শ্রীরাধাপাদপদ্মে স্বমৃতজলনিধৌ মানসং সূক্ষ্মসূক্ষ্মং যোগীন্দ্রৈর্ধ্যানগম্যে হরিবিধিগিরিশৈঃ সর্ব্বদা সূয়মানে। নিক্ষিপ্যানন্দপূরে পরিমিতিরহিতে মজ্জনং সাধু কৃত্বা ভাষারম্ভং চকারামৃতদগুরুপদং দণ্ডবৎ কৌ প্রণম্য। ২।

অজ্ঞানাজ্জনিতপ্রমোহশমনী সংসারবিধ্বংসিনী সুজ্ঞানাদতিরোচনী রসময়ী তত্ত্বার্থসংদায়িনী। নিত্যং বিজ্ঞজনপ্রমোদজননী স্বেচ্ছার্থচিন্তামণী নাম্নীয়ঞ্চ হিতৈষিণী সুরচিতা গীতার্থভাষা ময়া। ৩।

মেযে মার্গণসিন্ধুগিন্ধুবিধুভিঃ শাকে সতাং দমুদে গীতার্থঃ প্রকটীকৃতঃ কৃতিমতা াচানযা ভাষযা। যত্নাৎ শ্রীহিতলালভূসুরবরেনৈষোপি দোষাকুলোবিদ্যাকীর্ত্তিমতাং কৃপালুবিধিতো গ্রাহ্যস্ত্বমাগচ্ছতু। ৪।

নমো নিত্য নিরঞ্জন, নিখিল জন রঞ্জন, জগজ্জন সৃজন কারণ। নিরাকার নির্ব্বিকার, নির্ব্বিশেষ নিরাধার, সারাৎসার সত্য সনাতন।।

সর্ব্বব্যাপী সর্ব্বময়, সর্ব্বজন স্থিতি লয়, সর্ব্বজীবে যাঁর সমভাব। কীট আদি পশু পক্ষ, মানবাদি যক্ষ রক্ষ, পক্ষাপক্ষ নাহি সখ্য ভাব।।

যাঁর ইচ্ছা অনুসারে, সৃষ্টি স্থিতি এসংসারে, শরীরাদি কানন ভূধর। পাতালাদি নাগগণ, তারাগণ অগণন, ত্রিভুবন শোভন সাগর।।

যে জনের ইচ্ছা ক্রমে, ভ্রমিতেছে অনুক্রমে, রবি শশি বায়ু ঋতুগণ। নাহি যাঁর জন্ম নাশ, কিম্বা বৃদ্ধি কিম্বা হ্রাস, অনাদি অনন্ত অচিন্তন।।

সেই বিভু আত্মারাম, নির্গুণ ও গুণধাম, ইন্দ্রিয় গোচর কভু নন। ছাড়া নহে চরাচর, সর্ব্বান্তর সর্ব্বোপর, জগদীশ সত্য নিরঞ্জন।।

যদর্চ্চনা করিবারে, দেব নরে সমাদরে, ভক্তি ভাবে ভাবয়ে দুর্লভ। সেই বিভু নিরাকার, স্বীকার করি আকার, অবতার শ্রীরাধাবল্লভ।।

কিবা রূপ অনুপম, নবীন নীরদ সম, বামে প্যারী তড়িৎ যেমন। ধ্বজ বজ্রাঙ্কুশ পদে, শ্রীবৎসাঙ্ক চিহ্ন হৃদে, কটি তটে কৌষেয় বসন।।

মনোহর শ্রীচরণ, চন্দ্র সম নখগণ, নূপুরে শোভা পায়। কাচ ত কিঙ্কিণী জাল, গলদেশে বনমাল, পদ্মর্মণি মুক্তা হার তায়।।

বক্ষেতে কৌস্তুভ রাজে, ভৃগুপদ চিহ্ন মাঝে কেয়ূর বলয় শোভে ভুজে। কর্ণে মকর কুণ্ডল কুটিল নীল কুন্তল, তদুপরি মুকুট বিরাজে।।

বংশী ধারি বংশীধারী, ত্রিভঙ্গ ভঙ্গিমা করি বামে শক্তি রাধিকা সুন্দরী। ললিতাদি সখি চয়ে সতত বেষ্টিত হয়ে, বংশী নাদে তৎপর মুরারী।।

যুগল রূপ অতুলনা, যুগলেই আছে সীমা কোটি সূর্য্য প্রভা তুল্য নয়। নানা রত্নে বিভূষিত, মন্মথে করে মোহিত, অন্যে পরে কা কথা আছয়।।

এবম্ভূত অপরূপ, রূপধারী বিশ্বরূপ, সর্ব্ব দেহে অন্তর্যামী হন। হৃৎপদ্ম মধ্যস্থলে, বিরাজিত কুতূহলে, জগজ্জন নিয়োগ কারণ।।

দেব যক্ষ নাগ নর, গন্ধর্ব্ব কিন্নরান্তর সর্ব্বান্তর নহেন অন্তর। গুরু রূপে কৃপা করি হইয়া ভব কাণ্ডারী, উদ্ধারেন সংসার সাগর।।

পাইয়া সংসার বন্ধ, অজ্ঞান তিমিরে অন্ধ হইয়া থাকয়ে জীবগণ। ভক্তি দীপ দান করি সে তিমির পরিহরি, স্বস্বরূপ করেন স্ফুরণ।।

হেন গুরু চরণেতে, লোটাইয়া অবনিতে করি কোটি কোটি নমস্কার। গীতা সুবোধিনী অর্থ, রচিব যথা সামর্থ্য, নিয়োগ মতেতে আমি তাঁর।।

সেই ভগবদ্গীতা, জ্ঞান ভক্তি যোগ যুতা অবনিতে আছয়ে প্রচার। নিগূঢ় যোগার্থ যুক্ত অষ্টাদশাধ্যায়ে ভুক্ত, তদর্থ বুঝিতে সাধ্য কার।।

শঙ্করাচার্য্যের কৃত, গীতা ভাষ্য পূর্ব্বমত অনায়াসে বোধগম্য নয়। তজ্জন্য সন্ন্যাসাশ্রমী শ্রীমৎ শ্রীধর স্বামী, টীকা কৈলা মূল শ্লোক চয়।।

সুকোমল শব্দ দিয়া, উক্তাচার্য্য মত লৈয়া, বিরচিলা টীকা সুবোধিনী। সেই সুবোধিনী অর্থ প্রাজ্ঞে বুঝিতে সমর্থ, সকলেতে নহে তাহা জানী।।

আমার মানস এই, স্বামি কৃত টীকা সেই, সর্ব্ব জনে বুঝিতে পারয়। গীতার্থ জানিয়া সর্ব্বে, কৃষ্ণ ভক্তি পাইয়া তবে, তত্ত্বজ্ঞান অনাসে লভয়।।

অতএব বারম্বার, স্বামি পদে নমস্কার, করি করি ভাষা আরম্ভণ। অবিকল সুবোধিনী, ভাষার্থ এই হিতৈষিণী, জনহিতে করিব বর্ণন।।

অতঃ পর সবিনয়, কহি নিজ পরিচয়, কান্যকুব্জ বিপ্র কুলোদ্ভব। হিতলাল মিশ্র নাম, রাইপর গ্রামে ধাম, যদাশ্রয় শ্রীরাধাবল্লভ।।

শ্রীমদ্ভগবদ্গীতা

শাঙ্করভাষ্যং—উপক্রমণিকা

ওঁ নারায়ণঃ পরোঽব্যক্তাদণ্ডমব্যক্তসম্ভবং । অণ্ডস্যান্তস্ত্বিমে লোকাঃ সপ্তদ্বীপা

আনন্দগিরিকৃতটীকা ।

দৃষ্টিং ময়ি বিশিষ্টার্থাং কৃপাপীযূষবর্ষিণীং । হেরম্ব দেহি প্রত্যূহক্ষ্বেড়ব্যূহনিবারিণীং । ১ ।

যদ্বক্ত্রপঙ্কেরুহসংপ্রসূতং নিষ্ঠামৃতং বিশ্ববিভাগনিষ্ঠং । সাধ্যেতরাভ্যাং পরিনিষ্ঠিতাস্তং তং বাসুদেবং সততং নতোস্মি । ২ ।

প্রত্যঞ্চমচ্যুতং নত্বা গুরূনপি গরীয়সঃ । ক্রিয়তে শিষ্যশিক্ষার্থৈ গীতাভাষ্যবিবেচনং । ৩ ।

কর্ম্মনিষ্ঠাজ্ঞাননিষ্ঠেত্যুপায়োপেয়ভূতনিষ্ঠাদ্বয়মধিকৃত্য প্রবৃত্তং গীতাশাস্ত্রং ব্যাচিখ্যাসুর্ভগবান্ ভাষ্যকারোবিঘ্নোপপ্লবোপশমনাদিপ্রযোজনপ্রসিদ্ধয়ে প্রামাণিকব্যবহারপ্রমাণকমিষ্টদেবতাতত্ত্বানুস্মরণং মঙ্গলাচরণং সম্পাদয়ন্ অবশেষেণেতিহাসপুরাণয়োর্ব্ব্যাচিখ্যাসিতগীতাশাস্ত্রৈকবাক্যতামভিপ্রেত্য পৌরাণিকশ্লোকমেকমেবান্তর্যামিবিষয়মুদাহরতি নারায়ণইতি । আপোনারাইতি প্রোক্তাআপোবৈ নরসূনবঃ । অয়নং তস্য তাঃ পূর্ব্বং তেন নারায়ণঃ স্মৃতইতি স্মৃতিসিদ্ধঃ স্থূলদৃশাং নারায়ণশব্দার্থঃ, সূক্ষ্মদর্শিনঃ পুনরাচক্ষতে নরশব্দেন চরাচরাত্মকং শরীরজাতমুচ্যতে তত্র নিত্যসন্নিহিতাঃ চিদাভাসাজীবানারাইতি নিরুচ্যতে তেষাময়নমাশ্রয়োনিয়ামকোঽন্তর্যামী নারায়ণইতি, যমধিকৃত্যান্তর্যামিব্রাহ্মণং শ্রীনারায়ণাখ্যমত্রা[illegible] তদনেন শাস্ত্রপ্রতিপাদ্যং বিশিষ্টং [illegible] ভবতি। ননু পরস্যাত্মনোমায়াসম্বন্ধা[illegible] শাস্ত্রপ্রতিপাদ্যত্বং চ বক্তব্যমন্যথা কূটস্থাসঙ্গাবিষয়াদ্বিতীয়স্য তদযোগাত্তথা চ শুদ্ধতাসিদ্ধৌ কথং যথোক্তা পরদেবতা শাস্ত্রাদাবনুস্মর্য্যতে শুদ্ধস্য হি তত্ত্বস্যানুস্মরণমভীষ্টফলবদভীষ্টং তত্রাহ পরোব্যক্তাদিতি । অব্যক্তমব্যাকৃতং মায়েত্যনর্থান্তরং তস্মাৎ পরোব্যতিরিক্তঃ তেনাসংস্পৃষ্টোয়মপরঃ অক্ষরাৎ পরতঃ পরইতি শ্রুতেঃ গৃহীতঃ তত্ত্বতোমায়াসম্বন্ধাভাবেপি কল্পনয়া তদীয়সঙ্গতিমঙ্গীকৃত্যান্তর্যামিত্বাদিকমুন্নেয়ং । যস্মাদীশ্বরস্য ব্যতিরেকোবিবক্ষিতস্তস্মিন্নব্যক্তে সাক্ষিসিদ্ধেপি কার্য্যলিঙ্গকমনুমানমুপন্যস্যতি অণ্ডমিতি । অপঞ্চীকৃতপঞ্চমহাভূতাত্মকং হৈরণ্যগর্ভং তত্ত্বমণ্ডমিত্যভিলপ্যতে তদব্যক্তাৎ পূর্ব্বোক্তাদুৎপদ্যতে প্রসিদ্ধাদিশ্রুতিস্মৃতিবাদেষু হিরণ্যগর্ভস্য মূলকারণাদুৎপত্তিস্তথা চ কার্য্যলিঙ্গাদব্যক্তাভিব্যক্তিরিত্যর্থঃ । হিরণ্যগর্ভে শ্রুতিস্মৃতিসমধিগতেপি কার্য্যলিঙ্গকমনুমানমস্তীতি মন্বানোবিরাডুৎপত্তিমুপদর্শয়তি অণ্ডস্যেতি । উক্তস্যাণ্ডস্য হিরণ্যগর্ভাভিধানীয়স্যান্তরিমে ভূরাদয়োলোকাবিরাডাত্মকাবর্ত্তন্তে কার্য্যং হি কারণ-

---

ইহ সংসারে দুঃখ নিবৃত্তি হইয়া নিরন্তর সুখ প্রাপ্তি হয় ইহা সকলেরই অভিলাষ, কিন্তু তাহার উপায় অপরিজ্ঞান প্রযুক্ত অনেকে তাহাতে কৃতকার্য্য হইতে না পারাতে পরম কারুণিক ভগবান্ বাসুদেব গীতা শাস্ত্রে তাহার উপায় স্বরূপ জ্ঞাননিষ্ঠা ও তৎ কারণ কর্ম্মনিষ্ঠা অর্জ্জুনের প্রতি উপদেশ করিয়াছেন । সেই নিষ্ঠাদ্বয়েতে প্রবৃত্ত গীতা শাস্ত্রের তাৎপর্য্য ব্যাখ্যা করিবার উদ্দেশে ভগবান্ ভাষ্যকার শঙ্করাচার্য্য অশেষ ইতিহাস পুরাণের সহিত গীতা শাস্ত্রের একবাক্যতা জ্ঞাপনার্থ মঙ্গলাচরণ রূপে প্রথমতঃ অন্তর্যামি প্রতিপাদক এক পৌরাণিক শ্লোক উদ্ধৃত করিয়াছেন । যথা

যে অব্যক্ত নামক জগৎপ্রকৃতি মায়া হইতে চরাচরাত্মক শরীর সমূহে অধিষ্ঠিত জীব সকলের আশ্রয়ভূত অন্তর্যামি নারায়ণ শ্রেষ্ঠ হয়েন, সেই অব্যক্ত হইতে এই ব্রহ্মাণ্ড উৎপন্ন হইয়াছে, যে ব্রহ্মাণ্ডে ভূরাদি লোক সকল এবং সপ্তদ্বীপা স[illegible]রা এই পৃথিবী অন্তর্ভূত রহিয়াছে ।

শ্রীমদ্ভগবদ্গীতা

শাঙ্করভাষ্যং—উপক্রমণিকা

সভগবান্ সৃষ্ট্বেদং জগৎ তস্য চ স্থিতিং চিকীর্ষুর্ম্মরীচ্যাদীনগ্রে সৃষ্ট্বা প্রজাপতীন্ প্রবৃত্তিলক্ষণং ধর্ম্মং গ্রাহয়ামাস বেদোক্তং, ততোঽন্যাংশ্চ সনকসনন্দনাদীনুৎপাদ্য নিবৃত্তিধর্ম্মং জ্ঞানবৈরাগ্যলক্ষণং গ্রাহয়ামাস।

আনন্দগিরিকৃতটীকা

স্যান্তর্ভবতি তেন হিরণ্যগর্ভান্তর্ভূতাভূরাদযোলোকাবিরাডাত্মানস্তেন সৃষ্টাইতি তল্লিঙ্গাদ্ধিরণ্যগর্ভসিদ্ধিরিত্যর্থঃ। লোকানেব পঞ্চীকৃতপঞ্চমহাভূতাত্মকবিরাডাত্মত্বেন ব্যুৎপাদয়তি সপ্তদ্বীপেতি। সা পৃথিবী অভবদিতি শ্রুতৌ বিরাজো-জন্ম সঙ্কীর্ত্তিতমিত্যঙ্গীকারাদশেষদ্বীপোপেতা পৃথিবীত্যনেন সর্ব্বলোকাত্মকোবিরাডেবোচ্যতে, চ শব্দেন বিরাজোহি হিরণ্যগর্ভে পূর্ব্বোক্তাণ্ডাত্মন্যন্তর্ভাবস্ততঃ সন্তবোনুকৃষ্যতে, পরমাত্মা হি স্বাজ্ঞানদ্বারা জগদশেষমুৎপাদ্য স্বাত্মন্যেবান্তর্ভাবাখণ্ডৈকরসসচ্চিদানন্দাত্মনা স্বে মহিম্নি তিষ্ঠতীত্যর্থঃ। অত্র চ নারায়ণশব্দেনাভিধেয়মুক্তং নরাএব নারাজীবাস্তুয়দবাচ্যাঃ তেষাময়নমধিষ্ঠানং তৎপদবাচ্যং পরং ব্রহ্ম তথা চ কল্পিতস্যাধিষ্ঠানাতিরিক্তস্বরূপাভাবাদ্বাচ্যস্য কল্পিতত্বেপি লক্ষ্যস্য ব্রহ্মমাত্রত্বাদ্ব্রহ্মাত্মৈক্যং বিষয়োত্র সূচ্যতে তেনার্থাদ্বিষয়বিষয়িভাবঃ সম্বন্ধোপি ধ্বনিতঃ পরোব্যক্তাদিত্যনেন মায়াসংস্পর্শাভাবোক্ত্যা সর্ব্বানর্থনিবৃত্ত্যা পরমানন্দাবির্ভাবলক্ষণোমোক্ষোপি বিবক্ষিতস্তেন চ তৎকামস্যাধিকারোদ্যোতিতঃ পরিশিষ্টেন তুশব্দেন বস্তুনোবাস্তবমদ্বিতীয়ত্বমাবেদিতং তেন চ বস্তুদ্বারা পরমবিষয়ত্বং তজ্জ্ঞাননিষ্ঠায়াস্তদুপায়ভূতকর্ম্মনিষ্ঠায়াশ্চাবান্তরবিষয়ত্বমিত্যর্থাদুক্তমিত্যবধেয়ং।

ননু নৈবং সাধ্যসাধনভূতং নিষ্ঠাদ্বয়মত্রভগবতা প্রতিপাদ্যতে ব্রহ্মণাভ্যর্থিতস্য ভগবতোভূমিভারাপহারার্থং বসুদেবেন দেবক্যামাবির্ভূতস্য তাদর্থ্যেন মধ্যমং পৃথাসুতং প্রথিতমহিমানং প্রেরয়িতুং ধর্ম্মযোরিহানুদ্যমানত্বাদতোনাস্য শাস্ত্রস্য নিষ্ঠাদ্বয়ং পরাপরবিষয়-

আনন্দগিরিকৃতটীকা

ভাবমনুভবিতুমলমিতি তন্ন ভগবতোধর্ম্মসংস্থাপনস্বাভাব্যধ্বৌব্যাদ্ধর্ম্মদ্বয়স্থাপনার্থমেব প্রাদুর্ভাবাভ্যুপগমাদ্ভূভারপরিহারস্য চার্থিকত্বাদর্জ্জুনং নিমিত্তীকৃত্যাধিকারিণং স্বধর্ম্মপ্রবর্ত্তনদ্বারা জ্ঞাননিষ্ঠায়ামবতারয়িতুং গীতাশাস্ত্রস্য প্রণীতত্বাদুচিতমস্য নিষ্ঠাদ্বয়বিষয়ত্বমিতি পরিহরতি সভগবানিত্যাদিনা ধর্ম্মদ্বয়মর্জ্জুনায়োপদিদেশেত্যন্তেন ভাষ্যেণ, তত্র নেদং গীতাশাস্ত্রং ব্যাখ্যাতুমুচিতমাপ্তপ্রণীতত্বানির্দ্ধারণাত্তথাবিধশাস্ত্রান্তরবদিত্যাশঙ্ক্য মঙ্গলাচরণস্যোদ্দেশ্যং দর্শয়নাদৌ শাস্ত্রপ্রণেতুরাপ্তত্বনির্দ্ধারণার্থং সর্ব্বজ্ঞত্বাদিপ্রতিজ্ঞাপূর্ব্বকং সর্ব্বজগজ্জনয়িতৃত্বমাহ সভগবানিতি। প্রকৃতোনারায়ণাখ্যোদেবঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্বেশ্বরঃ সমস্তমপি প্রপঞ্চমুৎপাদ্য ব্যবস্থিতোন চ তস্যানাপ্তত্বমীশ্বরানুগৃহীতানামাপ্তত্বসিদ্ধ্যা তস্য পরমাপ্তত্বসিদ্ধেরিত্যর্থঃ। ননু ভগবতা সৃষ্টমপি চাতুর্বর্ণ্যাদিবিশিষ্টং হিরণ্যগর্ভাদিলক্ষণং জগন্ন ব্যবস্থিতিমাস্থাতুং শক্যতে ব্যবস্থাপকাভাবান্ন চ পরস্যেশ্বরস্য ব্যবস্থাপকত্বং বৈষম্যাদিপ্রসঙ্গাত্তত্রাহ তস্য চেতি। সৃষ্টস্য জগতোমর্য্যাদাবিরহিতত্বে শঙ্কিতে তদীয়াং ব্যবস্থাং কর্ত্তুমিচ্ছন্ ব্যবস্থাপকমালোচ্য ক্ষত্রস্যাপি ক্ষত্রত্বেন প্রসিদ্ধং ধর্ম্মং তথাবিধধর্ম্মমধিগম্য সৃষ্টবানিত্যর্থঃ। সৃষ্টস্য ধর্ম্মস্য সাধ্যত্বভাবতয়া সাধয়িতারমন্তরেণাসত্ত্বাত্তস্যৈব তদনুষ্ঠাতৃত্বানভ্যুপগমাৎ প্রাণিপ্রভেদানামধর্ম্মপ্রায়াণাং তদযোগাৎ কুতস্তদীয়া সৃষ্টিরিত্যাশঙ্ক্যাহ মরীচ্যাদীনিতি। তেষাং ভগবতা সৃষ্টানাং প্রজাসৃষ্টিহেতূনাং যাগদানাদিপ্রবৃত্তিসাধ্যং ধর্ম্মমনুষ্ঠাতুমধিকৃতানাং স্বকীয়ত্বেন তদুপাদানমুপপন্নমিত্যর্থঃ। চৈত্যবন্দনা-

---

সেই ভগবান্ নারায়ণ এই সমুদায় জগৎ সৃষ্টি করিয়া তাহা পালন করিবার অভিপ্রায়ে মরীচি অত্রি প্রভৃতি প্রজাপতিগণকে প্রথমত উৎপন্ন করিয়া তাঁহারদিগকে বেদোক্ত প্রবৃত্তি লক্ষণ ধর্ম্মে এবং তদিতর সনক সনন্দনাদিকে সৃষ্টি করিয়া তাঁহারদিগকে জ্ঞান বৈরাগ্য লক্ষণ নিবৃত্তি ধর্ম্মে প্রবৃত্ত করিলেন।

শাঙ্করভাষ্যং—উপক্রমণিকা

দ্বিবিধোহি বেদোক্তোধর্ম্মঃ, প্রবৃত্তিলক্ষণোনিবৃত্তিলক্ষণশ্চ । তত্রৈকোজগতঃ স্থিতি-
কারণং, প্রাণিনাং সাক্ষাদভ্যুদয়নিঃশ্রেয়সহেতুর্যঃ সধর্ম্মঃ ব্রাহ্মণাদ্যৈর্ব্বর্ণিভিরাশ্রমিভিঃ শ্রেয়ো-
র্থিভিরনুষ্ঠীয়মানোদীর্ঘেণ কালেন । অনুষ্ঠাতৃণাং কামোদ্ভবাদ্ধীয়মানবিবেকবিজ্ঞানহেতু-
কেনাধর্ম্মেণাভিভূয়মানে ধর্ম্মে প্রবর্দ্ধমানে চাধর্ম্মে জগতঃ স্থিতিং পরিপালয়িষুঃ সআদিকর্ত্তা
নারায়ণাখ্যোবিষ্ণুর্ভৌমস্য ব্রহ্মণোব্রাহ্মণত্বস্য রক্ষণার্থং দেবক্যাং বসুদেবাদংশেন কৃষ্ণঃ
কিল,সম্বভূব ব্রাহ্মণত্বস্য হি রক্ষণেন রক্ষিতঃ স্যাদ্বৈদিকোধর্ম্মঃ তদধীনত্বাদ্বর্ণাশ্রমভেদানাং ।

আনন্দগিরিকৃতটীকা

দিভ্যোবিশেষার্থং ধর্ম্মং বিশিনষ্টি বেদোক্তমি-
তি। ননু নৈতাবতা জগদশেষমপি ব্যবস্থাপয়ি-
তুং শক্যতে প্রবৃত্তিমার্গস্য পূর্ব্বোক্তধর্ম্মং প্রতিনি-
য়তত্বেপি নিবৃত্তিমার্গস্য তেন ব্যবস্থাপনাযোগ্য-
ত্বাত্তত্রাহ ততোন্যাংশ্চেতি। নিবৃত্তিরূপস্য ধ-
র্ম্মস্য শমদমাদ্যাত্মনোগমকমাহ জ্ঞানেতি। বি-
বেকবৈরাগ্যাতিশয়ে শমাদ্যতিশয়োগম্যতে ত-
তোবিবেকাদিতস্য গমকমিত্যর্থঃ।

ধর্ম্মে বহুবিদাং বিবাদদর্শনাজ্জগতঃ স্থেম্নে কা-
রণীভূতধর্ম্মান্তরমপি সম্ভব্যমস্তীত্যাশঙ্ক্যাহ দ্বিবি-
ধোহীতি। অতিপ্রসঙ্গাপ্রসঙ্গব্যাবৃত্তয়ে প্রকৃতং ধ-
র্ম্মং লক্ষয়তি প্রাণিনামিতি। প্রবৃত্তিলক্ষণোধ-
র্ম্মোভ্যুদয়ার্থিনাং সাক্ষাদভ্যুদয়হেতুঃ নিঃশ্রেয়-
সার্থিনাং পরম্পরয়া নিঃশ্রেয়সহেতুর্নিবৃত্তিলক্ষণ-
স্তু ধর্ম্মঃ সাক্ষাদেব নিঃশ্রেয়সহেতুরিতি বিভাগঃ,
জ্ঞানস্যৈব নিঃশ্রেয়সহেতুত্বেপি শমাদীনাং জ্ঞা-
নদ্বারা মোক্ষহেতুত্বং জ্ঞানাতিরিক্তব্যবধানাভাবা-
চ্চ সাক্ষাদিত্যুক্তং। যদ্যেবং ধর্ম্মোলক্ষ্যতে তর্হি
বর্ণিত্বমাশ্রমিত্বঞ্চোপেক্ষ্য সর্ব্বৈরেব পুরুষার্থা-
র্থিভির্দ্বাবপি ধর্ম্মৌ যথাযোগ্যমনুষ্ঠেয়াবিত্যনু-
ষ্ঠাতৃনিয়মাসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ ব্রাহ্মণাদ্যৈরিতি।
অর্থিত্বাবিশেষেপি শ্রুতিস্মৃতিপর্য্যালোচনয়ানুষ্ঠা-
নাং নিয়মসিদ্ধিরিত্যর্থঃ। নিত্যনৈমিত্তিকেষু যা-
বজ্জীবমনুষ্ঠানং কাম্যেষু করণাংশে রাগাধীনা
প্রবৃত্তিরিতিকর্ত্তব্যতাংশে বৈধীতি বিভাগেপি
কদাচিদেবানুষ্ঠানমিতি বিভাগমভিপ্রেত্যাহ দী-

আনন্দগিরিকৃতটীকা

র্ঘেণেতি। অথ যথোক্তধর্ম্মবশাদেব জগতোবি-
বক্ষিতস্থিতিসিদ্ধের্ভগবতোনারায়ণস্যাদিকর্ত্তুর-
নেকানর্থকলুষিতশরীরপরিগ্রহাসম্ভবাদন্যস্যৈব
কস্যচিদনাপ্তস্য বৈষম্যনৈর্ঘৃণ্যবতোবিগ্রহপরি-
গ্রহদ্বারেণ গীতাশাস্ত্রপ্রণয়নমিতি কুতোস্যাপ্ত-
প্রণীতত্বং তত্রাহ অনুষ্ঠাতৃণামিতি। অথবা য-
থোক্তশঙ্কায়াং দীর্ঘেণেত্যারভ্যোত্তরং মহতা কা-
লেন কৃতত্রেতাত্যয়ে দ্বাপরাবসানে সাধকানাং
কামক্রোধাদিপূর্ব্বকাদবিবেকাদধর্ম্মবাহুল্যাদ্ধর্ম্মা-
ভিভবাদধর্ম্মাভিবৃদ্ধেশ্চ জগতোমর্য্যাদাভেদে ত-
দীয়াং মর্য্যদামাত্মনির্ম্মিতাং পালয়িতুমিচ্ছন্
প্রকৃতোভগবানেতদর্থেন চাতুর্ব্বর্ণ্যাদিসংরক্ষণা-
র্থং লীলাময়ং মায়াশক্তিপ্রযুক্তং স্বেচ্ছাবিগ্র-
হং জগ্রাহেত্যর্থঃ। ভৌমস্য ব্রহ্মণোগুপ্ত্যৈ বসুদে-
বাদজীজনৎ ইতি স্মৃতিমনুসৃত্য পদদ্বয়মনূদ্য
ব্যাচষ্টে ভৌমস্যেতি। অংশেনেতি স্বেচ্ছানি-
র্ম্মিতেন মায়াময়েন স্বরূপেণেত্যর্থঃ,কিলেত্যস্মি-
ন্নর্থে পৌরাণিকী প্রসিদ্ধিরনূদ্যতে, ন হি ভগব-
তোব্যতিরিক্তস্যেদং জন্মেতি যুজ্যতে বহুবি-
ধাগমবিরোধাদিতি ভাবঃ। ননু বৈদিকধর্ম্ম-
সংরক্ষণার্থং ভগবতোজন্ম যদা যদা হি ধর্ম্মস্যে-
ত্যাদিদর্শনাৎ কিমিদং ব্রাহ্মণত্বস্য রক্ষণার্থমিতি
তত্রাহ ব্রাহ্মণত্বস্য হীতি। তথাপি বর্ণাশ্রমভে-
দব্যবস্থাপনং বিনা কথং যথোক্তধর্ম্মরক্ষণ-
মিত্যাশঙ্ক্যাহ তদধীনত্বাদিতি। ব্রাহ্মণং হি
পুরোধায় ক্ষত্রাদিপ্রতিষ্ঠাং প্রতিপদ্যতে যাজ-

বৈদিক ধর্ম্ম দুই প্রকার, প্রথম জগতের স্থিতির কারণ প্রবৃত্তি লক্ষণ, এবং ব্রাহ্মণাদি
কর্ত্তৃক অনুষ্ঠীয়মান প্রাণিদিগের সাক্ষাৎ মুক্তির কারণ নিবৃত্তি লক্ষণ দ্বিতীয় । কামনা বশতঃ
বিবেক জ্ঞানের নাশক অধর্ম্ম দ্বারা ধর্ম্মের অভিভব পূর্ব্বক অধর্ম্মের বৃদ্ধি হইলে জগতের
স্থিতি ইচ্ছা করিয়া সেই আদি কর্ত্তা নারায়ণ ব্রাহ্মণ্য ও তদধীন বৈদিক ক্রিয়া রক্ষার নিমিত্তে
দেবকীর গর্ভে বসুদেবের ঔরসে অংশ রূপে আবির্ভূত হইয়াছিলেন ।

শাঙ্করভাষ্যং—উপক্রমণিকা

সচ ভগবান্ জ্ঞানৈশ্বর্য্যশক্তিবলবীর্য্যতেজোভিঃ সদা সম্পন্নস্ত্রিগুণাত্মিকাং বৈষ্ণবীং স্বাং মায়াং মূলপ্রকৃতিং বশীকৃত্যাজোঽব্যয়োভূতানামীশ্বরোনিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবোপি সন্ স্বমায়য়া দেহবানিব জাতইব লোকানুগ্রহং কুর্ব্বন্ লক্ষ্যতে, স্বপ্রয়োজনাভাবেপি ভূতানুজিঘৃক্ষয়া বৈদিকং হি ধর্ম্মদ্বয়মর্জ্জুনায় শোকমোহমহোদধৌ নিমগ্নায়োপদিদেশ গুণাধিকৈর্হি গৃহীতোঽনুষ্ঠীয়মানশ্চ ধর্ম্মঃ প্রচয়ং গমিষ্যতীতি। তং ধর্ম্মং ভগবতা যথোপদিষ্টং বেদব্যাসঃ সর্ব্বজ্ঞোভগবান্ গীতাখ্যৈঃ সপ্তভিঃ শ্লোকশতৈরুপনিববন্ধ।

আনন্দগিরিকৃতটীকা

নাধ্যাপনযোস্তদ্ধর্ম্মত্বাত্তদ্দ্বারাচ বর্ণাশ্রমভেদব্যবস্থাপনাদতোব্রাহ্মণ্যে রক্ষিতে সর্ব্বমপি সুরক্ষিতং ভবতীত্যর্থঃ।

নন্বেবমপি ভগবতোনারায়ণস্য শরীরাদিমত্ত্বে সত্যস্মদাদিভিরবিশেষাদনীশ্বরত্বপ্রসক্তিরিত্যাশঙ্ক্য জ্ঞানাদিকৃতং বিশেষমাহ সচেতি। জ্ঞানং জ্ঞপ্তিরর্থপরিচ্ছিত্তিরৈশ্বর্য্যমীশ্বরত্বং স্বাতন্ত্র্যং শক্তিস্তদর্থনির্ব্বর্ত্তনসামর্থ্যং বলং সহায়সম্পত্তিঃ বীর্য্যং পরাক্রমবত্ত্বং তেজস্তু প্রাগল্ভ্যমপ্রধৃষ্যত্বং এতে চ ষড়্গুণাঃ সর্ব্ববিষয়াঃ সর্ব্বদা ভগবতি বর্ত্তন্তে তথা চ তস্য শরীরাদিমত্ত্বেপি নাস্মদাদিসাম্যমিত্যর্থঃ। অথৈবমপি কথমীশ্বরস্যানাদিনিধনস্য নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবস্য স্বভাববিপরীতং জন্মাদি সম্ভবতি ন হি ভূতানামীশিতা স্বতন্ত্রঃ স্বাত্মনোঽনর্থং স্বয়মেব সম্পাদয়িতুমর্হতি ন চাস্য দেহাদিগ্রহে কিমপি ফলমুপলভ্যতে তত্রাহ ত্রিগুণাত্মিকামিতি। সিসৃক্ষিতদেহাদিগতবৈরূপ্যসিদ্ধ্যর্থমিদং বিশেষণং, তস্যাব্যাপকত্বং বক্তুং বৈষ্ণবীমিত্যুক্তং। ঈশ্বরপারবশ্যং তস্যাদর্শয়তি স্বামিতি। তস্যাশ্চ প্রতিভাসমাত্রশরীরত্বমেব ন তু বস্তুত্বমিত্যাহ মায়ামিতি। তস্যাঃ নানাবিধকার্য্যাকারেণ পরিণামিত্বং সূচয়তি মূলপ্রকৃতিমিতি। ঈশ্বরস্য প্রকৃত্যধীনত্বং বারয়তি বশীকৃত্বেতি। নিত্যত্বং কার্য্যাকারবিরহিতত্বং শুদ্ধত্বমকারণত্বং বুদ্ধত্বমজড়ত্বং মুক্তত্বং অবিদ্যাকামকর্ম্মপারতন্ত্র্যরাহিত্যং। নচ

আনন্দগিরিকৃতটীকা

নিত্যত্বাদয়ঃ সংসারাবস্থায়ামসন্তোমোক্ষাবস্থায়াং সম্ভবন্তীতি যুক্তমিত্যাহ স্বভাবইতি। দেহগ্রহে প্রাধান্যং মায়ায়াদর্শয়িতুং পুনঃ স্বমায়য়েত্যুক্তং। সবা অয়ং পুরুষোজায়মানঃ শরীরমভিসম্পদ্যমানইতি শ্রুতিমাশ্রিত্যাহ দেহবানিতি। ইবকারাভ্যাং দেহাদেরবস্তুত্বেন কল্পিতত্বং দ্যোত্যতে ধর্ম্মদ্বয়োপদেশদ্বারা প্রাণিবর্গস্যাভ্যুদয়নিঃশ্রেয়সতৎপরত্বাপাদনং লোকানুগ্রহঃ, যদ্যপি কূটস্থঃ স্বতন্ত্রোনিত্যত্বাদিলক্ষণশ্চায়মীশ্বরঃ স্বতোদৃশ্যতে তথাপি যথোক্তমায়াশক্ত্যা দেহাদি গৃহীত্বা প্রাণিনামনুগ্রহমাদধানোন স্বভাববিপর্য্যয়ং পর্য্যেতীত্যর্থঃ। ননু প্রয়োজনমনুদ্দিশ্য ন মন্দোপি প্রবর্ত্ততইতি ন্যায়াদীশ্বরস্যাপ্তকামতয়া কৃতকৃত্যস্য প্রয়োজনাভাবাদনুগ্রাহ্যানাঞ্চাদ্বৈতবাদে ব্যতিরিক্তানামসত্ত্বান্ন ধর্ম্মদ্বয়মুপদেষ্টুমুচিতমিতি তত্রাহ স্বপ্রয়োজনেতি। কল্পিতভেদভাঞ্জি ভূতান্যুপাদায় তদনুগ্রহেচ্ছয়া চৈত্যবন্দনাদিবিলক্ষণং ধর্ম্মদ্বয়মর্জ্জুনং নিমিত্তীকৃত্যাপ্তকামোপি ভগবানুপদিষ্টবানিত্যর্থঃ। অর্জ্জুনস্যোপদেশাপেক্ষাস্তীতি দর্শয়িতুং বিশিনষ্টি শোকেতি। ননু ভূতানুগ্রহে কর্ত্তব্যে কিমিত্যর্জ্জুনায় ধর্ম্মদ্বয়ং ভগবতোপদিশ্যতে তত্রাহ গুণাধিকৈরিতি। প্রচয়ং গমিষ্যতীতিমত্বা ধর্ম্মদ্বয়মর্জ্জুনায় উপদিদেশেতি সম্বন্ধঃ। অথ তথাপি সুগতোপদিষ্টধর্ম্মবদয়মপি ভগবদুপদিষ্টোধর্ম্মোন প্রামাণিকোপাদে-

সেই ভগবান্ ত্রিগুণাত্মক স্বীয় মায়াকে বশীভূত করিয়া স্বয়ং মুক্ত স্বরূপ হইয়াও স্বীয় মায়া দ্বারা উৎপন্নের ন্যায় দৃষ্টিগোচর হইয়াছিলেন, স্বীয় কোন প্রয়োজন না থাকিলেও লোকের প্রতি অনুগ্রহ করিয়া অর্থাৎ মহতের অনুষ্ঠিত ধর্ম্ম লোকমাত্রেরই গ্রাহ্য হইবে এই বিবেচনায় শোক সাগরে নিমগ্ন অর্জ্জুনের প্রতি পূর্ব্বোক্ত বৈদিক ধর্ম্মদ্বয় উপদেশ করিয়াছিলেন। সেই ভগবানের উপদেশ সকল সাত শত শ্লোক দ্বারা সর্ব্বজ্ঞ বেদব্যাস এই গীতা শাস্ত্র নিবদ্ধ করেন।

শাঙ্করভাষ্যং—উপক্রমণিকা

তদিদং গীতাশাস্ত্রং সমস্তবেদার্থসারসংগ্রহভূতং দুর্ব্বিজ্ঞেয়ার্থং তদর্থাবিষ্করণায়ানেকৈর্ব্বিবৃতপদপদার্থবাক্যার্থন্যায়মপ্যত্যন্তবিরুদ্ধানেকার্থত্বেন লৌকিকৈর্গৃহ্যমাণমুপলভ্যাহং বিবেকতোঽর্থনির্দ্ধারণার্থং সংক্ষেপতোবিবরণং করিষ্যামি।

তস্যাস্য গীতাশাস্ত্রস্য সংক্ষেপতঃ প্রয়োজনং পরং নিঃশ্রেয়সং সহেতুকস্য সংসারস্যাত্যন্তোপরমলক্ষণং, তচ্চ সর্ব্বকর্ম্মসন্ন্যাসপূর্ব্বকাদাত্মজ্ঞাননিষ্ঠারূপাদ্ধর্ম্মাদ্ভবতি তথেমমেব

আনন্দগিরিকৃতটীকা

যতামুপগচ্ছেদিত্যাশঙ্ক্য বেদোক্তত্বান্নাস্য তত্ত্ল্যত্বমিত্যুক্তমিত্যভিপ্রেত্য শিষ্টপরিগৃহীতত্বাচ্চ নৈবমিত্যাহ তং ধর্ম্মমিতি। অধর্ম্মে ধর্ম্মবুদ্ধির্ব্বেদব্যাসস্য জাতেত্যাশঙ্ক্যাহ সর্ব্বজ্ঞইতি। কৃষ্ণদ্বৈপায়নং বিদ্ধি ব্যাসং নারায়ণং প্রভুমিতি স্মৃতেঃ সজ্জনোপকারকভগবদবতারত্বাচ্চ ব্যাসস্য নান্যথাবুদ্ধিরিত্যাহ ভগবানিতি।

গীতাশাস্ত্রস্যাপ্তপ্রণীতত্বমপাকৃত্য ব্যাখ্যেয়ত্বমুপপাদিতমুপসংহরতি তদিদমিতি। পৌরুষেয়স্য বচসো মূলপ্রমাণাভাবেনাপ্রামাণ্যমিতি মত্বা বিশিনষ্টি সমস্তেতি। শাস্ত্রাক্ষরৈরেব তদর্থপ্রতিপত্তিসম্ভবে কিমিতি ব্যাখ্যানমিত্যাশঙ্ক্যাহ দুর্ব্বিজ্ঞেয়ার্থমিতি। পদচ্ছেদঃ পদার্থোক্তির্ব্বিগ্রহোবাক্যযোজনা আক্ষেপস্য সমাধানং ব্যাখ্যানং পঞ্চলক্ষণমিত্যাদিক্রমেণাস্য শাস্ত্রস্য পূর্ব্বাচার্য্যৈর্ব্যাখ্যাতত্বাৎ কিমর্থমিদমারভ্যতে গতার্থত্বাত্তত্রাহ তদর্থেতি। গীতাশাস্ত্রার্থস্য প্রকটীকরণার্থং পদবিভাগস্তদর্থোক্তিঃ সমাসদ্বারা বাক্যার্থনির্দ্দেশস্তত্রাপেক্ষিতোন্যায়শ্চাক্ষেপসমাধানলক্ষণোবৃত্তিকারৈর্দর্শিতস্তথাপি তথাবিধমেব শাস্ত্রং শাস্ত্রপরিচয়শূন্যৈঃ সমুচ্চয়াসমুচ্চয়বাদিভির্ব্বিরুদ্ধার্থত্বেন অনেকার্থত্বেন চ গৃহীতমালক্ষ্য তদ্বুদ্ধিমনুরোদ্ধুমিদমারব্ধব্যমিত্যর্থঃ। যেষাং প্রাচীনে ব্যাখ্যানে বুদ্ধিরপ্রবিষ্টা তেষাং সংপ্রতিতনে এতস্মিন্নসৌ প্রবেক্ষ্যতীতি কুতোনিয়মস্তত্রাহ বিবেকতইতি। পূর্ব্বব্যাখ্যানে তত্তদর্থনির্দ্ধারণার্থোপন্যাসঃ সংকীর্ণত্বাতীতি ন তত্র কেষাঞ্চিন্মনীষা সমুন্মিষতি প্রকৃতে তু সংপ্রকীর্ণতয়া তত্তৎ পদার্থনির্ণযোপযোগিন্যাযোবিম্রিয়তে তেনাত্র মন্দমধ্যমযোরপি বুদ্ধিরবতরতীত্যর্থঃ। কিঞ্চানপেক্ষিতাধিকগ্রন্থসম্ভাবান্ন প্রাচীনে ব্যাখ্যানে শ্রোতৃণাং প্রবৃত্তিরত্র ত্বপেক্ষিতাল্পগ্রন্থে বিবরণে প্রায়শঃ সর্ব্বেষাং প্রবৃত্তিঃ স্যাদিতি মত্বাহ সংক্ষেপতইতি।

ননু অনাপ্তপ্রণীতত্বাদ্যভাবেপি নেদং শাস্ত্রং ব্যাখ্যেয়ং বিষয়াদ্যনুবন্ধস্যানভিহিতত্বেন শাস্ত্রত্বাভাবাদিত্যাশঙ্ক্য সর্ব্বব্যাপারাণাং প্রয়োজনার্থত্বাদাদৌ প্রয়োজনমাহ তস্যেতি। প্রসাধিতপ্রামাণ্যস্য ব্যাখ্যেয়ত্বেন মনসি সন্নিহিতস্য গীতাশাস্ত্রস্য সংক্ষেপতঃ সংগ্রহঃ সম্পিণ্ডিতত্বমেকবাক্যত্বং তেনেদং পরমং ফলং যন্নিশ্চিতং শ্রেয়োনিঃশ্রেয়সং কৈবল্যং অবান্তরফলন্তু তত্র তত্রাবান্তরবাক্যভেদেন মনোনিগ্রহাদি বিবক্ষ্যতে নিঃশ্রেয়সঞ্চ দ্বিবিধং নিরতিশয়সুখাবির্ভাবোনিঃশেষানর্থোচ্ছিত্তিশ্চ তত্রাদ্যমুদাহরতি পরমিতি। দ্বিতীয়ং দর্শয়তি সহেতুকস্যেতি। সংসারোপরমস্যাত্যন্তিকত্বং প্রতিযোগিনঃ সংসারস্য পুনরুৎপত্ত্যযোগ্যত্বং তচ্চ স্বাপমূর্চ্ছাদিব্যবচ্ছেদার্থং বিশেষণং তদেব সাধয়িতুং সহেতুকস্যেত্যুক্তং। উক্তং ফলং সমুচ্চিতাদেকাকিনো বা কর্ম্মণঃ স্যাদিতি তস্যৈব শাস্ত্রপ্রতিপাদ্যতেত্যাশঙ্ক্যাভিধেয়মভিধিৎসমানঃ সমাধত্তে তচ্চেতি। আত্মজ্ঞাননিষ্ঠাশেষত্বেন কর্ম্মনিষ্ঠাত্রোচ্যতে প্রাধান্যেন ত্বাত্মজ্ঞাননিষ্ঠৈবাত্র প্রতিপাদ্যতে ইত্যর্থঃ। ননু শেষিণী নিষ্ঠা কুতোন ভবতি সন্ন্যাসাৎ কর্ম্মনিষ্ঠায়াঃ শেষত্বাত্তত্রাহ সর্ব্বেতি। সন্ন্যাসদ্বারেণাসকৃদনুষ্ঠিতশ্রবণাদেঃ শেষিণী নিষ্ঠা সিদ্ধতি শেষত্বঞ্চ কর্ম্মণস্তত্র পরম্পরায়ত্বমিত্যর্থঃ।

সমস্ত বেদার্থের সার সংগ্রহ স্বরূপ এই গীতা শাস্ত্রের তাৎপর্য্যার্থ অতি দুর্জ্ঞেয়, অতএব অনেকে ইহার অর্থ প্রকাশ করিলেও সাধারণে তাহার বিপরীত অর্থ গ্রহণ করে, ইহা উপলব্ধি করিয়া বিচারত যথাভূত অর্থ নির্দ্ধারণ করিবার নিমিত্তে আমি সংক্ষেপেতে বিবরণ করিতে প্রবৃত্ত হইলাম।

দুঃখাত্মক সংসার হইতে অত্যন্ত উপরতি রূপ যে নির্ব্বাণ মুক্তি তাহাই এ শাস্ত্রের প্রয়োজন। সর্ব্ব কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক জ্ঞাননিষ্ঠারূপ নিবৃত্তি ধর্ম্মানুষ্ঠান হইতে সেই প্র-

শাঙ্করভাষ্যং—উপক্রমণিকা

গীতার্থধর্ম্মমুদ্দিশ্য ভগবতৈবোক্তং সহি ধর্ম্মঃ সুপর্য্যাপ্তোব্রহ্মণঃ পদবেদনং ইত্যনুগীতাসু কিঞ্চান্যদপি তত্রৈবোক্তং নৈব ধর্ম্মী ন চাধর্ম্মী ন চৈব হি শুভাশুভী। যঃ স্যাদেকাসনে লীনস্তূষ্ণীং কিঞ্চিদচিন্তয়ন্। জ্ঞানং সন্ন্যাসলক্ষণমিতিচ। ইহাপি চান্তে উক্তমর্জ্জুনায় সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজেতি। অভ্যুদয়ার্থোপি যঃ প্রবৃত্তিলক্ষণোধর্ম্মো-বর্ণাশ্রমাংশ্চোদ্দিশ্য বিহিতঃ সচ দেবাদিস্থানপ্রাপ্তিহেতুরপি সন্ ঈশ্বরার্পণবুদ্ধ্যানুষ্ঠীয়মানঃ সত্ত্বশুদ্ধয়ে ভবতি ফলাভিসন্ধিবর্জ্জিতঃ, শুদ্ধসত্ত্বস্য চ জ্ঞাননিষ্ঠাযোগ্যতাপ্রাপ্তিদ্বারেণ জ্ঞানোৎপত্তিহেতুত্বেন চ নিঃশ্রেয়সহেতুত্বমপি প্রতিপদ্যতে তথা চেমমর্থমভিসন্ধায় বক্ষ্যতি ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি যতচিত্তাজিতেন্দ্রিয়াঃ। যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে ইতি।

ইমং দ্বিপ্রকারং ধর্ম্মং নিঃশ্রেয়সপ্রয়োজনং পরমার্থতত্ত্বঞ্চ বাসুদেবাখ্যং পরব্রহ্মাভিধেয়-

আনন্দগিরিকৃতটীকা

ননু যজ্ঞদানতপঃকর্ম্ম ন ত্যাজ্যং কার্য্যমেবতদিতি বাক্যশেষাৎ সমুচ্চিতমাত্মজ্ঞানমত্র প্রতিপাদ্যতে নেত্যাহ তথেতি। সর্ব্বকর্ম্মসন্ন্যাসপূর্ব্বকমাত্মজ্ঞাননিষ্ঠারূপং ধর্ম্মং নিঃশ্রেয়সসাধনং প্রয়োজনং প্রাগুক্তং পরামৃশতি ইমমেবেতি। বক্তৃভেদাদভিপ্রায়ভেদাশঙ্কাং বারয়তি ভগবতৈবেতি। উক্তমনুগীতাস্বিতি সম্বন্ধঃ, ব্রহ্মণঃ পদং পূর্ব্বোক্তং নিঃশ্রেয়সং তস্য বেদনং লাভস্তত্র বিশিষ্টোজ্ঞাননিষ্ঠারূপোধর্ম্মঃ সমর্থো ভবতীত্যর্থঃ। যজ্ঞদানাদিবাক্যস্য তু তদ্ব্যাখ্যানাবসরে তাৎপর্য্যং বক্ষ্যতে। কর্ম্মত্যাগস্য ভগবতোভিপ্রেতত্বে বাক্যান্তরমনুগীতাগতমেবোদাহরতি তত্রৈবেতি। ধর্ম্মাধর্ম্মাপূর্ব্বাসংসর্গিত্বে হেতুমাহ নৈবেতি। ক্রিয়াদ্বয়সম্বন্ধাভাবাত্তন্নির্ব্বৃত্ত্যাপূর্ব্বাভ্যাসসম্বন্ধে প্রাপ্তমর্থমাহ যঃস্যাদিতি। বাগাদিবাহ্যকরণব্যাপারবিরহিতত্বং তূষ্ণীমিত্যুচ্যতে কিঞ্চিদচিন্তয়ন্নিত্যন্তঃকরণব্যাপারাভাবোভিপ্রেতঃ দ্বিবিধকরণব্যাপারবিরহিতঃ সন্ প্রাগুক্তোযোধিকারী কেবলমেকস্মিন্নদ্বিতীয়ে ব্রহ্মণ্যাসনমবস্থানং তত্র লীনস্তস্মিন্নেব সমাপ্তিভাগী স্যাত্তস্যাসংপ্রজ্ঞাতসমাধিনিষ্ঠস্য সর্ব্বকর্ম্মত্যাগহেতুকং জ্ঞানং মুক্তিহেতুর্ভবতীত্যর্থঃ। ন কেবলমনুগীতাস্বেব যথোক্তং জ্ঞানমুক্তং কিন্তু প্রকৃতেপি শাস্ত্রে সমাপ্ত্যবসরে দর্শিতমিত্যাহ ইহাপীতি। ননুত্র নিবৃত্তিলক্ষণধর্ম্মাত্মকং সসন্ন্যাসমাত্মজ্ঞানমেব ন প্রতিপাদ্যতে কর্ত্তু কর্ম্মৈব তস্মাত্তু ইত্যাদৌ প্রবৃত্তিলক্ষণস্যাপি ধর্ম্মস্য বক্ষ্যমাণত্বাদ্ধর্ম্মযোশ্চ প্রকৃতত্বাবিশেষাত্তত্রাহ অভ্যুদয়ার্থোপীতি। ননু বর্ণিভিরাশ্রমিভিশ্চানুষ্ঠেয়ত্বেনান্যত্র বিহিতস্যাপি তস্য ন যুক্তং মোক্ষসাধনত্বাধিকারে বিধানং দেবাদিস্থানপ্রাপ্তিহেতুত্বেন মোক্ষং প্রতি প্রতিপক্ষত্বাৎ সত্যং তথাপি ফলাভিলাযমন্তরেণেশ্বরার্পণধিয়া কৃতস্য বুদ্ধিশুদ্ধিহেতুত্বাত্তস্যেহ বচনমিত্যাহ সচ দেবাদাতি। ফলাভিসন্ধিদ্বারা কৃতঃ সন্নিতি শেষঃ। প্রবৃত্তিলক্ষণধর্ম্মস্যোক্তরীত্যা চিত্তশুদ্ধিহেতুত্বেপি মোক্ষহেতুত্বেন কুতামোক্ষাধিকারে নির্দ্দেশঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ শুদ্ধেতি। প্রতিপাদ্যতে প্রাগুক্তোধর্ম্মইতি শেষঃ। যদুক্তং ফলাভিসন্ধিবর্জ্জিতমীশ্বরার্পণবুদ্ধ্যানুষ্ঠিতং কর্ম্ম বুদ্ধিশুদ্ধয়ে ভবতীতি তত্র বাক্যশেষমনুকূলয়তি তথাচেতি।

শাস্ত্রস্যপ্রয়োজনং সসাধনমুক্তমনূদ্য বিষয়ং দর্শয়তি ইমমিতি। দর্শিতেন ফলেন শাস্ত্রস্য নিষ্ঠাদ্বয়দ্বারা সাধ্যসাধনভাবঃ সম্বন্ধোবিষয়েণ বি-

য়োজন সিদ্ধ হয়, অনুগীতা প্রভৃতিতে ভগবান্ স্বয়ং এই সকল অভিপ্রায় প্রমাণ রূপে ব্যক্ত করিয়াছেন। তবে যে বর্ণাশ্রম উদ্দেশ করিয়া জগতের স্থিতি সাধন কর্ম্ম নিষ্ঠারূপ প্রবৃত্তি লক্ষণ ধর্ম্ম ইহাতে কোন কোন স্থলে উক্ত হইয়াছে, তাহা দেবাদি লোক প্রাপ্তি সাধন হইয়াও ঈশ্বরার্পণ বুদ্ধিতে অনুষ্ঠিত হইলে চিত্তশুদ্ধি সহকারে জ্ঞান নিষ্ঠা যোগ্যতা দ্বারা নির্ব্বাণ মুক্তির সাধন হয়, ইহা ইহাতেই পশ্চাৎ উক্ত হইবে।

এইরূপ নির্ব্বাণ মুক্তির হেতুভুত দুই প্রকার ধর্ম্ম ও বাসুদেবাখ্য পরব্রহ্ম রূপ পরমার্থ তত্ত্ব বিশেষ রূপে অভিব্যক্ত করত অসাধারণ প্রয়োজন, অভিধেয় ও সম্বন্ধ বিশিষ্ট এই

শাঙ্করভাষ্যং—উপক্রমণিকা

ভূতং বিশেষতোঽভিব্যঞ্জয়ন্ বিশিষ্টপ্রয়োজনসম্বন্ধাভিধেয়বদ্গীতাশাস্ত্রং যতস্তদর্থবিজ্ঞানেন সমস্তপুরুষার্থসিদ্ধিরতস্তদ্বিবরণে যত্নঃ ক্রিয়তে ময়া, অত্র চ ধৃতরাষ্ট্রউবাচ ধর্ম্মক্ষেত্রইত্যাদি।

আনন্দগিরিকৃতটীকা

ষযবিষযিত্বমিতি বিবক্ষিত্বাহ বিশেষতইতি। এ-বমনুবন্ধত্রযবিশিষ্টং শাস্ত্রং ব্যাখ্যানার্হমিত্যুপ-সংহরতি বিশিষ্টেতি। সিদ্ধে ব্যাখ্যানযোগ্যত্বে ব্যাখ্যেযত্বে ফলিতমাহ যতইতি। এবং গীতাশা-স্ত্রস্য সাধ্যসাধনভূতনিষ্ঠাদ্বযবিষযস্য পরাপরা-

আনন্দগিরিকৃতটীকা

ভিধেযপ্রযোজনবতোব্যাখ্যেযত্বং প্রতিপাদ্য ব্যাখ্যাতুকামঃ শাস্ত্রং তদেকদেশস্য প্রথমাধ্যা-যস্য দ্বিতীযাধ্যাযৈকদেশসহিতস্য তাৎপর্য্যমাহ অত্র চেতি। গীতাশাস্ত্রে প্রথমাধ্যাযে প্রথমশ্লো-কে কথাসম্বন্ধপ্রদর্শনপরে স্থিতে সতীতি যাবৎ।

গীতাশাস্ত্রের অর্থজ্ঞানে যেহেতু সমস্ত পুরুষার্থ সিদ্ধি হয়, সেই হেতু ইহার তাৎপর্য্য ব্যাখ্যা করিতে আমি যত্ন করিতেছি। এতদ্বিষয়ে ধৃতরাষ্ট্র কহিয়াছেন, হে সঞ্জয়! ইত্যাদি।

স্বামিকৃতটীকা—উপক্রমণিকা

শেষাশেষমুখব্যাখ্যাচাতুর্য্যন্ত্বেকবক্তৃতঃ। দধানমদ্ভুতং বন্দে পরমানন্দমাধবং ।১। শ্রীমাধবং প্রণম্যোমাধবং বিশ্বেশমাদরাৎ। তদ্ভক্তিযন্ত্রিতঃ কুর্ব্বে গীতাব্যাখ্যাং সুবোধিনীং ।২। ভাষ্যকারমতং সম্যক্ তদ্ব্যাখ্যাতুর্গিরস্তথা। যথামতি সমালোক্য গীতাব্যাখ্যাং সমারভে ।৩। গীতা ব্যাখ্যাযতে যস্যাঃ পাঠমাত্রাদযত্নতঃ। সেযং সুবোধিনী টীকা সদা ধ্যেযা মনীষিভিঃ ।৪।

ইহ খলু সকললোকহিতাবতারঃ পরমকারুণিকোভগবান্ দেবকীনন্দনস্তত্ত্বাজ্ঞানবিজৃম্ভিতশোকমোহভ্রংশিতবিবেকতযা নিজধর্ম্মপরি-

স্বামিকৃতটীকা—উপক্রমণিকা

ত্যাগপরধর্ম্মাভিসন্ধিনমর্জ্জুনং ধর্ম্মজ্ঞানরহস্যোপদেশপ্লবেন তস্মাচ্ছোকমোহসাগরাদুদ্ধধার। তমেব ভগবদুপাদিষ্টমর্থং কৃষ্ণদ্বৈপাযনঃ সপ্তভিঃ শ্লোকশতৈরুপনিববন্ধ। তত্র চ প্রাযশঃ শ্রীকৃষ্ণমুখাদ্বিনিঃসৃতানেব শ্লোকানলিখৎ কাংশ্চিৎ তৎসঙ্গতযে স্বযঞ্চ ব্যরচযৎ, যথোক্তং গীতামাহাত্ম্যে গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ। যা স্বযং পদ্মনাভস্য মুখপদ্মাদ্বিনিঃসৃতেত্যাদি। অত্র তাবদ্ধর্ম্মক্ষেত্রইত্যাদিনা বিষাদন্নিদমব্রবীদিত্যন্তেন গ্রন্থেন শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদপ্রস্তাবায কথা নিরূপ্যতে।

অনন্ত অশেষ মুখে, যে বাক্য কৌশল রাখে, সে চাতুর্য্য এক মুখে করি। ধারণ করিলা যিনি, তাহারে বন্দিব আমি, আনন্দ স্বরূপ সেই হরি ।১। রমাপতি উমাপতি, উভয় ঈশ্বরে অতি, আদরেতে করিয়া প্রণাম। সেই ভক্তি বশীভূত, হইয়া করি রচিত, গীতা অর্থ সুবোধিনী নাম ।২। ভাষ্যরাকাচার্য্য মত, তার অর্থ বাক্য যত, যথা মতি করি আলোচন। শ্রীকৃষ্ণ মুখ নির্গত, ভগবদ্গীতা অর্থ, বলিবারে করি আরম্ভণ ।৩। গীতা ব্যাখ্যা হয় যাতে, পাঠ মাত্রে অযত্নেতে, সেই টীকা এই সুবোধিনী। করি স্বামী পদাশ্রয়, দ্বিজ হিতলাল কয়, সুবোধিনী অর্থ হিতৈষিণী। ৪।

নিশ্চয় ইহ সংসারের সমস্ত লোকের হিতার্থে অবতীর্ণ পরম কৃপালু ভগবান্ দেবকী নন্দন শ্রীকৃষ্ণ তত্ত্ববিষয়ক অজ্ঞানের বাহুল্য প্রযুক্ত শোক মোহ দ্বারা ভ্রষ্ট বিবেক অর্থাৎ স্বীয় ক্ষত্রিয় ধর্ম্ম পরিত্যাগী অথচ তদ্বিপরীত বিপ্রধর্ম্ম গ্রহণেচ্ছুক অর্জ্জুন মহাশয়কে যে গোপ্য ধর্ম্মজ্ঞানোপদেশ রূপ নৌকা দ্বারা উক্ত শোক মোহ সমুদ্র হইতে উদ্ধার করিয়াছিলেন, সেই ভগবদুপদিষ্ট অর্থ সকল কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস মহাশয় সপ্ত শত শ্লোক দ্বারা এই গীতা নিবদ্ধ করেন। তাহাতে প্রায় সমস্তই শ্রীকৃষ্ণ মুখ নির্গত শ্লোক লিখিয়া কোন কোন স্থানে তাহার সঙ্গতির জন্য স্বয়ং রচনাও করিয়া দিয়াছেন। তথাহি গীতা মাহাত্ম্যে, যে গীতা সেই পদ্মনাভ শ্রীকৃষ্ণের মুখপদ্ম হইতে নির্গত হইয়াছে তাহাই সুস্বরে গান করা কর্ত্তব্য অন্য শাস্ত্রে কি প্রয়োজন ইত্যাদি। এক্ষণে ধর্ম্মক্ষেত্র ইত্যাদি প্রথম শ্লোকাবধি বিষীদন্নিদমব্রবীৎ এই সপ্তবিংশতি শ্লোক পর্য্যন্ত গ্রন্থের দ্বারা শ্রীকৃষ্ণ এবং অর্জ্জুনের সংবাদের প্রস্তাব কথা নিরূপণ [illegible]মাত্র।

শ্রীমদ্ভগবদ্গীতা

প্রথমাধ্যায়ঃ

ধৃতরাষ্ট্রউবাচ। ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতাযুযুৎসবঃ। মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয়।১। সঞ্জযউবাচ। দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢং দুর্য্যোধনস্তদা। আচার্য্যমুপসঙ্গম্য রাজা বচনমব্রবীৎ।২।

আনন্দগিরিটীকা

তত্রৈবমক্ষরযোজনা ধৃতরাষ্ট্রউবাচেতি। ধৃতরাষ্ট্রোহি প্রজ্ঞাচক্ষুর্ব্বাহ্যচক্ষুরভাবাদ্বাহ্যমর্থং প্রত্যক্ষযিতুমনীশঃ সন্নভ্যাসবর্ত্তিনং সঞ্জযমাত্মনোহিতোপদেষ্টারং পৃচ্ছতি ধর্ম্মক্ষেত্রইতি। ধর্ম্মস্য তদ্বন্ধেশ্চ ক্ষেত্রমভিবৃদ্ধিকারণং যদুচ্যতে কুরুক্ষেত্রমিতি তত্র সমবেতাঃ সঙ্গতাঃ যুযুৎসবোযোদ্ধুকামাস্তে চ কেচিন্মদীযাঃ দুর্য্যোধনপ্রভৃতযঃ পাণ্ডবাশ্চাপরে যুধিষ্ঠিরাদযস্তে চ সর্ব্বে যুদ্ধভূমৌ সঙ্গতাঃ ভূত্বা কিং অকুর্ব্বত কৃতবন্তঃ।১।

কিমস্মদীযং প্রবলং বলং প্রতিলভ্য ধীরপুরুষৈর্ভীষ্মাদিভিরধিষ্ঠিতং পরেষাং ভযমাবিরভূৎ যদ্বা পক্ষদ্বযহিংসানিমিত্তাধর্ম্মভযমাসী-

স্বামিকৃতটীকা

ধৃতরাষ্ট্রউবাচ ধর্ম্মক্ষেত্রইত্যাদি। ভোঃ সঞ্জয! ধর্ম্মভূমৌ কুরুক্ষেত্রে ধর্ম্মক্ষেত্রইতি কুরুক্ষেত্রবিশেষণং, এষামাদিপুরুষঃ কশ্চিৎ কুরুনামা বভূব তস্য কুরোর্ধর্ম্মস্থানে মামকাঃ মৎপুত্রাঃ পাণ্ডুপুত্রাশ্চ যুযুৎসবোযোদ্ধুমিচ্ছন্তঃ সমবেতাঃ মিলিতাঃ সন্তঃ কিমকুর্ব্বত কিং কৃতবন্তঃ।১।

সঞ্জযউবাচ দৃষ্ট্বেত্যাদি। পাণ্ডবানামনীকং সৈন্যং ব্যূঢং ব্যূহরচনযাধিষ্ঠিতং দৃষ্ট্বা দ্রোণাচার্য্যসমীপং গত্বা রাজা দুর্য্যোধনোবক্ষ্যমাণং বচনমুবাচ।২।

ধৃতরাষ্ট্র কহিলেন, হে সঞ্জয়! ধর্ম্মভূমি রূপ যে কুরুক্ষেত্র (এতাবতা ধর্ম্মক্ষেত্র শব্দ কুরুক্ষেত্র স্থানের বিশেষণ প্রশংসা পদ মাত্র, অর্থাৎ ইহাঁরদিগের আদি পুরুষ কুরু নামক কেহ ছিলেন,সেই কুরুর ধর্ম্ম স্থান) উক্ত কুরুক্ষেত্র নামক স্থানে আমার পুত্র দুর্য্যোধনাদি এবং পাণ্ডু পুত্র যুধিষ্ঠিরাদি সকলে যুদ্ধেচ্ছায় একত্রিত হইয়া কি করিতেছেন॥ ১॥

সঞ্জয় কহিলেন, যে পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরাদির সৈন্য দল ব্যূহাকারে অর্থাৎ যুদ্ধের সজ্জায় দণ্ডায়মান দেখিয়া দ্রোণাচার্য্যের নিকট গমন করত রাজা দুর্য্যোধন এই কথা কহিয়াছিলেন॥ ২॥

পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য মহতীং চমূং।
ব্যূঢাং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা।৩।
অত্র শূরামহেষ্বাসাভীমার্জ্জুনসমাযুধি।
যুযুধানোবিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ।৪।

আনন্দগিরিটীকা

যেন এতে যুদ্ধাদুপরমেরন্নিতি, এবং পুত্রপরবশস্য পুত্রস্নেহাভিনিবিষ্টস্য ধৃতরাষ্ট্রস্য প্রশ্নে সঞ্জয়স্য প্রতিবচনং দৃষ্ট্বেত্যাদি। পাণ্ডবানাং ভয়প্রসঙ্গোনাস্তীত্যেতত্তুশব্দেন দ্যোত্যতে প্রত্যুত দুর্য্যোধনস্যৈব রাজ্ঞোভয়ং প্রভূতং প্রাদুর্ব্বভূব পাণ্ডবানাং পাণ্ডুসুতানাং যুধিষ্ঠিরাদীনামনীকং সৈন্যং ধৃষ্টদ্যুম্নাদিভিরতিধৃষ্টৈর্ব্যূহ্যাধিষ্ঠিতং দৃষ্ট্বা প্রত্যক্ষেণ প্রতীত্য ত্রস্তহৃদয়োদুর্য্যোধনোরাজা তদা তস্যাং সংগ্রামোদ্যোগাবস্থায়ামাচার্য্যং দ্রোণনামানমাত্মনঃ শিক্ষিতারং রক্ষিতারঞ্চ শ্লাঘয়ন্নুপসংগম্য তদীয়ং সমীপং বিনয়েন প্রাপ্য ভয়োদ্বিগ্নহৃদয়ত্বেপি তেজস্বিত্বাদেব বচনমর্থসহিতং বাক্যমুক্তবানিত্যর্থঃ।২।

তদেব বচনমুদাহরতি পশ্যেতি। এতামস্মদভ্যাসে মহাপুরুষানপি ভবৎপ্রমুখানপরিগণয্য ভয়লেশশূন্যামবস্থিতাং চমূমিমাং সেনাং পাণ্ডুপুত্রৈর্যুধিষ্ঠিরাদিভিরানীতাং মহতীমনেকাক্ষৌহিণীসহিতামক্ষোভ্যাং পশ্যেত্যাচার্য্যং দুর্য্যোধনোনিযুংক্তে,নিয়োগদ্বারা চ তস্মিন্ পরেষামবজ্ঞাং বিজ্ঞাপয়ন্ ক্রোধাতিরেকমুৎপাদয়িতুমুৎসহতে। পরকীয়সেনায়াবৈশিষ্ট্যাভিধানদ্বারা পরাপরপক্ষেপি ত্বদীয়মেব বলমিতি সূচয়ন্নাচার্য্যস্য তন্নিরসনং সুকরমিতি মন্বানঃ সন্নাহ ব্যূঢামিতি। রাজ্ঞোদ্রুপদস্য পুত্রস্তব শিষ্যোধৃষ্টদ্যুম্নোলোকে খ্যাতিমুপগতঃ স্বয়ঞ্চ শস্ত্রাস্ত্রবিদ্যাসম্পন্নোমহামহিমঃ তেন ব্যূহমাপাদ্যাধিষ্ঠিতামিমাঞ্চমূং কিমিতি ন প্রতিপদ্যসে কিমিতি বা মৃষ্যস্যর্থঃ।৩।

অন্যেপি প্রতিপক্ষে পরাক্রমভাজোবহবঃ সন্তীত্যনুপেক্ষণীয়ত্বং পরপক্ষস্য বিবক্ষন্নাহ অত্রেতি। তস্যাং হি প্রতিপক্ষভূতায়াং সেনায়াং শূরাঃ স্বয়মভীরবঃ শস্ত্রাস্ত্রকুশলাঃ ভীমার্জ্জুনাভ্যাং সর্ব্বসম্প্রতিপন্নবীর্য্যাভ্যাং তুল্যাঃ যুদ্ধভূমাবুপলভ্যন্তে। তেষাং যুদ্ধশৌণ্ডীর্য্যং বিষয়ীকর্ত্তুং বিশিনষ্টি মহেষ্বাসাইতি। ইষবস্যন্তে ক্ষিপ্যন্তে ইতি ব্যুৎপত্ত্যা ধনুস্তদুচ্যতে তচ্চ মহদন্যৈরপ্রধৃষ্যং যেষাং তে রাজানস্তথা বিবক্ষ্যন্তে। তানেব পরসেনামধ্যমধ্যাসীনান্ পরপক্ষানুরাগিণোরাজ্ঞোবিজ্ঞাপয়তি যুযুধানইত্যাদিনা সৌভদ্রোদ্রৌপদেয়াশ্চেত্যন্তেন।৪।

স্বামিকৃতটীকা

তদেব বচনমাহ পশ্যৈতামিত্যাদিনবভিঃ শ্লোকৈঃ,পশ্যেত্যাদি। হে আচার্য্য! পাণ্ডবানাং মহতীং বিততাং চমূং সেনাং পশ্য,তব শিষ্যেণ দ্রুপদপুত্রেণ ধৃষ্টদ্যুম্নেন ব্যূঢাং ব্যূহরচনয়াধিষ্ঠিতাং।৩।

অত্রেত্যাদি। অত্রাস্যাং চম্বাং ইষবোবাণা অস্যন্তে ক্ষিপ্যন্তে এভিরিতি ইষ্বাসাধনূংষি, মহান্তইষ্বাসাযেষাং তে মহেষ্বাসাঃ, ভীমার্জ্জুনৌ তাবদত্রাতিপ্রসিদ্ধৌ যোদ্ধারৌ তাভ্যাং সমাঃ শূরাঃ সন্তি। তানেব নামভির্নির্দ্দিশতি যুযুধান ইতি। যুযুধানঃ সাত্যকিঃ।৪।

সেই দুর্য্যোধনের বাক্য সকল নয় শ্লোক দ্বারা কহিতেছেন, হে আচার্য্য! পাণ্ডুপুত্রগণের বিস্তৃত মহৎ সৈন্য দল দৃষ্টি করুন, ইহারা তোমার শিষ্য দ্রুপদ পুত্র ধৃষ্টদ্যুম্ন কর্ত্তৃক ব্যূহ রচনা পূর্ব্বক যুদ্ধের সজ্জায় দণ্ডায়মান রহিয়াছে।৩।

'মহেষ্বাস' শব্দার্থ মহাধনুর্দ্ধারী,অর্থাৎ ইষু শব্দার্থ বাণ,যদ্দ্বারা তাহা নিঃক্ষিপ্ত হয়, তাহার নাম ইষ্বাস অর্থাৎ ধনুক,তদ্বিশিষ্ট ব্যক্তি। অতএব এই সৈন্য দলমধ্যে মহাধনুর্দ্ধর অথচ অতিপ্রসিদ্ধ যোদ্ধা যে ভীম ও অর্জ্জুন, তাঁহারদের তুল্য অন্যান্য যে সকল যোদ্ধারা আছেন, তাঁহারদের সকলের নাম কহিতেছেন, মহারথ, সাত্যকি, বিরাট্ এবং দ্রুপদ রাজা।৪।

ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্ ।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ সৈব্যশ্চ নরপুঙ্গবঃ ।৫।
যুধামন্যুশ্চ বিক্রান্তউত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রোদ্রৌপদেয়াশ্চ সর্ব্বএব মহারথাঃ ।৬।
অস্মাকন্তু বিশিষ্টাযে তান্নিবোধ দ্বিজোত্তম।
নায়কামম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ।৭।

আনন্দগিরিটীকা

কিঞ্চ ধৃষ্টকেতুরিতি। স্পষ্টং।৫।

তেষাং সর্ব্বেষামপি মহাবলপরাক্রমভাক্ত্বা-দনুপেক্ষ্যত্বং পুনর্ব্বিবক্ষতি সর্ব্বএবেতি।৬।

যদ্যেবং পরকীয়ং বলমতিপ্রভূতং প্রতীত্যা-তিভীতবদভিদধাসি হন্ত সন্ধিরেব পরৈরিষ্যতা-মলং বিগ্রহাগ্রহেণেত্যাচার্য্যাভিপ্রায়মাশঙ্ক্য স্রু-বীতি অস্মাকমিতি। তু শব্দেনান্তরুৎপন্নমপি স্বকীয়ং ভয়ং তিরোদধানোধৃষ্টতামাত্মনোদ্যো-তযতি, যেখলুস্মৎপক্ষে ব্যবস্থিতাঃ সর্ব্বেভ্যঃ স-মুৎকর্ষজুষস্তান্মযোচ্যমানান্নিবোধ নিশ্চয়েন মদ্ব-চনাদবধারয়েত্যর্থঃ। যদ্যপি ত্বমেব ত্রৈবর্ণি-কেষু ত্রৈবিদ্যবৃদ্ধেষু প্রধানত্বাৎ প্রতিপত্তুং প্রভবসি তথাপি মদীয়সৈন্যস্য যে মুখ্যাস্তান-হং তে তুভ্যং সংজ্ঞার্থমসংখ্যেয়ু তেষু মধ্যে কতি-চিন্নামভির্গৃহীত্বা পরিশিষ্টানুপলক্ষযিতুং বিজ্ঞা-পনং করোমি নত্বজ্ঞাতং কিঞ্চিত্তব জ্ঞাপয়ামীতি মত্বাহ দ্বিজোত্তমেতি।৭।

স্বামিকৃতটীকা

কিঞ্চ ধৃষ্টকেতুরিতি। চেকিতানোনাম একো-রাজা, নরপুঙ্গবঃ নরশ্রেষ্ঠঃ সৈব্যঃ।৫।

যুধামন্যুরিতি। বিক্রান্তোযুধামন্যুর্নামৈকঃ, সৌভদ্রোঽভিমন্যুঃ, দ্রৌপদেয়াঃ দ্রৌপদ্যাং পঞ্চভ্যোযুধিষ্ঠিরাদিভ্যোজাতাঃ পুত্রাঃ প্রতিবি-ন্ধ্যাদয়ঃ পঞ্চ। মহারথাদীনাং লক্ষণং, একোদ-শসহস্রাণি যোধয়েদ্যস্তু ধন্বিনাং শস্ত্রশাস্ত্রপ্র-বীণশ্চ মহারথইতি স্মৃতঃ। অমিতান্ যোধয়ে-দ্যস্তু সংপ্রোক্তোতিরথস্তু সঃ। রথী চৈকেন যো-যোদ্ধা তন্ন্যনোর্দ্ধরথস্তুসঃ।৬।

অস্মাকমিতি। নিবোধ বুধ্যস্ব, নায়কানেতারঃ, সংজ্ঞার্থং সম্যক্ জ্ঞানার্থমিত্যর্থঃ।৭।

অপর ধৃষ্টকেতু, চেকিতান নামে এক রাজা, বলবান্ কাশীরাজ, পুরুজিৎ রাজা, কুন্তি ভোজ ও সৈব্য, ইহাঁরা সকলেই নর শ্রেষ্ঠ ।৫।

বলিষ্ঠ যুধামন্যু নামে এক জন, আর বলবান্ উত্তমৌজা নামে এক জন, আর সুভদ্রার পুত্র অভিমন্যু ও দ্রৌপদীর গর্ভে যুধিষ্ঠিরাদি পাঁচ জনের ঔরসে জাত প্রতিবিন্ধ্যাদি পাঁচ জন, ইহাঁরা সকলেই মহারথ। মহারথাদির লক্ষণ এই, যে ব্যক্তি অস্ত্র শস্ত্র প্রবীণ হইয়া দশ সহস্র ধনুর্ধারী যোদ্ধার সহিত একাকী যুদ্ধে সমর্থ হয়েন তাঁহাকেই মহারথ শব্দে শাস্ত্রে কহে, আর অপরিমিত যোদ্ধার সহিত যিনি যুদ্ধে সমর্থ হয়েন সেই ব্যক্তি অতিরথ শব্দে কথিত হয়েন, এবং একের সহিত যোদ্ধা যে ব্যক্তি তিনি রথী পদ বাচ্য, ও তাহা হইতে ন্যূন ব্যক্তিকে অর্দ্ধরথ বলাযায় ।৬।

নিবোধ শব্দার্থ এই যে, বোধ বিশিষ্ট হও। নায়ক শব্দার্থ, প্রধান সেনা। সংজ্ঞার্থ শ-ব্দার্থ, সম্যক্ জানিবার কারণ, এতাবতা সুবোধনার্থ মাত্র। বিশেষ এই যে, হে দ্বিজশ্রেষ্ঠ! আমারদিগের সৈন্যের মধ্যে যাঁহারা প্রধান যোদ্ধা এক্ষণে তাঁহারদিগের নাম তোমার সম্যক্ জানিবার নিমিত্ত কহিতেছি ।৭।

ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তির্জয়দ্রথঃ। ৮।
অন্যে চ বহবঃ শূরামদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ। ৯।
অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতং।
পর্য্যাপ্তন্ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতং। ১০।

আনন্দগিরিটীকা

তানেব স্বসেনানিবিষ্টান্ পুরুষধৌরেযানা-ত্মীযভযপরিহারার্থং পরিগণযতি ভবানিত্যা-দিনা। ৮।

দ্রোণাদিপরিগণনস্য পরিশিষ্টপরিসংখ্যা-র্থত্বং ব্যাবর্ত্তযতি অন্যেচেতি। সর্ব্বেপি ভবন্ত-মারভ্য মদীযপৃতনাযাং প্রবিষ্টাঃ স্বজীবিতা-দপি মহ্যং স্পৃহযন্তীত্যাহ মদর্থইতি। যত্তু তেষাং শূরত্বমুক্তং তদিদানীং বিষদযতি না-নেতি। নানাবিধান্যনেকপ্রকারাণি শস্ত্রাণ্যা-যুধানি প্রহরণানি প্রহরণসাধনানি যেষাং তে তথা। বহুবিধাযুধসম্পন্নত্বেপি তৎপ্রযোগে নৈপু-ণ্যাভাবে তদ্বৈফল্যমিতি চেন্নেত্যাহ সর্ব্বইতি।৯।

রাজা পুনরপি স্বকীযভযাভাবে হেত্বন্তরমা-চার্য্যং প্রত্যাবেদযতি অপর্য্যাপ্তমিতি। অস্মা-কং খল্বিদমেকাদশসংখ্যকাক্ষৌহিণীপরিগণিত-মপরিমিতং বলং ভীষ্মেণ চ প্রথিতমহামহি-ম্না সূক্ষ্মবুদ্ধিনা সর্ব্বতোরক্ষিতং পর্য্যাপ্তং প-রেষাং পরিভবে সমর্থং, এতেষাং পুনস্তদল্পং স-প্তসংখ্যকাক্ষৌহিণীপরিমিতং বলং ভীমেন চ চপলবুদ্ধিনা কুশলতাবিকলেন পরিপালিতমপ-র্য্যাপ্তমস্মানভিভবিতুমসমর্থমিত্যর্থঃ, অথবা ত-দিদমস্মাকং বলং ভীষ্মাধিষ্ঠিতমপর্য্যাপ্তমপ-রিমিতমধৃষ্যমক্ষোভ্যমেতেষাং পাণ্ডবানাং বলং ভীমেনাভিরক্ষিতং পর্য্যাপ্তং পরিমিতংসোঢ়ুং শক্যমিত্যর্থঃ, অথবা তৎ পাণ্ডবানাং বলম-পর্য্যাপ্তং নালমস্মাকমস্মভ্যং ভীষ্মাভিরক্ষিতং ভীষ্মেণাভিরক্ষিতোঽস্মৈ পরবলনিবৃত্ত্যর্থমিতি তদেব তথোচ্যতে, ইদং পুনরস্মদীযং বলমেতে-ষাং পাণ্ডবানাং পর্য্যাপ্তং পরিভবে সমর্থং ভীমাভিরক্ষিতং ভীমোদুর্ব্বলহৃদযোযস্মাদস্মৈ পরবলনিবৃত্ত্যর্থমভিরক্ষিতঃ তস্মাদস্মাকং ন কি-ঞ্চিদপি ভযকারণমস্তীত্যর্থঃ। ১০।

আনন্দগিরিটীকা

স্বামিকৃতটীকা

তানেবাহ ভবানিতি দ্বাভ্যাং। ভবান্ দ্রোণঃ সমিতিং সংগ্রামং জযতীতি তথা, সৌমদ-ত্তিঃ সোমদত্তস্য পুত্রোভূরিশ্রবাঃ। ৮।

মদর্থে মৎপ্রযোজনার্থং জীবিতং ত্যক্তুমধ্য-বসিতাইত্যর্থঃ, নানা অনেকানি শস্ত্রাণি প্রহর-ণসাধনানি যেষাং তে যুদ্ধে বিশারদানিপুণাঃ। ৯

ততঃ কিমতআহ অপর্য্যাপ্তমিত্যাদি। তত্ত-থাভূতৈবীরৈর্যুক্তমপি ভীষ্মেণাভিরক্ষিতমপি অস্মাকং বলং সৈন্যং অপর্য্যাপ্তং তৈঃ সহ যো-দ্ধুমসমর্থং ভাতি, ইদন্ত্বেতেষাং পাণ্ডবানাং বলং ভীমাভিরক্ষিতং সৈন্যং পর্য্যাপ্তং সমর্থং ভাতি। ১০।

তাহাই এই দুই শ্লোক দ্বারা কহিতেছেন, সংগ্রাম বিজয়ী আপনি দ্রোণাচার্য্য, আর ভীষ্ম, কর্ণ, কৃপাচার্য্য, অশ্বত্থামা, বিকর্ণ, ও সোমদত্তের পুত্র ভূরিশ্রবা, আর জয়দ্রথ। ৮।

এতদতিরিক্ত অন্যান্য অনেক শূর সকল যাঁহারা আমার [illegible]জনার্থে জীবন ত্যাগের নিশ্চয় করিয়াছেন, এবং নানা প্রকার প্রহরণ সমর্থ শস্ত্রে যাঁহারদের সাধনা আছে, সেই যুদ্ধ বিশারদ নিপুণ লোক সকল এ পক্ষে আছেন। ৯।

তদনন্তর দুর্য্যোধন যাহা কহিলেন তাহাই কহিতেছেন যে, এবম্ভূত বীর সকলেতে যুক্ত ও ভীষ্ম কর্ত্তৃক রক্ষিত হইয়াও আমারদের সৈন্য সকল অপর্য্যাপ্ত অর্থাৎ পা-ণ্ডব সেনার সহিত যুদ্ধ করিতে অসমর্থ বোধ হইতেছে, কিন্তু বিপক্ষ পাণ্ডব দিগের পক্ষী-য় ভীমের দ্বারা রক্ষিত এই সৈন্য সকল পর্য্যাপ্ত অর্থাৎ সমর্থ বোধ হয়। ১০।

অযনেষু চ সর্ব্বেষু যথাভাগমবস্থিতাঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব্বএব হি।১১।
তস্য সংজযন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্।১২।
ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ।
সহসৈবাভ্যহন্যন্তঃ সশব্দস্তুমুলোঽভবৎ।১৩।

আনন্দগিরিটীকা

স্বকীযবলস্য ভীষ্মাধিষ্ঠিতত্বেন বলিষ্ঠত্বমুক্ত্বা ভীষ্মশেষত্বেন তদনুগুণত্বং দ্রোণাদীনাং প্রার্থ্যতে অযনেষ্বিতি। কর্ত্তব্যবিশেষদ্যোতী চ শব্দঃ, সমরসমারম্ভসময়ে যোদ্ধানাং যথাপ্রধানং যুদ্ধভূমৌ পূর্ব্বাপরাদিদিগ্বিভাগেনাবস্থিতিস্থানানি নিযম্যন্তে তান্যত্রাযনান্যুচ্যন্তে সেনাপতিশ্চ সর্ব্বসৈন্যমধিষ্ঠায মধ্যে তিষ্ঠতি তেষু সর্ব্বেষু প্রক্লৃপ্তং প্রবিভাগমপ্রত্যাখ্যায ভবানশ্বত্থামা কর্ণশ্চেত্যেবমাদযোভবন্তঃ সর্ব্বেবস্থিতাঃ সন্তোভীষ্মমেব সেনাপতিং সর্ব্বতোরক্ষন্তু তস্য হি রক্ষণে সর্ব্বমস্মদীযং বলং রক্ষিতং স্যাৎ পরবলনিবৃত্ত্যর্থত্বেন তস্যাস্মাভীরক্ষিতত্বাদিত্যর্থঃ।১১।

তমেবমাচার্য্যং প্রতি সম্বাদং কুর্ব্বন্তং ভযাবিষ্টং রাজানং দৃষ্ট্বা তদভ্যাসবর্ত্তী পিতামহস্তদ্দুদ্ধ্যনুরোধার্থং ইত্থং কৃতবানিত্যাহ তস্যেতি। রাজ্ঞো দুর্য্যোধনস্য হর্ষং বুদ্ধিগতমুল্লাসবিশেষং পরপরিভবদ্বারা স্বকীযবিজযদ্বারকং সম্যগুৎপাদযন্ ভযং তদীযমপনিনীষুরুচ্চৈঃ সিংহনাদং কৃত্বা শঙ্খমাপূরিতবান্ কিমিতি দুর্য্যোধনস্য হর্ষমুৎপাদযিতুং পিতামহোযততে কুরুবৃদ্ধত্বাত্তস্য কুরুরাজত্বাৎ পিতামহত্বাচ্চাস্য দুর্য্যোধনভযাপনযনার্থা প্রবৃত্তিরুচিতা তদুপজীবিতযা তদ্বশত্বাচ্চ তস্য সিংহনাদে শঙ্খশব্দে চ পরেষাং হৃদযব্যথাং সম্ভাব্যতে দূরাদেবারিনিবহং প্রতি ভযজননলক্ষণপ্রতাপত্বাদিতার্থঃ। ১২।

রাজাভিপ্রাযং প্রতীত্য ভীষ্মপ্রবৃত্ত্যনন্তরং তৎপক্ষৈস্তৈস্তৈরাজভিঃ শঙ্খাদযোবাদ্যবিশেষা ঝটিতি শব্দবন্তঃ সংপাদিতাঃ সচ শঙ্খাদিপ্রযুক্তশব্দস্তুমুলোবহুলং ভযং পরেষাং পরিদ্যোতযন্নাসীদিত্যাহ ততইতি। ১৩।

স্বামিকৃতটীকা

তস্মাদ্ভবদ্ভিরেবং বর্ত্তিতব্যমিত্যাহ অয়নেষ্বিতি। অযনেষু ব্যূহপ্রবেশমার্গেষু যথাভাগং বিভক্তাং স্বাং স্বাং রণভূমিং অপরিত্যজ্যাবস্থিতাঃ সন্তোভীষ্মমেবাভিরক্ষন্তু যথান্যৈর্যুদ্ধমানঃ পৃষ্ঠতঃ কৈশ্চিন্ন হন্যেত তথা রক্ষন্তু, ভীষ্মবলেনাস্মাকং জীবনমিতি ভাবঃ। ১১।

তদেবং বহুমানযুক্তং রাজবাক্যং শ্রুত্বা ভীষ্মঃ কিং কৃতবান্ তদাহ তস্যেত্যাদি। তস্য রাজ্ঞোহর্ষং কুর্ব্বন্ পিতামহোভীষ্মউচ্চৈর্মহান্তং সিংহনাদং কৃত্বা শঙ্খং দধ্মৌ বাদিতবান্। ১২।

তদেবং সেনাপতেভীষ্মস্য যুদ্ধোৎসবমালোক্য সর্ব্বতোযুদ্ধোৎসবঃ প্রবৃত্তইত্যাহ ততইত্যাদিনা। পণবামর্দ্দনাআনকাগোমুখাশ্চবাদ্যবিশেষাঃ সহসা তৎক্ষণাদেবাভ্যহন্যন্ত বাদিতাঃ, সশব্দঃ শঙ্খাদিশব্দস্তুমুলোমহানভূৎ। ১৩।

অতএব এক্ষণে তোমারদের এই রূপ করাই কর্ত্তব্য যে, সৈন্যের ব্যূহ মধ্যে প্রবেশ করণের পথে যথা ক্রমে বিভক্তরূপে আপন আপন রণভুমি অপরিত্যাগ পূর্ব্বক অবস্থিত হইয়া ভীষ্মকেই সকলে রক্ষা কর, যাহাতে অন্য কোন বিপক্ষ যোদ্ধা পৃষ্ঠ দেশ হইতে কোনমতে ইহাঁকে নষ্ট করিতে না পারে। ইহার ভাবার্থ এই যে, ভীষ্মের বলেতেই আমারদের জীবন। ১১।

তদনন্তর এতাদৃশ বহুমান যুক্ত রাজবাক্য শুনিয়া ভীষ্ম মহাশয় যাহা করিলেন তাহাই কহিতেছেন, উক্ত রাজা দুর্য্যোধনের সন্তোষ করিবার জন্য কুরুবংশের মধ্যে প্রাচীন পিতামহ ভীষ্মমহাশয় মহৎ সিংহনাদ করিয়া শঙ্খ ধ্বনি করিলেন। ১২।

এবম্ভূত সেনাপতি ভীষ্ম মহাশয়ের যুদ্ধোৎসাহ দেখিয়া সকল সৈন্যেরা যে যুদ্ধরূপ উৎসবে প্রবৃত্ত হইয়াছিল তাহাই কহিতেছেন, তদনন্তর শঙ্খ সকল, এবং ভেরী সকল, ও মাদল আর গোমুখ নামক বাদ্য বিশেষ সকল তৎক্ষণাৎ বাজাইলেন, তাহাতে সেই শঙ্খাদির ধ্বনিতে এক মহাশব্দ হইয়া উঠিল। ১৩।

ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥১৪॥
পাঞ্চজন্যং হৃষীকেশোদেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ ॥ ১৫ ॥
অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রোযুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ ॥ ১৬॥
কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নোবিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ ॥ ১৭ ॥

আনন্দগিরিটীকা

এবং দুর্য্যোধনপক্ষে প্রবৃত্তিমালক্ষ্য পরিসরবর্ত্তিনৌ কেশবার্জ্জুনৌ শ্বেতৈর্হয়ৈরতিবলপরাক্রমৈর্যুক্তে মহত্য প্রধৃষ্যে রথে ব্যবস্থিতাবপ্রাকৃতৌ শঙ্খৌ পূরিতবন্তাবিত্যাহ ততঃ শ্বেতৈর্হয়ৈরিতি। ১৪।

তযোঃ শঙ্খযোর্দিব্যত্বমেবোপাদযতি পাঞ্চজন্যমিতি। কেশবার্জ্জুনযোর্যুদ্ধাভিমুখ্যং দৃষ্ট্বা সংহৃষ্টঃ সারস্যেন সমররসিকোভীমসেনোপি যুদ্ধাভিমুখোঽভূদিত্যাহ পৌণ্ড্রমিতি। ১৫।

এতেষাং ঈদৃশীং প্রবৃত্তিং প্রতীত্য পরিপালনাবকাশমাসাদ্য রাজ্ঞোযুধিষ্ঠিরস্যাপি প্রবৃত্তিং দর্শযতি অনন্তেতি। জ্যাযসাং ভ্রাতৃণামনুসরণমাবশ্যকমিতি মত্বা তযোর্যবীযসোর্ভ্রাত্রোরপি প্রবৃত্তিমাহ নকুলইতি। ১৬।

অন্যেষামপি তৎপক্ষীযাণাং রাজ্ঞামৈকমত্যং বিজ্ঞাপযন্ ধৃতরাষ্ট্রস্য দুরাশাং সঞ্জযোব্যুদস্যতি কাশ্যশ্চেত্যাদিনা। ১৭।

স্বামিকৃতটীকা

ততঃ পাণ্ডবসৈন্যে প্রবৃত্তং যুদ্ধোৎসবমাহ ততইত্যাদিপঞ্চভিঃ। স্যন্দনে রথে স্থিতৌ সন্তৌ কৃষ্ণার্জ্জুনৌ শঙ্খৌ প্রকর্ষেণ দধ্মতুর্ব্বাদযামাসতুঃ। ১৪।

তদেব বিভাগেন দর্শযন্নাহ পাঞ্চজন্যমিতি। পাঞ্চজন্যাদীনি নামানি শ্রীকৃষ্ণাদিশঙ্খানাং,ভীমং ঘোরং কর্ম্ম যস্য সঃ। ১৫।

অনন্তেতি। নকুলঃ সুঘোষং নাম শঙ্খং দধ্মৌ, সহদেবোমণিপুষ্পকং নাম। ১৬।

কাশ্যশ্চেতি। কাশ্যঃ কাশীরাজঃ, কথম্ভূতঃ পরমঃ শ্রেষ্ঠঃ ইষ্বাসোধনুর্যস্য সঃ। ১৭।

অতঃপর পাণ্ডব সৈন্যদিগের যুদ্ধ প্রবৃত্তি পাঁচ শ্লোক দ্বারা নিরূপণ করিতেছেন, অনন্তর শ্বেতবর্ণ চতুষ্টয় অশ্ব বিশিষ্ট মহা রথে অবস্থিত শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন উভয়ে অতিউৎকৃষ্ট দুই শঙ্খ ধ্বনি করিলেন ॥ ১৪ ॥

তাহার মধ্যে কে কোন্ শঙ্খ বাজাইলেন তাহা পৃথক্ রূপে দর্শাইয়া কহিতেছেন, শ্রীকৃষ্ণ পাঞ্চজন্য নামক শঙ্খ ও অর্জ্জুন দেবদত্ত নামক শঙ্খ বাজাইলেন, তদনন্তর ভয়ানক কর্ম্মক্ষম ভীম মহাশয় পৌণ্ড্র নামক মহাশঙ্খ ধ্বনি করিলেন ॥ ১৫ ॥

কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির অনন্ত বিজয় নামক শঙ্খ ও নকুল সুঘোষ নামক শঙ্খ এবং সহদেব মণিপুষ্পক নামক শঙ্খ বাজাইলেন ॥ ১৬ ॥

আর মহা ধনুর্দ্ধর কাশীরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট্ রাজা এবং যুদ্ধে অপরাজিত সাত্যকি ইহাঁরা ॥ ১৭ ॥

দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্॥ ১৮॥
স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলো ব্যনুনাদয়ন্॥ ১৯॥
অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসংপাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ।
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে॥ ২০॥

আনন্দগিরিটীকা

দ্রুপদ ইতি। পরমেষ্বাসাদিবিশেষলক্ষণচতুষ্টয়ং প্রত্যেকং সম্বধ্যতে। ১৮।

তৈস্তৈরাজভিঃ শঙ্খানাপূরয়দ্ভিরাপাদিতো মহান্ ঘোষস্তুমুলোঽতিভৈরবো নভশ্চান্তরীক্ষং পৃথিবীঞ্চ ভুবনং লোকত্রয়ং সর্ব্বমেব বিশেষেণানুক্রমেণ নাদয়ন্ নাদযুক্তং কুর্ব্বন্ ধার্ত্তরাষ্ট্রাণাং দুর্য্যোধনাদীনাং হৃদয়ান্যন্তঃকরণানি ব্যদারয়ৎ বিদারিতবান্, যুজ্যতেহি তৎপ্রেরিতশঙ্খঘোষশ্রবণাত্ত্রৈলোক্যাক্রোশে তম্পশ্যতাং তেষাং হৃদয়েষু দোধূয়মানত্বং তদাহ স ঘোষ ইতি। ১৯।

দুর্য্যোধনাদীনাং ধার্ত্তরাষ্ট্রাণামেবং ভয়প্রাপ্তিং প্রদর্শ্য পার্থাদীনাং পাণ্ডবানাং তদ্বৈপরীত্যমিদানীমুদাহরতি অথেত্যাদিনা। ভীতিপ্রত্যুপস্থিতেরনন্তরং পলায়নে প্রাপ্তেপি ধৈর্য্যমুৎপাদ্য ব্যবস্থিতানপ্রচলিতানেব পরান্ প্রত্যক্ষেণোপলভ্য হনূমন্তং বানরবরং ধ্বজলক্ষণত্বেনাদায়াবস্থিতোঽর্জ্জুনো ভগবন্তমাহ ইতি সম্বন্ধঃ। কিমহেত্যপেক্ষায়ামিদং বক্ষ্যমাণং হেতুমদ্বচনমিত্যাহ বাক্যমিতি। কস্যামবস্থায়ামিদমুক্তবানিতি তত্রাহ প্রবৃত্তইতি। শস্ত্রাণামিষুপ্রাসপ্রভৃতীনাং সম্পাতঃ সমুদায়স্তস্মিন্ প্রবৃত্তে প্রয়োগাভিমুখে সতীতি যাবৎ। কিং কৃত্বা ভগবন্তং প্রত্যুক্তবানিতি তদাহ ধনুরিতি। মহীপতিশব্দেন রাজা প্রজ্ঞাচক্ষুঃ সঞ্জয়েন সংবোধ্যতে। ২০।

তদেব গাণ্ডীবধন্বিনো বাক্যমনুক্রামতি সেনয়োরিতি। উভয়োরপি সেনয়োঃ সন্নিহিতয়োর্মধ্যে মদীয়ং রথং স্থাপয়েত্যর্জ্জুনেন সারথ্যে সর্ব্বেশ্বরো নিযুজ্যতে, কিং হি ভক্তানামশক্যং যদ্ভগবানপি তন্নিয়োগং অনুতিষ্ঠতি,

---

স্বামিকৃতটীকা

দ্রুপদ ইতি। হে পৃথিবীপতে ধৃতরাষ্ট্র। ১৮।
স চ শঙ্খানাং নাদস্ত্বদীয়ানাং মহাভয়ং জনয়ামাসেত্যাহ স ঘোষ ইত্যাদি। ধার্ত্তরাষ্ট্রাণাং ত্বদীয়ানাং হৃদয়ানি বিদারিতবান্, কিং কুর্ব্বন্ নভশ্চ পৃথিবীঞ্চাভ্যনুনাদয়ন্ প্রতিধ্বনিভিরাপূরয়ন্। ১৯।

এতস্মিন্ সময়ে শ্রীকৃষ্ণমর্জ্জুনো বিজ্ঞাপয়ামাসেত্যাহ অথেত্যাদি চতুর্ভিঃ শ্লোকৈঃ, অথেতি। অথানন্তরং মহাশব্দানন্তরং ব্যবস্থিতান্ যুদ্ধোদ্যোগে ঽবস্থিতান্ কপিধ্বজোঽর্জ্জুনঃ। ২০।

আর দ্রুপদ রাজা ও দ্রৌপদীর পাঁচ পুত্র প্রতিবিন্দ প্রভৃতি এবং সুভদ্রার পুত্র মহাবাহু অভিমন্যু, হে মহারাজ ধৃতরাষ্ট্র! ইহাঁরা সকলেই পৃথক্ পৃথক্ শঙ্খধ্বনি করিতে লাগিলেন। ১৮।

সেই সকল শঙ্খধ্বনিতে তোমার পক্ষীয় সেনাদিগের মহা ভয় জন্মিয়াছিল ইহা কহিতেছেন, সেই শঙ্খধ্বনি, প্রতিধ্বনি দ্বারা আকাশ ও পৃথিবী মণ্ডলে ব্যাপ্ত হইয়া মহৎ শব্দ করতঃ ধৃতরাষ্ট্র পুত্র পক্ষীয়গণের হৃদয় সকল বিদীর্ণ করিতে লাগিল। ১৯।

এই সময়ে অর্জ্জুন শ্রীকৃষ্ণকে যাহা জানাইলেন তাহা চারি শ্লোক দ্বারা ব্যক্ত করিতেছেন, হে মহারাজ ধৃতরাষ্ট্র! ঐ শঙ্খাদির মহা শব্দ হইলে পর তোমার পুত্রগণকে যুদ্ধোৎসবে অবস্থিত দেখিয়া শস্ত্র নিক্ষেপে প্রবৃত্ত, কপিধ্বজ রথারূঢ় অর্জ্জুন জ্যারোপণ পূর্ব্বক ধনুক ঊর্দ্ধে উঠাইয়া তৎকালে শ্রীকৃষ্ণকে কহিলেন। ২০।

অর্জ্জুনউবাচ। সেনয়োরুভয়োর্ম্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত।২১।
যাবদেতান্ নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ম্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্‌রণসমুদ্যমে। ২২।
যোৎস্যমানানবেক্ষেঽহং যএতেত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ। ২৩।
সঞ্জয়উবাচ। এবমুক্তোহৃষীকেশোগুড়াকেশেন ভারত।
সেনয়োরুভয়োর্ম্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমং।২৪।

আনন্দগিরিটীকা

যুক্তং হি ভগবতোভক্তপারবশ্যং, অচ্যুতেতি সম্বোধনতয়া ভগবতঃ স্বরূপং ন কদাচিদপি প্রচ্যুতিং প্রাপ্নোতীত্যুচ্যতে।২১।

মধ্যে রথং স্থাপয়েত্যুক্তং তদেব রথস্থাপনস্থানং নির্দ্ধারয়তি যাবদিতি। এতান্ প্রতিপক্ষত্বেন প্রতিষ্ঠিতান্ ভীষ্মদ্রোণাদীনস্মাভিঃ সার্দ্ধং যোদ্ধুমপেক্ষাবতোযাবদহমত্র নিরীক্ষিতুমহংক্ষমঃ স্যাং তাবতি প্রদেশে রথস্য স্থাপনং কর্ত্তব্যমিত্যর্থঃ। কিঞ্চ প্রবৃত্তে যুদ্ধপ্রারম্ভে বহবোরাজানোঽমুষ্যাং যুদ্ধভূমাবুপলভ্যন্তে তেষাং মধ্যে কৈঃ সহ ময়া যোদ্ধব্যং ন হি কুচিদপি মম গতিপ্রতিহতিরস্তীত্যাহ কৈর্ম্ময়েতি।২২।

প্রতিযোগিনামভাবে কথং তব যুদ্ধোৎসুক্যং ফলবদ্ভবেদিতি তত্রাহ যোৎস্যমানানিতি। যে কেচিদেতে রাজানোনানাদেশেভ্যোঽত্র কুরুক্ষেত্রে সমবেতাস্তানহং যোৎস্যমানান্ পরিগৃহীতপ্রহরণোপায়ানতিতরাং সংগ্রামসমুৎসুকানুপলভে, তেন প্রতিযোগিনাং বাহুল্যমিত্যর্থঃ। তেষামস্মাভিঃ সহ পূর্ব্ববৈরাভাবে কথং প্রতিযোগিত্বং প্রকল্প্যতে তত্রাহ ধার্ত্তরাষ্ট্রস্যেতি। ধৃতরাষ্ট্রপুত্রস্য দুর্য্যোধনস্য দুর্ব্বুদ্ধেঃ স্বরক্ষণোপায়মপ্রতিপদ্যমানস্য যুদ্ধায় সংরম্ভং কুর্ব্বতোযুদ্ধে যুদ্ধভূমৌ স্থিত্বা প্রিয়ং কর্ত্তুমিচ্ছবোরাজানঃ সমাগতাঃ দৃশ্যন্তে, তেন তেষামৌপাধিকমস্মৎপ্রতিযোগিত্বমুপপন্নমিত্যর্থঃ।২৩।

এবমর্জ্জুনেন প্রেরিতোভগবানহিংসারূপং ধর্ম্মমাশ্রিত্য প্রায়শোযুদ্ধাৎ তং নিবর্ত্তয়িষ্যতীতি ধৃতরাষ্ট্রস্য মনীষাং দূদূষয়িষুঃ সঞ্জয়োরাজানং প্রত্যুক্তবানিত্যাহ সঞ্জয়ইতি। ভগবতোহি ভূভারাপহারার্থং প্রবৃত্তস্যার্জ্জুনাভিপ্রায়প্রতিপত্তিদ্বারেণ স্বাভিসন্ধিং প্রতিলভমানস্য পরোক্তিমনুসৃত্য স্বাভিপ্রায়ানুকূলমনুষ্ঠানমাদর্শয়তি এবমিতি।২৪।

স্বামিকৃতটীকা

তদেব বাক্যমাহ সেনয়োরিত্যাদি।২১।

ননু ত্বং যোদ্ধা ন তু যুদ্ধপ্রেক্ষকস্তত্রাহ কৈর্ম্ময়েত্যাদি। কৈঃ সহ ময়া যোদ্ধব্যং।২২।

যোৎস্যমানানিতি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য প্রিয়ং কর্ত্তুমিচ্ছন্তোযইহ সমাগতাস্তানহং দ্রক্ষ্যামি যাবৎ তাবদুভয়োঃ সেনয়োর্ম্মধ্যে মে রথং স্থাপয়েত্যন্বয়ঃ।২৩।

ততঃ কিং বৃত্তং ইত্যপেক্ষায়াং সঞ্জয়উবাচ এবমুক্তইত্যাদি। গুড়াকা নিদ্রা তস্যাঈশেন জি-

শ্রীকৃষ্ণের নিকটে অর্জ্জুন এই কথা মাত্র কহিলেন যে, হে শ্রীকৃষ্ণ উভয় পক্ষীয় সৈন্যদলের মধ্যস্থলে আমার রথ স্থাপন কর।২১।

যদি বল তুমি দর্শক নহ, তুমি স্বয়ং যোদ্ধা, অতএব কি নিমিত্তে মধ্যস্থলে রথ স্থাপিত হইবে, এতদ্বিষয়ে কহিতেছেন যে, তাবৎ কাল মাত্র রথ স্থাপন কর, যাবৎ আমি ইহারদিগকে নিরীক্ষণ করি যে, যুদ্ধ কামনায় অবস্থিত সেনাদিগের মধ্যে কাহার সহিত আমি এই সমরোদ্যমে যুদ্ধ করিব।২২।

দুর্ব্বুদ্ধি দুর্য্যোধনের ইষ্ট সাধনার্থ যাহারা এই যুদ্ধ ভূমিতে সমাগত হইয়াছে যাবৎ আমি তাহারদিগকে নিরীক্ষণ করি তাবৎ উভয় সেনার মধ্যস্থলে রথ স্থাপন কর।২৩।

অনন্তর কি হইয়াছিল তাহা নিরূপণ করিবার অভিপ্রায়ে সঞ্জয় কহিতেছেন, হে মহারাজ ধৃতরাষ্ট্র! নিদ্রা জয়কারি অর্জ্জুন কর্ত্তৃক এই রূপে প্রার্থিত হইয়া শ্রীকৃষ্ণ উভয় সেনার মধ্যস্থলে সেই উত্তম রথ স্থাপিত করিলেন।২৪।

ভীষ্মদ্রোণপ্রমুখতঃ সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাং।
উবাচ পার্থ পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি। ২৫।
তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্।
আচার্য্যান্ মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা।
শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনযোরুভযোরপি। ২৬।
তান্ সমীক্ষ্য সকৌন্তেযঃ সর্ব্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপযা পরযাবিষ্টোবিষীদন্নিদমব্রবীৎ। ২৭।
অর্জ্জুনউবাচ। দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ যুযুৎসূন্ সমবস্থিতান্।

আনন্দগিরিটীকা

সমুচ্চয়বিরোধিতয়া প্রশ্নং ব্যাখ্যায় তদ্বিরোধিত্বেনৈব প্রতিবচনমুত্থাপয়তি প্রশ্নেতি। যেযং ব্যবহারভূমিরুপলভ্যতে তত্র ত্রৈবর্ণিকাঃ জ্ঞানং কর্ম্ম বা শাস্ত্রীয়মনুষ্ঠাতুমধিক্রিয়ন্তে তেষাং দ্বিধা স্থিতির্ময়া প্রোক্তেতি পূর্ব্বার্দ্ধং যোজয়তি লোকেঽস্মিন্নিতি। স্থিতিমেব ব্যাকরোতি অনুষ্ঠেয়েতি। পূর্ব্বং প্রবচনপ্রসঙ্গং প্রদর্শয়ন্ প্রবক্তারং বিশিনষ্টি সর্গাদাবিতি। প্রবচনস্যাযথার্থত্বশঙ্কাং বারয়তি সর্ব্বজ্ঞেনেতি। অর্জ্জুনস্য ভগবদুপদেশশ্রবণে যোগ্যত্বং সূচয়তি অনঘেতি। নির্দ্ধারণার্থে তত্রেতি সপ্তমী জ্ঞানং পরমার্থবস্তুবিষয়ং তদেব যোগশব্দিতং যুজ্যতে অনেন ব্রহ্মণেতি ব্যুৎপত্তেস্তেন নিষ্ঠেত্যনুবর্ত্ততে উক্তজ্ঞানোপায়মুপদিদিক্ষুঃ সাং-

স্বামিকৃতটীকা

হোৎপাদকমিব যদ্বাক্যং তেন মে মতিমুভয়ত্র দোলায়িতাং কুর্ব্বন্ মোহয়সীব পরমকারুণিকস্য তব মোহকত্বং নাস্ত্যেব তথাপি ভ্রান্ত্যা মমৈবং ভাতি ইতীবশব্দেনোক্তং, অতউভয়োর্ম্মধ্যে যদ্ভদ্রং তদেকং নিশ্চিত্য বদেতি। যদ্বা অহং ইদমেব শ্রেয়ঃসাধনমিতি নিশ্চিত্য যেনানুষ্ঠিতেন শ্রেয়োমোক্ষমহমাপ্নুয়াং প্রাপস্যামি তদেবৈকং নিশ্চিত্য বদেত্যর্থঃ। ২।

মকরুণাময় যে তুমি তোমার মোহজনকত্ব নাই, তথাপি ভ্রান্তিজন্য আমাকে মোহকের ন্যায় বোধ হইতেছে, ইহা শ্লোক স্থিত ইব শব্দে কথিত হইল, অতএব উভয়ের মধ্যে যাহা ভদ্র হয় তাহার এক পক্ষ নিশ্চয় করিয়া বল। অথবা আমার ইহাই শ্রেয়ঃসাধন এইরূপ নিশ্চয় করিয়া যে অনুষ্ঠান দ্বারা আমি মোক্ষ প্রাপ্ত হইব তাহাই একরূপ নিশ্চয় করিয়া বল ৷২৷

শ্রীভগবানুবাচ। লোকেস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়া-

শাঙ্করভাষ্যং

সর্গাদৌ প্রজাঃ সৃষ্ট্বা তাসামভ্যুদয়নিঃশ্রেয়সপ্রাপ্তিসাধনং বেদার্থসংপ্রদায়ং আবিষ্কুর্ব্বতা প্রোক্তা ময়া সর্ব্বজ্ঞেন ঈশ্বরেণ হে অনঘ অপাপ তত্র কা সা দ্বিবিধা নিষ্ঠেত্যাহ জ্ঞানেতি। তত্র জ্ঞানযোগেন জ্ঞানমেব যোগস্তেন সাংখ্যানামাত্মানাত্মবিষয়বিবেকজ্ঞানবতাং ব্রহ্মচর্য্যাশ্রমাদেব কৃতসংন্যাসানাং বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থানাং পরমহংসপরিব্রাজকানাং ব্রহ্মণ্যেবাবস্থিতানাং নিষ্ঠা প্রোক্তা কর্ম্মযোগেন কর্ম্মৈব যোগঃ কর্ম্মযোগস্তেন কর্ম্মযোগেন যোগিনাং কর্ম্মিণাং নিষ্ঠা প্রোক্তেত্যর্থঃ, যদি চৈকেন পুরুষেণৈকস্মৈপুরুষার্থায় জ্ঞানং কর্ম্ম চ সমুচ্চিত্যানুষ্ঠেয়ং ভগবতেষ্টমুক্তং বক্ষ্যমাণং বা গীতাসু বেদেষু চোক্তং কথমিহার্জ্জুনায়োপসন্নায় প্রিয়ায়

আনন্দগিরিটীকা

খ্যশব্দার্থমাহ আত্মেতি। তেষামেব কর্ম্মনিষ্ঠত্বং ব্যাবর্ত্তয়তি ব্রহ্মচর্য্যেতি। তেষাং জপাদিপারবশ্যেন শ্রবণাদিপরাঙ্মুখত্বং পরাকরোতি বেদান্তেতি। উক্তবিশেষণবতাং মুখ্যসংন্যাসিত্বেন ফলাবস্থত্বং দর্শয়তি পরমহংসেতি। কর্ম্ম বর্ণাশ্রমবিহিতং ধর্ম্মাখ্যং তদেব যুজ্যতেতেনাভ্যুদয়েনেতি যোগস্তেন নিষ্ঠা কর্ম্মিণাং প্রোক্তেত্যনুষঙ্গং দর্শয়ন্নাহ কর্ম্মৈবেত্যাদিনা। এবং প্রতিবচনবাক্যস্থান্যেবাক্ষরাণি ব্যাখ্যায় তস্যৈব তাৎপর্য্যার্থং কথয়তি যদি চেতি। ইষ্টস্যাপি দুর্ব্বোধত্বমাশঙ্ক্যাহ উক্তমিতি। জ্ঞানস্যাপি মূলবিকলতয়া বিভ্রমত্বমাশঙ্ক্যাহ বেদেষ্বিতি। তস্যাশিষ্যত্ববুদ্ধ্যান্যথাকথনমিত্যাশঙ্ক্যাহ উপসন্নায়েতি। তথাপি তস্মিন্নৌদাসীন্যাদন্যথোক্তিরিত্যাশঙ্ক্যাহ প্রিয়ায়েতি। ব্রবীতি চ ভিন্নপুরুষকর্ত্তৃকং নিষ্ঠাদ্বয়ং তেন সমুচ্চয়োভগবদভীষ্টঃ শাস্ত্রার্থোন ভবতীতি শেষঃ। নন্বর্জ্জুনস্য প্রেক্ষাপূর্ব্বকারিত্বাজ্জ্ঞানকর্ম্মশ্রবণানন্তরমুভয়নির্দ্দেশানুপপত্ত্যা সমুচ্চয়ানুষ্ঠানং সম্ভবৎস্যাত্তে

স্বামিকৃতটীকা

অত্রোত্তরং শ্রীভগবানুবাচ, লোকেঽস্মিন্নিতি। অয়মর্থঃ যদি ময়া পরস্পরনিরপেক্ষং মোক্ষসাধনত্বেন কর্ম্মজ্ঞানযোগরূপং নিষ্ঠাদ্বয়মুক্তং স্যাত্তর্হি দ্বয়োর্ম্মধ্যে যদ্ভদ্রং স্যাত্তদেকং বদেতি তদীয়ঃ প্রশ্নঃ সঙ্গচ্ছতে নতু ময়া তথোক্তং কিন্তু দ্বাভ্যামেকৈব ব্রহ্মনিষ্ঠোক্তা গুণপ্রধানভূতয়োস্তয়োঃ স্বাতন্ত্র্যানুপপত্তেঃ একস্যা এব তু প্রকারভেদমাত্রমধিকারিভেদেনোক্তমিতি অস্মিন্ শুদ্ধাশুদ্ধান্তঃকরণতয়া দ্বিবিধে লোকেঽধিকারিজনে দ্বে বিধে প্রকারৌ যস্যাঃ সা দ্বিবিধা নিষ্ঠা মোক্ষপরতা পুরা পূর্ব্বাধ্যায়ে ময়া সর্ব্বজ্ঞেন প্রোক্তা স্পষ্টমেবোক্তা। প্রকারদ্বয়মেব নির্দ্দিশতি সাংখ্যানাং শুদ্ধান্তঃকরণানাং জ্ঞানভূমিকামারূঢানাং জ্ঞানপরিপাকার্থং জ্ঞানযোগেন ধ্যানাদিনা নিষ্ঠা ব্রহ্মপরতোক্তা তানি সর্ব্বাণি সংযম্য যুক্তআসীত মৎপরইত্যাদিনা সাংখ্যভূমিকামনারূঢানান্তু অন্তঃকরণশুদ্ধিদ্বারা তদারোহার্থং তদুপায়ভূতকর্ম্মযোগাধিকারিণাং যোগিনাং কর্ম্মযোগেন নিষ্ঠোক্তা ধ-

ভগবান্ উত্তর করিতেছেন, যদি আমাকর্ত্তৃক পরস্পর সম্বন্ধ রহিত মোক্ষ সাধনের হেতু ভূত কর্ম্মযোগ এবং জ্ঞান যোগরূপ পৃথক্ দুই মত কথিত হইত, তবে উভয় পক্ষমধ্যে যাহা শ্রেয় হয় তাহারই এক পক্ষ বল এইরূপে তোমার প্রশ্ন করা সঙ্গত ছিল, কিন্তু আমি ঐ রূপ নিরপেক্ষ রূপে বলি নাই, উভয়ের দ্বারা একই ব্রহ্ম নিষ্ঠা কহিয়াছি, যেহেতু গৌণ এবং মুখ্য ফলদায়ক ঐ কর্ম্মযোগ এবং জ্ঞান যোগের পৃথক্ উৎপত্তি নাই এক ব্রহ্ম নিষ্ঠার প্রকার ভেদ মাত্র অধিকারী ভেদেতে কহিয়াছি, এতাবতা শুদ্ধ এবং অশুদ্ধ অন্তঃকরণ জন্য দুই প্রকার অধিকারীর প্রতি দুই মত উক্ত হইয়াছে। সেইরূপ দুই প্রকার ব্রহ্ম নিষ্ঠা মোক্ষপ্রাপ্তির উপায় রূপে পূর্ব্বাধ্যায়ে আমা কর্ত্তৃক স্পষ্টরূপে কথিত হইয়াছে। উক্ত প্রকার মত দ্বয়ের নির্ণয় করিতেছেন যে, সাংখ্য অর্থাৎ শুদ্ধান্তঃকরণ বিশিষ্ট জ্ঞানভূমিতে আরূঢ় ব্যক্তিগণের জ্ঞানের পরিপাক কারণ জ্ঞানযোগ দ্বারা আত্মনির্ণায়ক ধ্যানাদির নিষ্ঠারূপ ব্রহ্ম পরতা কহিয়াছি অর্থাৎ তানি সর্ব্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরইত্যাদি

নঘ। জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাং। ৩।

শাঙ্করভাষ্যং

বিশিষ্টভিন্নপুরুষকর্ত্তৃকে এব জ্ঞানকর্ম্মনিষ্ঠে ব্রূযাৎ, যদি পুনরর্জ্জুনোজ্ঞানং কর্ম্ম চ দ্বযং শ্রুত্বা স্বযমেবানুষ্ঠাস্যতি অন্যেষাং তু ভিন্নপুরুষানুষ্ঠেযতাং বক্ষ্যামীতি মতং ভগবতঃ কল্প্যেত তদা রাগদ্বেষবানপ্রমাণভূতোভগবান্ কল্পিতঃ স্যাত্তচ্চাযুক্তং, তস্মাৎ কযাপি যুক্ত্যা ন সমুচ্চযোজ্ঞানকর্ম্মণোঃ। ৩।

যদর্জ্জুনেনোক্তং কর্ম্মণোজ্যাযস্ত্বং বুদ্ধেঃ তচ্চ স্থিতমনিরাকরণাত্তস্যাশ্চ জ্ঞাননিষ্ঠাযাঃ সংন্যাসিনামেবানুষ্ঠেযত্বং ভিন্নপুরুষানুষ্ঠেযত্ববচনাচ্চ ভগবতএবমেবানুমতমিতি গম্যতে মাঞ্চ বন্ধকারণে কর্ম্মণ্যেব নিযোজযসীতি বিষণ্ণমনসং অর্জ্জুনং কর্ম্ম নারভে ইত্যেবং মন্বানমালক্ষ্যাহ ভগবান্ ন কর্ম্মণামনারম্ভাদিতি। অথ বা জ্ঞানকর্ম্মনিষ্ঠযোঃ পরস্পরবিরোধাদেকেন পুরুষেণ যুগপদনুষ্ঠাতুমশক্যত্বে সতীতরেতরানপেক্ষযোরেব পুরুষার্থহেতুত্বে প্রাপ্তে কর্ম্মনিষ্ঠাযাঃ জ্ঞাননিষ্ঠাপ্রাপ্তিহেতুত্বেন পুরুষার্থহেতুত্বং ন স্বাতন্ত্র্যেণ জ্ঞাননিষ্ঠা তু কর্ম্মনিষ্ঠোপাযলব্ধাত্মিকা সতী স্বাতন্ত্র্যেণ পুরুষার্থহেতুরন্যানপেক্ষেত্যেতমর্থং দর্শযিষ্যন্নাহ ভগবান্ ন কর্ম্মণেতি। ন কর্ম্মণামনারম্ভাদপ্রারম্ভাৎ কর্ম্মণাং ক্রিযাণাং যজ্ঞাদীনামিহ জন্মনি জন্মান্তরে বানুষ্ঠিতানামুপাত্তদুরিতক্ষযহেতুত্বেন সত্ত্বশুদ্ধিকারণানাং তৎকারণত্বেন চ জ্ঞানোৎপত্তিদ্বারেণ জ্ঞাননিষ্ঠাহেতূনাং জ্ঞানমুৎপদ্যতে পুংসাং ক্ষযাৎ পাপস্য কর্ম্মণঃ

আনন্দগিরিটীকা

তদ্ব্যতিরিক্তানান্তু জ্ঞানকর্ম্মণোর্ভিন্নপুরুষানুষ্ঠেযত্বং শ্রুত্বা প্রত্যেকং তদনুষ্ঠানং ভবিষ্যতীতি ভগবতোমতং কল্প্যতে তস্যার্জ্জুনেঽনুরাগাতিরেকাদিতরেষু চ তদভাবাদিতি তত্রাহ যদি পুনরিতি। অপ্রমাণভূতত্বমনাপ্তত্বং। ন চ ভগবতোরাগাদিমত্ত্বেনানাপ্তত্বং যুক্তং সমং সর্ব্বেষু ভূতেষু তিষ্ঠন্তমিত্যাদিবিরোধাদিত্যাহ তচ্চেতি। নিষ্ঠাদ্বযস্য ভিন্নপুরুষানুষ্ঠেযত্বনির্দ্দেশফলমুপসংহরতি তস্মাদিতি। ৩।

কিমিতি ভগবতা বুদ্ধের্জ্যাযস্ত্বং জ্যাযসী চেদিত্যত্রোক্তমুপেক্ষিতমিতি তত্রাহ যদর্জ্জুনেনেতি। কিঞ্চ জ্ঞাননিষ্ঠাযাং সংন্যাসিনামেবাধিকারোভগবতোঽভিপ্রেতোঽন্যথা তদীযবিভাগবচনবিরোধাদিতি বিভাগবচনসামর্থ্যসিদ্ধমর্থমাহ তস্যাশ্চেতি। তর্হি বিভাগবচনানুরোধাদর্জ্জুনস্যাপি সংন্যাসপূর্ব্বিকাযাং জ্ঞাননিষ্ঠাযামেবাধিকারোভবিষ্যতি নেত্যাহ মাঞ্চেতি। বুদ্ধের্জ্যাযস্ত্বমপেত্যাপীতি চকারার্থঃ, অর্জ্জুনমালক্ষ্য ভগবানাহেতি সম্বন্ধঃ। অন্তরেণাপি কর্ম্মাণি শ্রবণাদিভির্জ্ঞানাবাপ্তির্ন ভবিষ্যতীতি পরবুদ্ধিমনুরুধ্য বিশিনষ্টি কর্ম্মেতি। বিভাগবচনবশাদসমুচ্চযশ্চেদুভযোরপি জ্ঞানকর্ম্মণোঃ স্বাতন্ত্র্যেণ পুরুষার্থহেতুত্বমন্যথা কর্ম্মবৎ জ্ঞানমপি ন স্বাতন্ত্র্যেণ পুরুষার্থং সাধযেদিত্যাশঙ্ক্য সম্বন্ধান্তরমাহ অথ বেতি। তর্হি জ্ঞাননিষ্ঠাপি কর্ম্মনিষ্ঠাবৎ নিষ্ঠাত্বাবিশেষাৎ স্বাতন্ত্র্যেণ পুরুষার্থহেতুরিতি সমুচ্চযসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ জ্ঞাননিষ্ঠা ত্বিতি। ন হি রজ্জুতত্ত্বজ্ঞানমুৎপন্নং ফ-

স্বামিকৃতটীকা

র্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেযোন্যৎ ক্ষত্রিযস্য ন বিদ্যতই-ত্যাদিনা, অতএব তব চিত্তশুদ্ধ্যশুদ্ধিরূপাবস্থাভেদেন দ্বিবিধাপি নিষ্ঠোক্তা এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণ্বিতি। ৩।

শ্লোক দ্বারা কথিত হইয়াছে। আর জ্ঞানভূমিতে অনারূঢ় ব্যক্তি সকলের চিত্ত শুদ্ধি দ্বারা তাহাতে আরোহনের নিমিত্তে তাহার উপায় স্বরূপ কর্ম্ম যোগাধিকারি যোগী সকলকে কর্ম্মযোগ দ্বারা নিষ্ঠা অর্থাৎ ব্রহ্মপরতা কথিত হইয়াছে যথা ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেযোন্যৎ ক্ষত্রিযস্য ন বিদ্যতে ইত্যাদি শ্লোক দ্বারা কহিয়াছি। অতএব চিত্তশুদ্ধি এবং চিত্তের অশুদ্ধি এই উভয়রূপ অবস্থাভেদে দুই প্রকার ব্রহ্মপরতা কথিত হইয়াছে, তাহাও এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু ইত্যাদি শ্লোক দ্বারা প্রকাশিত আছে। ৩।

ন কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে।

শাঙ্করভাষ্যং

যথাদর্শতলপ্রখ্যে পশ্যত্যাত্মানমাত্মনীত্যাদি স্মরণাদনারম্ভাদননুষ্ঠানাৎ নৈষ্কর্ম্ম্যং নিঃকর্ম্মভাবং কর্ম্মশূন্যতাং জ্ঞানযোগেন নিষ্ঠাং নিষ্ক্রিয়াত্মস্বরূপেণৈবাবস্থানমিতি যাবৎ পুরুষো- নাশ্নুতে ন প্রাপ্নোতীত্যর্থঃ কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং নাশ্নুতইতি বচনাত্তদ্বিপর্য্যযাৎ তেষা- মারম্ভাৎ নৈষ্কর্ম্ম্যমশ্নুতইতি গম্যতে, কস্মাৎ পুনঃ কারণাৎ কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং না- শ্নুতইত্যুচ্যতে কর্ম্মারম্ভস্যৈব নৈষ্কর্ম্ম্যোপায়ত্বাৎ ন হ্যুপায়মন্তরেণোপেয়োৎপত্তিরস্তি কর্ম্ম- যোগোপায়ত্বঞ্চ নৈষ্কর্ম্ম্যলক্ষণস্য জ্ঞানযোগস্য শ্রুতাবিহ চ প্রতিপাদনাৎ শ্রুতৌ তাবৎ প্রকৃতস্যাত্মলোকস্য বেদ্যস্য বেদনোপায়ত্বেন তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিশন্তি যজ্ঞেনেত্যাদিনা কর্ম্মযোগস্য জ্ঞানযোগোপায়ত্বং প্রতিপাদিতমিহাপি চ সংন্যাসস্তু মহা- বাহো দুঃখমাপ্তুমযোগতঃ যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে যজ্ঞোদানং তপশ্চৈব পাবনানি মনীষিণামিত্যাদি প্রতিপাদয়িষ্যতি, ননু চাভয়ং সর্ব্বভূতেভ্যোদত্বা নৈষ্কর্ম্ম্যমা- চরেদিত্যাদৌ কর্ত্তব্যকর্ম্মসংন্যাসাদপি নৈষ্কর্ম্ম্যপ্রাপ্তিং দর্শয়তি লোকে চ কর্ম্মণামনারম্ভা- ন্নৈষ্কর্ম্ম্যমিতি প্রসিদ্ধতরমতশ্চ নৈষ্কর্ম্ম্যার্থিনঃ কিং কর্ম্মারম্ভেনেতি প্রাপ্তমতআহ ন চ সং-

আনন্দগিরিটীকা

লসিদ্ধৌ সহকারিসাপেক্ষ্যমালক্ষ্যতে তথেদমপি চোৎপন্নং মোক্ষায় নান্যদপেক্ষ্যতে ত- দাহ অন্যেতি। যস্য চৈতৎ কর্ম্মেতি শ্রুতাবিব কর্ম্মশব্দস্য ক্রিয়মাণবস্তুবিষয়ত্বমাশঙ্ক্য ব্যাচষ্টে ক্রিয়াণামিতি। তাশ্চ নিত্যনৈমিত্তিকত্বেন বি- ভজতে যজ্ঞাদীনামিতি। অস্মিন্নেব জন্মন্যনু- ষ্ঠিতানাং কর্ম্মণাং বুদ্ধিশুদ্ধিদ্বারা জ্ঞানকারণ- ত্বে ব্রহ্মচারিণাং কুতোজ্ঞানোৎপত্তির্জন্মান্তরকৃতা- নাং কর্ম্মণাং বা তথাত্বে গৃহস্থাদীনামৈহিকানি কর্ম্মাণি ন জ্ঞানহেতবঃ স্যুরিত্যাশঙ্ক্যানিয়মং দর্শয়তি ইহেতি। নেমানি সত্ত্বশুদ্ধিকারণান্যু- পাত্তদুরিতপ্রতিবন্ধাদিত্যাশঙ্ক্যাহ উপাত্তেতি। তর্হি তাবতৈব কৃতার্থানাং কুতোজ্ঞাননিষ্ঠাহে- তুত্বং তত্রাহ তৎকারণত্বেনেতি। কর্ম্মণাং চিত্ত- শুদ্ধিদ্বারা জ্ঞানহেতুত্বে মানমাহ জ্ঞানমিতি। অনারম্ভশব্দস্যোপক্রমবিপরীতবিষয়ত্বং ব্যাবর্ত্ত- য়তি অননুষ্ঠানাদিতি। নিষ্কর্ম্মণঃ সংন্যাসিনঃ কর্ম্ম জ্ঞানং নৈষ্কর্ম্ম্যমিতি ব্যাচষ্টে নৈষ্কর্ম্ম্যমিতি। কর্ম্মাভাবাবস্থাং ব্যবচ্ছিনত্তি জ্ঞানযোগেনেতি। তস্যাঃ সাধনপক্ষপাতিত্বং ব্যাবর্ত্তয়তি নি-

আনন্দগিরিটীকা

ষ্ক্রিয়েতি। কর্ম্মানুষ্ঠানোপায়লব্ধা জ্ঞাননিষ্ঠা স্ব- তন্ত্রা পুমর্থহেতুরিতি প্রকৃতার্থসমর্থব্যতিরেকব- চনস্যান্বয়ে পর্য্যবসানং মত্বা ব্যাচষ্টে কর্ম্ম- ণামিতি। তদ্বিপর্য্যয়মেব ব্যাচষ্টে তেষামি- তি। উক্তেঽর্থে হেতুং পৃচ্ছতি কস্মাদিতি। জি- জ্ঞাসিতং হেতুমাহ উচ্যতইতি। উপায়ত্বেঽপি তদভাবে কুতোন নৈষ্কর্ম্ম্যাসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ ন হীতি। জ্ঞানযোগং প্রতি কর্ম্মযোগস্য উপায়- ত্বে শ্রুতিস্মৃতীপ্রমাণয়তি কর্ম্মযোগেতি। শ্রৌতমুপা- য়োপেয়ত্বপ্রতিপাদনং প্রকটয়তি শ্রুতাবিতি। যত্তু গীতাশাস্ত্রে কর্ম্মযোগস্য জ্ঞানযোগং প্রত্যু-

স্বামিকৃতটীকা

অতঃ সম্যক্‌চিত্তশুদ্ধ্যার্থং জ্ঞানোৎপত্তিপর্য্য- ন্তং বর্ণাশ্রমোচিতানি কর্ম্মাণি কর্ত্তব্যানি অন্যথা চিত্তশুদ্ধ্যভাবেন জ্ঞানানুৎপত্তেরিত্যাহ ন কর্ম্ম- ণামিতি। কর্ম্মণাং অনারম্ভাৎ অননুষ্ঠানান্নৈষ্কর্ম্ম্যং জ্ঞানং নাশ্নুতে ন প্রাপ্নোতি। ননু চৈতমেব প্রব্রাজিনোলোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তীতি শ্রুত্যা সং- ন্যাসস্য মোক্ষাঙ্গত্বশ্রুতেঃ সংন্যাসাদেব মো-

অতএব সংপূর্ণ চিত্ত শুদ্ধি দ্বারা জ্ঞানের উৎপত্তি পর্য্যন্ত বর্ণ অর্থাৎ জাতি এবং আ- শ্রমেতে বিহিত কর্ম্ম সকল অবশ্যই কর্ত্তব্য, নতুবা চিত্ত শুদ্ধির অভাব প্রযুক্ত জ্ঞানের উৎপত্তি হয় না ইহাই কহিতেছেন,যে,কর্ম্ম সকল অনুষ্ঠান না করিলে নৈষ্কর্ম্ম্য পদ্ম যে তত্ত্ব জ্ঞান তাহা প্রাপ্ত হয় না। যদি বল সংন্যাসী তত্ত্ব জ্ঞানেচ্ছু সকল এই জ্ঞান প্রাপ্ত হয়েন, এতাবতা সংন্যাসকরাই মুক্তির অঙ্গরূপে শ্রুতি সকলে কথিত প্রযুক্ত সংন্যাস

ন চ সন্ন্যসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি ॥ ৪ ॥
ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ ।
কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ ॥ ৫ ॥

শাঙ্করভাষ্যং

ন্যসনাদেবেতি নাপি সংন্যসনাদেব কেবলাৎ কর্ম্মপরিত্যাগমাত্রাদেব জ্ঞানরহিতাৎ সিদ্ধিং নৈষ্কর্ম্ম্যলক্ষণাং জ্ঞানযোগেন নিষ্ঠাং সমধিগচ্ছতি ন প্রাপ্নোতি ॥ ৪ ॥

কস্মাৎ পুনঃ কারণাৎ কর্ম্মসংন্যাসমাত্রাদেব কেবলাৎ জ্ঞানরহিতাৎ সিদ্ধিং নৈষ্কর্ম্ম্য-লক্ষণাং পুরুষোনাধিগচ্ছতীতি হেত্বাকাঙ্ক্ষায়ামাহ ন হীতি । ন হি যস্মাৎ ক্ষণমপি কিঞ্চিৎ কালং জাতু কদাচিদপি কশ্চিত্তিষ্ঠত্যকর্ম্মকৃৎ সন্ কস্মাৎ কার্য্যতে হি যস্মাদবশএব কর্ম্ম সর্ব্বঃ প্রাণী প্রকৃতিজৈঃ প্রকৃতিতোজাতৈঃ সত্ত্বরজস্তমোভির্গুণৈঃ অজ্ঞইতি বাক্যশেষোযতোবক্ষ্য-তি গুণৈর্যোন বিচাল্যতইতি সাংখ্যানাং পৃথক্‌করণাদজ্ঞানামেব হি কর্ম্মযোগোন জ্ঞানিনাং জ্ঞানিনাস্তু গুণৈরচাল্যমানানাং স্বতশ্চলনাভাবাৎ কর্ম্মযোগোনোপপদ্যতে তথা চ ব্যাখ্যা-তং বেদাবিনাশিনমিত্যত্র ॥ ৫ ॥

আনন্দগিরিটীকা

পাযত্বোপপাদনং তদিদানীমুদাহরতি ইহাপি চেতি। ন কর্ম্মণামিত্যাদিনা পূর্ব্বার্দ্ধং ব্যাখ্যা-যোত্তরার্দ্ধং ব্যাখ্যাতুমাশঙ্কযতি নন্বিতি। আ-দিশব্দেন শান্তোদান্তউপরতস্তিতিক্ষুঃ সংন্যাস-যোগাদ্যতযঃ শুদ্ধসত্ত্বাইত্যাদি গৃহ্যতে। তত্রৈব লোকপ্রসিদ্ধিমনুকূলযতি লোকে চেতি। প্র-সিদ্ধতরং যতোযতোনিবর্ত্ততে ততস্ততোবিমুচ্য-তে নিবর্ত্তনাদ্ধি সর্ব্বতোন বেত্তি দুঃখমরাব-পীত্যাদিদর্শনাদিতি শেষঃ। লৌকিকবৈদিকপ্র-সিদ্ধিভ্যাং সিদ্ধমর্থমাহ অতশ্চেতি। তত্রোক্ত-রত্বেনোত্তরার্দ্ধমবতার্য্য ব্যাকরোতি অতআহে-ত্যাদিনা। এবকারার্থমাহ কেবলাদিতি। ত-দেব স্পষ্টযতি কর্ম্মেতি। উক্তমেব নঞমনুকৃষ্য ক্রিযাপদেন সঙ্গতিং দর্শযতি ন প্রাপ্নোতী-তি। ৪।

উক্তেঽর্থে বুভুৎসিতং হেতুং বক্তুমুত্তরশ্লো-কমুত্থাপযতি কস্মাদিতি। কস্মান্ন কর্ম্মসংন্যাসা-দেব সিদ্ধিমধিগচ্ছতীতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। কদাচিৎ ক্ষণমাত্রমপি ন কশ্চিদকর্ম্মকৃত্তিষ্ঠতীত্যত্র হেতু-ত্বেনোত্তরার্দ্ধং ব্যাচষ্টে কস্মাদিতি। সর্ব্বশব্দাৎ জ্ঞানবানপি গুণৈরবশঃ সন্ কর্ম্ম কার্য্যতে তত-শ্চ জ্ঞানবতঃ সংন্যাসবচনমনবকাশং স্যাদিত্যা-

আনন্দগিরিটীকা

স্বামিকৃতটীকা

ক্ষোভবিষ্যতি কিং কর্ম্মভিরিত্যাশঙ্ক্যোক্তং ন চেতি। ন চ চিত্তশুদ্ধিং বিনা কৃতাৎ সংন্যসনাদেব জ্ঞানশূন্যাৎ সিদ্ধিং মোক্ষং সমধিগচ্ছতি প্রাপ্নোতি। ৪।

কর্ম্মণাঞ্চ সন্ন্যাসস্তেষ্বনাসক্তিমাত্রং ন তু স্বরূপেণাশক্যত্বাদিত্যাহ ন হি কশ্চিদিতি। জাতু কস্যাঞ্চিদপ্যবস্থাযাং ক্ষণমাত্রমপি কশ্চি-দপি জ্ঞানী অজ্ঞানোবা অকর্ম্মকৃৎ কর্ম্মাণ্যকুর্ব্বা-ণোন তিষ্ঠতি। অত্র হেতুঃ প্রকৃতিজৈঃ স্বভাব-প্রভবৈরাগদ্বেষাদিভির্গুণৈঃ সর্ব্বোঽপি জনঃ কর্ম্ম কার্য্যতে কর্ম্মণি প্রবর্ত্ততে অবশোঽস্বতন্ত্রঃ সন্। ৫।

করিলেই মুক্তি হইবেক, কর্ম্ম সকলের কি প্রয়োজন? এই আশঙ্কায় কহিতেছেন যে, তাহা নহে, কেননা নিষ্কাম কর্ম্মানুষ্ঠান দ্বারা চিত্ত শুদ্ধ না করিলে জ্ঞানের অভাব হেতু মোক্ষ প্রাপ্তি হয় না॥ ৪॥

কর্ম্ম সকলের সংন্যাস কেবল কর্ম্মেতে আসক্তি রহিত হওয়া মাত্র, নতুবা বাস্তবিক কর্ম্ম সকলের সংন্যাস অর্থাৎ পরিত্যাগ করা অসাধ্য, তাহাই কহিতেছেন যে কদাচিৎ কোন অবস্থায় ক্ষণমাত্রের জন্যও কোন জ্ঞানী অথবা অজ্ঞানী কর্ম্ম না করিয়া থাকিতে পারেন না, তাহার কারণ এই যে প্রকৃতি অর্থাৎ স্বভাবের প্রভাবে রাগ দ্বেষাদি গুণে সকল মনুষ্যই পরতন্ত্র হইয়া কর্ম্ম করিতে প্রবৃত্ত হয়েন ॥ ৫ ॥

কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য যআস্তে মনসা স্মরন্।
ইন্দ্রিয়ার্থান্ বিমূঢাত্মা মিথ্যাচারঃ সউচ্যতে।৬।
যস্ত্বিন্দ্রিয়াণি মনসা নিয়ম্যারভতেঽর্জুন।
কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মযোগমশক্তঃ সবিশিষ্যতে।৭।

শাঙ্করভাষ্যং

যস্ত্বনাত্মজ্ঞচোদিতং কর্ম্ম না রভতইতি তদসদেবেত্যাহ কর্ম্মেন্দ্রিযাণীতি। কর্ম্মেন্দ্রিযাণি হস্তাদীনি সংযম্য সংহৃত্য যআস্তে তিষ্ঠতি মনসা স্মরন্নিন্দ্রিযার্থান্ বিষযান্ বিমূঢাত্মা বিমূঢান্তঃকরণোমিথ্যাচারোমৃষাচারঃ পাপাচারঃ সউচ্যতে।৬।

যস্ত্বিতি। যস্তু পুনঃ কর্ম্মণ্যধিকৃতোঽজ্ঞোবুদ্ধীন্দ্রিযাণি মনসা নিযম্যারভতেঽর্জ্জুন কর্ম্মেন্দ্রিযৈর্ব্বাক্পাণ্যাদিভিঃ, কিমারভতে ইত্যাহ কর্ম্মযোগমশক্তঃ সন্ ফলাভিসন্ধিবর্জ্জিতঃ সবিশিষ্যতে ইতরস্মান্মিথ্যাচারাৎ।৭।

আনন্দগিরিটীকা

শঙ্ক্যাহ্ অজ্ঞইতীতি। তমেব বাক্যশেষং বাক্যশেষাবষ্টম্ভেন স্পষ্টযতি যতইতি। আত্মজ্ঞানবতোগুণৈরবিচাল্যতযা গুণাতীতত্ববচনাদজ্ঞস্যৈব সত্ত্বাদিগুণৈরিচ্ছাভেদেন কার্য্যকরণসংঘাতং প্রবর্ত্তযিতুমশক্তস্যাজিতকার্য্যকরণসংঘাতস্য ক্রিযাসু প্রবর্ত্তমানত্বমিত্যর্থঃ। জ্ঞানযোগেনেত্যাদিনা উক্তন্যাযাচ্চ বাক্যশেষোপপত্তিরিত্যাহ্ সাংখ্যানামিতি। জ্ঞানিনোগুণপ্রযুক্তচলনাভাবেঽপি স্বাভাবিকচলনবলাৎ কর্ম্মযোগোভবিষ্যতীত্যাশঙ্ক্যাহ্ জ্ঞানিনাং ত্বিতি। প্রত্যগাত্মনি স্বারসিকচলনাসম্ভবে প্রাগুক্তং ন্যাযং স্মারযতি তথা চেতি।৫।

আত্মজ্ঞবদনাত্মজ্ঞস্যাপি তর্হি কর্ম্মাকুর্ব্বতোন প্রত্যবাযঃ শরীরেন্দ্রিযসংঘাতং নিযন্তুমসমর্থস্য মূর্খস্যাপি সংন্যাসসম্ভবাদিত্যাশঙ্ক্যাহ্ যস্ত্বিতি। তস্য চোদিতাকরণং তচ্ছব্দেন পরামৃশ্যতে তদসদিতি। মিথ্যাচারত্বাদিতিভাবঃ। মিথ্যাচারতামেব বর্ণযতি কর্ম্মেন্দ্রিযাণীতি।৬।

অনাত্মজ্ঞস্য চোদিতমকুর্ব্বতোজাগ্রতোবিষযান্তরদর্শনধ্রৌব্যাৎ মিথ্যাচারস্তেন প্রত্যবাযিত্বমুক্তা বিহিতমনুতিষ্ঠতস্তস্যৈব ফলাভিলাষবিকলস্য সদাচারত্বেন বৈশিষ্ট্যমাচষ্টে যস্ত্বিন্দ্রিযাণীতি। বিহিতমনুতিষ্ঠতোমূর্খাৎ কর্ম্মত্যাজতোবৈশিষ্ট্যমক্ষরযোজনযা স্পষ্টযতি যস্তু পুনরিতি।৭।

আনন্দগিরিটীকা

স্বামিকৃতটীকা

অতোঽজ্ঞং কর্ম্মত্যাগিনং নিন্দতি কর্ম্মেন্দ্রিযাণীতি। বাক্পাণ্যাদীনি কর্ম্মেন্দ্রিযাণি সংযম্য নিগৃহ্য যোমনসা ভগবদ্ধ্যানচ্ছলেন ইন্দ্রিযার্থান্ বিষযান্ স্মরন্নাস্তেঽবিশুদ্ধতযা মনসা আত্মনি স্থৈর্য্যাভাবাৎ সমিথ্যাচারঃ কপটাচারোদাম্ভিকউচ্যতইত্যর্থঃ।৬।

এতদ্বিপরীতঃ কর্ম্মকর্ত্তা তু শ্রেষ্ঠইত্যাহ্ যস্ত্বিন্দ্রিযাণীতি। যস্তু জ্ঞানেন্দ্রিযাণি মনসা নিযম্য ঈশ্বরপরাণি কৃত্বা কর্ম্মেন্দ্রিযৈঃ কর্ম্মরূপং যোগমুপাযমারভতেঽনুতিষ্ঠতি অশক্তঃ ফলাভিলাষরহিতঃ সবিশিষ্যতে বিশিষ্টোভবতি চিত্তশুদ্ধ্যা জ্ঞানবান্ ভবতীত্যর্থঃ।৭।

অতএব অজ্ঞ কর্ম্মত্যাগী ব্যক্তিকে নিন্দা করিতেছেন যে, আত্ম স্বরূপে স্থিরতর না করিতে পারিয়া বাক্ হস্ত পাদাদি কর্ম্মেন্দ্রিয় গণকে বশীভূত অর্থাৎ নিগ্রহ করত মনের অশুদ্ধতা জন্য যে ব্যক্তি ভগবানের ধ্যান ছলে ইন্দ্রিয় গণের অর্থ স্বরূপ বিষয়াদি স্মরণ করিয়া থাকে, সেই মিথ্যাচার ব্যক্তি কপটাচার অর্থাৎ দাম্ভিক শব্দের বাচ্য হয়।৬।

ইহার বিপরীত অর্থাৎ কর্ম্মকারী ব্যক্তিই যে শ্রেষ্ঠ তাহা কহিতেছেন, ফলাভিলাষ রহিত ব্যক্তি জ্ঞানেন্দ্রিয় সকলকে মন দ্বারা বশীভূত করিয়া অর্থাৎ ঈশ্বরপরতাতে নিবিষ্ট করিয়া সমস্ত কর্ম্মেই আপনাকে অন্তর্যামীর অধীন জানিয়া কর্ম্মেন্দ্রিয় দ্বারা কর্ম্মরূপযোগের আরম্ভ অর্থাৎ অনুষ্ঠান করেন, সেই ফলাভিলাষরহিত ব্যক্তিই বিশিষ্ট হয়েন অর্থাৎ চিত্ত শুদ্ধি দ্বারা জ্ঞানবান্ হয়েন।৭।

নিয়তং কুরু কর্ম্ম ত্বং কর্ম্ম জ্যায়োহ্যকর্ম্মণঃ।
শরীরযাত্রাপি চ তে ন প্রসিধ্যেদকর্ম্মণঃ ॥ ৮ ॥
যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ।
তদর্থং কর্ম্ম কৌন্তেয় মুক্তসঙ্গঃ সমাচর ॥ ৯ ॥

শাঙ্করভাষ্যং

যতএবমতোনিযতং নিত্যং শাস্ত্রোপদিষ্টং যোযস্মিন্ কর্ম্মণ্যধিকৃতঃ ফলায চাশ্রুতং তন্নিযতং কর্ম্ম তৎ কুরু ত্বং হেঅর্জ্জুন যতঃ কর্ম্ম জ্যাযোধিকতরং ফলতোহি যস্মাদকর্ম্মণোঽকরণাদনারম্ভাৎ, কথং শরীরযাত্রা শরীরস্থিতিরপি চ তে তব ন প্রসিধ্যেৎ প্রসিদ্ধিং ন গচ্ছেদকর্ম্মণোঽকরণাৎ অতোদৃষ্টঃ কর্ম্মাকর্ম্মণোরর্থবিশেষোলোকে ॥ ৮ ॥

যচ্চ মন্যসে বন্ধার্থত্বাৎ কর্ম্ম ন কর্ত্তব্যমিতি তদপ্যসৎ কথং যজ্ঞার্থাদিতি ॥ যজ্ঞোবৈ বিষ্ণুরিতি শ্রুতের্যজ্ঞঈশ্বরস্তদর্থং যৎ ক্রিযতে তদযজ্ঞার্থং কর্ম্ম তস্মাৎ কর্ম্মণোঽন্যত্রান্যেন কর্ম্মণা লোকোযমধিকৃতঃ কর্ম্মকৃৎ কর্ম্মবন্ধনঃ কর্ম্ম বন্ধনং যস্য সোযং কর্ম্মবন্ধনোলোকোন তু যজ্ঞা-

আনন্দগিরিটীকা

কর্ম্মানুষ্ঠাযিনোবৈশিষ্ট্যমুপদিষ্টমনূদ্য তদনুষ্ঠানমধিকৃতেন কর্ত্তব্যমিতি নিগমযতি যতইতি। উক্তমেব হেতুং ভগবদনুমতিকথনেন স্ফুটযতি কর্ম্মেতি। ইতশ্চ ত্বযা কর্ত্তব্যং কর্ম্মেত্যাহ শরীরেতি। তন্নিযতং তস্যাধিকৃতস্যেতি সম্বন্ধঃ। স্বর্গাদিফলে দর্শপূর্ণমাসাদাবধিকৃতস্য তস্য তদপি নিত্যং স্যাদিত্যাশঙ্ক্য বিশিনষ্টি ফলাযেতি। নিত্যং কর্ম্মেতি নিযমেন কর্ত্তব্যমিত্যত্র হেতুমাহ যতইতি। হি শব্দোপাত্তমুক্তমেব হেতুমনুবদতি যস্মাদিতি। করণস্যাকরণাজ্জ্যাযস্ত্বং প্রশ্নপূর্ব্বকং প্রকটযতি কথমিত্যাদিনা। সত্যেব কর্ম্মাণি দেহাদিচেষ্টাদ্বারা শরীরং স্থাতুং পারযতি তদভাবে জীবনমেব দুর্লভং ভবেদিতি ফলিতমাহ অতইতি ॥ ৮ ॥

কর্ম্মণা বধ্যতে জন্তুরিতি স্মৃতের্বন্ধার্থং কর্ম্ম তৎ ন শ্রেযোঽর্থিনা কর্ত্তব্যমিত্যাশঙ্কামনূদ্য দূষযতি যচ্চেত্যাদিনা। কর্ম্মাধিকৃতস্য তদকরণমযুক্তমিতি প্রতিজ্ঞাতং প্রশ্নপূর্ব্বকং বিবৃণোতি কথমিত্যাদিনা। ফলাভিসন্ধিমন্তরেণ যজ্ঞার্থং কর্ম্ম কুর্ব্বাণস্য বন্ধাভাবাৎ তাদর্থ্যেন কর্ম্ম কর্ত্ত-

স্বামিকৃতটীকা

নিযতমিতি। যস্মাদেবং তস্মান্নিযতং নিত্যং কর্ম্ম সন্ধ্যোপাসনাদি কুরু হি যস্মাদকর্ম্মণঃ সর্ব্বকর্ম্মণোঽকরণাৎ সকাশাৎ কর্ম্মকরণং জ্যাযোঽধিকতরং। অন্যথা অকর্ম্মণঃ সর্ব্বকর্ম্মশূন্যস্য তব শরীরনির্ব্বাহোঽপি ন ভবেৎ ॥ ৮ ॥

সাংখ্যাস্তু সর্ব্বমপি কর্ম্ম বন্ধকত্বান্ন কার্য্যমিত্যাহুস্তন্নিরাকুর্ব্বন্নাহ যজ্ঞার্থাদিতি। যজ্ঞোবৈ বিষ্ণুরিতিশ্রুতেঃ, তদারাধনার্থাৎ কর্ম্মণোঽন্যত্র তদেকং বিনা লোকোঽযং কর্ম্মবন্ধনঃ কর্ম্মভির্বধ্যতে ন ত্বীশ্বরারাধনার্থেন কর্ম্মণা অতস্তদর্থং বিষ্ণুপ্রীত্যর্থং মুক্তসঙ্গোনিষ্কামঃ সন্ কর্ম্ম সম্যগাচর ॥ ৯ ॥

যেহেতু এরূপ হইল, অতএব কহিতেছেন যে, নিয়ত শব্দবাচ্য নিত্য কর্ম্ম সন্ধ্যা-উপাসনাদির অনুষ্ঠান কর, যেহেতু কর্ম্ম না করা হইতে কর্ম্ম করাই অধিক শ্রেয়, নতুবা কর্ম্ম না করিলে অর্থাৎ সমস্ত কর্ম্মশূন্য হইলে তোমার শরীর যাত্রা নির্ব্বাহ হইবেক না ॥ ৮ ॥

সাংখ্যমতাবলম্বিরা বন্ধনের কারণ হেতু সকল কর্ম্মই অকর্ত্তব্য কহেন, তাহাই নির্ণয় করিয়া কহিতেছেন, যজ্ঞই প্রসিদ্ধ বিষ্ণু অর্থাৎ যজ্ঞশব্দার্থই বিষ্ণু ইহা শ্রুতিতে কথিত হওয়াতে ভগবদারাধনা নিমিত্ত যে কর্ম্ম তাহার অন্যথা অর্থাৎ সেই কর্ম্ম বিনা অন্য কর্ম্ম লোক সকলকে সংসারে বদ্ধ করে, কিন্তু ঈশ্বর আরাধনার্থ কর্ম্ম তদ্রূপ নহে, অতএব বিষ্ণু প্রীত্যর্থ নিষ্কাম হইয়া কর্ম্ম সকল সম্যক্রূপে আচরণ কর ॥ ৯ ॥

সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ।
অনেন প্রসবিষ্যধ্বমেষবোঽস্ত্বিষ্টকামধুক্।১০।
দেবান্ ভাবয়তানেন তে দেবাভাবয়ন্তু বঃ।
পরস্পরং ভাবয়ন্তঃ শ্রেয়ঃ পরমবাপ্স্যথ। ১১।

শাঙ্করভাষ্যং

র্থাদতস্তদর্থং যজ্ঞার্থং কর্ম্ম কৌন্তেয় মুক্তসঙ্গঃ কর্ম্মফলসঙ্গবর্জ্জিতঃ সন্ সমাচর নির্ব্বর্ত্তয়।৯।

ইতশ্চাধিকৃতেন কর্ম্ম কর্ত্তব্যং সহেতি। সহযজ্ঞাযজ্ঞসহিতাঃ প্রজাস্ত্রয়োবর্ণাস্তাঃ সৃষ্ট্বা-ৎপাদ্য পুরা পূর্ব্বং সর্গাদাবুবাচোক্তবান্ প্রজাপতিঃ প্রজানাং স্রষ্টা অনেন যজ্ঞেন প্রসবিষ্যধ্বং প্রসবোবৃদ্ধিরুৎপত্তিস্তাং কুরুধ্বমেষবোযজ্ঞঃ যুষ্মাকমস্তু ভবতু ইষ্টকামধুক্ ইষ্টা-নভিপ্রেতান্ কামান্ ফলবিশেষান্ দোগ্ধীতীষ্টকামধুক্। ১০।

কথং দেবানিতি। দেবানিন্দ্রাদীন্ ভাবযত বর্দ্ধযতানেন যজ্ঞেন তে দেবাভাবযন্তু আ-প্যাযন্তু বৃষ্ট্যাদিনা বোযুষ্মানেবং পরস্পরমন্যোন্যং ভাবযতঃ শ্রেযঃপরমপি মোক্ষলক্ষণং জ্ঞানপ্রাপ্তিং ক্রমেণাবাপ্স্যথ স্বর্গং বা পরং শ্রেযোবাবাপ্স্যথ। ১১।

আনন্দগিরিটীকা

ব্যমিত্যাহ তদর্থমিতি। যজ্ঞার্থং কর্ম্মেত্যযুক্তং ন হি কর্ম্মার্থমেব কর্ম্মেত্যাশঙ্ক্য ব্যাচষ্টে যজ্ঞোবৈ বিষ্ণুরিতি। কথং তর্হি কর্ম্মণা বধ্যতে জন্তুরিতি স্মৃতিস্তত্রাহ তস্মাদিতি। ঈশ্বরার্পণবুদ্ধ্যা কৃতস্য কর্ম্মণোবন্ধার্থত্বাভাবে ফলিতমাহ অতইতি। ৯।

নিত্যস্য কর্ম্মণোনৈমিত্তিকসহিতস্যাধিকৃতেন কর্ত্তব্যত্বে হেত্বন্তরপরত্বেনানন্তরশ্লোকমবতারয়তি ইতশ্চেতি। কথং পুনরনেন যজ্ঞেন বৃদ্ধিরস্মাভিঃ শক্যা কর্ত্তুমিত্যাশঙ্ক্যাহ এষইতি। ১০।

কথং পুনরভীষ্টফলবিশেষহেতুত্বং যজ্ঞস্য বিজ্ঞাযতে ন হি দেবতাপ্রসাদাদৃতে স্বর্গাদিরভ্যুদযোলভ্যতে নাপি সম্যগ্দর্শনমন্তরেণ নিঃশ্রেযসং সেদ্ধুং পারযতীতি শঙ্কতে কথমিতি। তত্র শ্লোকেনোত্তরমাহ দেবানিতি। মুমুক্ষুবুভুক্ষুত্ববিভাগেন শ্রেযসি বিকল্পঃ। ১১।

স্বামিকৃতটীকা

প্রজাপতিবচনাদপি কর্ম্মকর্ত্তৈব শ্রেষ্ঠইত্যাহ সহযজ্ঞাইতি চতুর্ভিঃ। যজ্ঞেন সহ বর্ত্তন্তইতি সহযজ্ঞাযজ্ঞাধিকৃতাব্রাহ্মণাদ্যাঃ প্রজাঃ পুরা সর্গাদৌ সৃষ্ট্বেদমুবাচ ব্রহ্মা অনেন যজ্ঞেন প্রসবিষ্যধ্বং প্রসবোবৃদ্ধিঃ উত্তরোত্তরামতিবৃদ্ধিং লভধ্বমিত্যর্থঃ, তত্র হেতুঃ এষযজ্ঞোবোযুষ্মাকমিষ্টকামধুক্ ইষ্টান্ কামান্ দোগ্ধীতি তথা অভীষ্টভোগপ্রদোঽস্ত্বিত্যর্থঃ, অত্র চ যজ্ঞগ্রহণমাবশ্যককর্ম্মোপলক্ষণার্থং, কাম্যকর্ম্মপ্রশংসা তু প্রকরণেঽসঙ্গতাপি সামান্যতোঽকর্ম্মণঃ কর্ম্ম শ্রেষ্ঠমিত্যেতদর্থমিত্যদোষঃ। ১০।

কথমিষ্টকামদোগ্ধা যজ্ঞোভবেদিত্যত্রাহ দেবানিতি। অনেন যজ্ঞেন যূযং দেবান্ভাবযত হবির্ভাগৈঃ সংবর্দ্ধযত তে চ দেবাবোযুষ্মান্ সংবর্দ্ধযন্তু বৃষ্ট্যাদিনাঽন্নোৎপত্তিদ্বারেণ, এ-

ব্রহ্মার বাক্য দ্বারাও কর্ম্মকর্ত্তাই যে শ্রেষ্ঠ, ইহাই চারি শ্লোক দ্বারা কহিতেছেন, যজ্ঞের সহিত বর্ত্তমান একারণ সহযজ্ঞ অর্থাৎ যজ্ঞাধিকারী ব্রাহ্মণাদি প্রজা সকলকে পূর্ব্বে স্বর্গাদি সৃষ্টি করণানন্তর ব্রহ্মা এই বাক্য কহিয়াছিলেন যে,এই যজ্ঞের অনুষ্ঠান দ্বারা তোমরা বৃদ্ধি প্রাপ্ত হও, প্রসবশব্দার্থ বৃদ্ধি অর্থাৎ উত্তরোত্তর অতি বৃদ্ধি প্রাপ্ত হইতে থাক, তাহার কারণ এই যে, যজ্ঞ তোমারদিগের ইষ্ট কামনা সকলের প্রদাতা, সুতরাং অভীষ্ট ফলভোগ দাতা হয়েন। এস্থলে যজ্ঞাদি শব্দ নিত্য কর্ম্ম সকলের উপলক্ষণার্থ, আর এ স্থলে কাম্য কর্ম্মের প্রশংসা করা অসঙ্গত হইলেও স্বাভাবিক কোন কর্ম্ম না করা হইতে কাম্য কর্ম্ম করাও উত্তম, অতএব তাহাতে কোন দোষ নাই,ইহাই কথিত হইল। ১০।

যজ্ঞ কি প্রকারে ইষ্টকাম দাতা হইবে ইহাই কহিতেছেন যে,এই যজ্ঞ দ্বারা তোমরা দেবতাগণকে ঘৃতাহুতি প্রদান পূর্ব্বক বৃদ্ধি কর, আর সেই দেবতা সকলও তোমারদের

ইষ্টান্ ভোগান্ হি বোদেবাদাস্যন্তে যজ্ঞভাবিতাঃ।
তৈর্দত্তান প্রদায়ৈভ্যোযোভুঙ্‌ক্তে স্তেনএব সঃ।১২।
যজ্ঞশিষ্টাশিনঃ সন্তোমুচ্যন্তে সর্ব্বকিল্বিষৈঃ।

শাঙ্করভাষ্যং

কিঞ্চ ইষ্টান্ ভোগানিতি। ইষ্টানভিপ্রেতান্ ভোগান্ হি বোযুষ্মভ্যং দেবাদাস্যন্তে বিতরিষ্যন্তি স্ত্রীপশুপুত্রাদীন্ যজ্ঞভাবিতাযজ্ঞৈর্ব্বর্দ্ধিতাস্তোষিতাইত্যর্থঃ, তৈর্দ্দেবৈর্দ্দত্তান্ ভোগানপ্রদাযাদত্বা আনৃণ্যমকৃত্বেত্যর্থঃ এভ্যোদেবেভ্যোযোভুংক্তে স্বদেহেন্দ্রিযাণ্যেব তর্পযন্তি স্তেনএব তস্করএব সদেবাদিস্বাপহারী।১২।

যে পুনঃ দেবযজ্ঞাদীন্নির্ব্বর্ত্ত্য তচ্ছিষ্টমশনমমৃতাখ্যমশিতুং শীলং যেষাং তে যজ্ঞশিষ্টাশিনঃ সন্তোমুচ্যন্তে সর্ব্বকিল্বিষৈঃ সর্ব্বৈঃ পাপৈশ্চুল্ল্যাদিপঞ্চশূনাকৃতৈঃ প্রমাদকৃতহিংসাদি-

আনন্দগিরিটীকা

ইতশ্চাধিকৃতেন কর্ম্ম কর্ত্তব্যমিত্যাহ কিঞ্চেতি। কথমস্মাভির্ভাবিতাঃ সন্তোদেবাভাবযিষ্যন্তি অস্মানিতি তদাহ ইষ্টানিতি। যজ্ঞানুষ্ঠানেন পূর্ব্বোক্তরীত্যা স্বর্গাপবর্গযোর্ভাবেপি কথং স্ত্রীপশুপুত্রাদিসিদ্ধিরিত্যাশঙ্ক্য পূর্ব্বার্দ্ধং ব্যাকরোতি ইষ্টানভিপ্রেতানিতি। পশ্বাদিভিশ্চ যজ্ঞানুষ্ঠানদ্বারা ভোগোনিবর্ত্তনীযোঽন্যথা প্রত্যবাযপ্রসঙ্গাদিত্যুত্তরার্দ্ধং ব্যাচষ্টে তৈরিতি। আনৃণ্যমকৃত্বেত্যযমর্থঃ, দেবানামৃষীণাং পিতৃণাঞ্চ যজ্ঞেন ব্রহ্মচর্য্যেণ প্রজযা চ সন্তোষমনাপাদ্য স্বকীযং কার্য্যকারণ সংঘাতমেব পোষ্টুং ভুঞ্জানস্তস্করোভবতীতি।১২।

দেবাদিভ্যঃ সম্বিভাগমকৃত্বা ভুঞ্জানানাং প্রত্যবাযিত্বমুক্ত্বা তদন্যেষাং সর্ব্বদোষরাহিত্যং দর্শযতি যে পুনরিতি। যজ্ঞশিষ্টাশিনোযে পুনস্তে তাদৃশাঃ সন্তঃ সর্ব্বকিল্বিষৈর্মুচ্যন্তইতি যোজনা। তৈর্দত্তানিত্যাদিনোক্তং নিগময়তি ভুঞ্জতইতি। দেবযজ্ঞাদীনিত্যাদিশব্দেন পিতৃযজ্ঞোমনষ্যযজ্ঞোভূতযজ্ঞোবহ্মযজ্ঞশ্চেতি চত্বারোযজ্ঞাঃ গৃহ্যন্তে, চুল্লীশব্দেন পিঠরধারণাদ্যর্থক্রিযাং কুর্ব্বতোবিন্যাসবিশেষবস্তুস্তযোগ্রাবাণোবিবক্ষ্যন্তে, আদিশব্দেন কণ্ডনী পেষণী মার্জ্জন্যুদককুম্ভশ্চেত্যেতে হিংসাহেতবোগৃহীতাস্তান্যেতানি পঞ্চপ্রাণিনাং শূনাস্থানানি হিংসাকারণানি তৎপ্রযুক্তৈঃ সর্ব্বৈরপি বুদ্ধিপূর্ব্বকৈর্দুরিতৈর্মুচ্যন্তইতি সম্বন্ধঃ, প্রমাদোবিচারব্যতিরেকেণাবুদ্ধিপূর্ব্বকমুপনতং পাদপাতাদিকার্য্যং তেন প্রা-

স্বামিকৃতটীকা

বমন্যোন্যং সংবর্দ্ধয়ন্তোদেবাশ্চ যূযঞ্চ পরস্পরং শ্রেযোঽভীষ্টমর্থং প্রাপ্স্যথ।১১।

এতদেব স্পষ্টীকুর্ব্বন্ কর্ম্মাকরণে দোষমাহ ইষ্টানিতি। যজ্ঞৈর্ভাবিতাদেবাবৃষ্ট্যাদিদ্বারেণ বোযুষ্মভ্যং ভোগান্ দাস্যন্তি হি অতোদেবৈর্দত্তানন্নাদীনেভ্যোদেবেভ্যঃ পঞ্চযজ্ঞাদিভিরদত্ত্বা যোভূঙ্ক্তে সতু চৌরএব জ্ঞেযঃ।১২।

ইতশ্চ যজন্তএব শ্রেষ্ঠানেতরইত্যাহ যজ্ঞশিষ্টাশিনইতি। বৈশ্বদেবাদিযজ্ঞাবশিষ্টং যেঽশ্নন্তি তে পঞ্চশূনাদিকৃতৈঃ সর্ব্বৈঃ কিল্বিষৈর্মুচ্যন্তে, পঞ্চসূনাশ্চ স্মৃতাবুক্তাঃ কণ্ডনী পেষ-

বৃদ্ধি করুণ অর্থাৎ জলবৃষ্টি করিয়া অন্নাদি উৎপত্তির দ্বারা বৃদ্ধিপ্রদ হউন, এইরূপ উভয়ে বৃদ্ধি করণানন্তর দেবতাগণ ও তোমরা পরস্পর অভীষ্ট অর্থ প্রাপ্ত হও।১১।

ইহা প্রকাশ রূপে বিবেচনা করণানন্তর কর্ম্ম না করাতে দোষ কহিতেছেন যে, যজ্ঞের দ্বারা বর্দ্ধিত দেবতাগণ বৃষ্ট্যাদি করণ পূর্ব্বক তোমারদিগকে ভোগ সকল দিবেন, অতএব পঞ্চ যজ্ঞাদি দ্বারা দেবতাদত্ত অন্নাদি ঐ সকল দেবতাদিগকে প্রদান না করিয়া যে ব্যক্তি ভোগ করে সে চোর ইহা জানিবে।১২।

একারণযজ্ঞ কারিরাই শ্রেষ্ঠ, অন্য ব্যক্তি শ্রেষ্ঠ নহে, ইহা কহিতেছেন যে, বৈশ্বদেবাদিকে দত্ত যজ্ঞের অবশিষ্টান্ন যিনি ভক্ষণ করেন তিনি পঞ্চশূনাকৃত সমস্ত পাপ হইতে মুক্ত হয়েন। স্মৃতিতে এইরূপ পঞ্চশূনা কথিত হইয়াছে যথা উদূখল, জাঁতা, এবং

ভুঞ্জতে তে ত্বঘং পাপাযে পচন্ত্যাত্মকারণাৎ ।১৩।
অন্নাদ্ভবন্তি ভূতানি পর্জ্জন্যাদন্নসম্ভবঃ ।
যজ্ঞাদ্ভবতি পর্জ্জন্যোযজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ । ১৪ ।

শাঙ্করভাষ্যং

জনিতৈশ্চান্যৈর্যে ত্বাত্মম্ভরযোভুঞ্জতে তে ত্বঘং পাপং স্বযমপি পাপাঃ যে পচন্তি পাকং নির্ব্বর্ত্তযন্তি আত্মকারণাদাত্মহেতোঃ । ১৩ ।

ইতশ্চাধিকৃতেন কর্ম্ম কর্ত্তব্যং জগচ্চক্রপ্রবৃত্তিহেতুর্হি কর্ম্ম কথমিত্যুচ্যতে অন্নাদ্ভবন্তীতি । অন্নাদ্ভুক্তাল্লোহিতরেতঃপরিণতাৎ প্রত্যক্ষং ভবন্তি জাযন্তে ভূতানি পর্জ্জন্যাদ্বৃষ্টেরন্নস্য সম্ভবঃ অন্নসম্ভবঃ যজ্ঞাদ্ভবতি পর্জ্জন্যঃ অগ্নৌ প্রাহিতাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে

আনন্দগিরিটীকা

ণিনাং হিংসা সম্ভাব্যতে আদিশব্দেনাশুচিসংস্পর্শাদি গৃহীতং,তদুখৈশ্চ পাপৈর্মহাযজ্ঞকারিণোমুচ্যন্তে, উক্তং হি,কণ্ডনং পেষণং চুল্লী উদকুম্ভশ্চ মার্জ্জনং । পঞ্চ শূনাগৃহস্থস্য পঞ্চযজ্ঞাৎ প্রণশ্যতীতি । পঞ্চ শূনাগৃহস্থস্য চুল্লী পেষণ্যবস্করঃ কণ্ডনী চৈব কুম্ভশ্চ বধ্যতে যাস্তু বাহযন্নিতি চ,অস্যাযমর্থঃ, যাযথোক্তাঃ পঞ্চ সংখ্যাকাগৃহস্থস্য শূনাস্তাযোবাহযন্নাপাদযন্ বর্ত্ততে তেন প্রাণিনোবুদ্ধিপূর্ব্বকঞ্চ বধ্যন্তে তৎপ্রযুক্তং সর্ব্বমপি পাপং মহাযজ্ঞানুষ্ঠানাৎ প্রণশ্যতীতি মহাযজ্ঞানুষ্ঠানস্তুত্যর্থং । তদনুষ্ঠানবিমুখান্ নিন্দতি যে ত্বিতি । আত্মম্ভরিত্বমেব স্ফোরযতি যে পচন্তীতি । স্বদেহেন্দ্রিযপোষণার্থমেব পাকং কুর্ব্বতাং দেবযজ্ঞাদিপরাঙ্মুখানাং পাপভূযস্ত্বং দর্শযতি ভুঞ্জতইতি । পাঠক্রমস্বর্থক্রমাদপবাধনীযঃ । ১৩ ।

দেবযজ্ঞাদিকং কর্ম্মাধিকৃতেন কর্ত্তব্যমিত্যত্র হেত্বন্তরমিতঃশব্দোপাত্তমেব দর্শযতি জগদিতি । ননু ভুক্তমন্নং রেতোলোহিতপরিণতিক্রমেণ প্রজারূপেণ জাযতে তচ্চান্নং বৃষ্টিসম্ভবং প্রত্যক্ষদৃষ্টং তৎ কথং কর্ম্মণোজগচ্চক্রপ্রবর্ত্তকত্বমিতি শঙ্কতে কথমিতি । পারম্পর্য্যেণ কর্ম্মণস্তদ্ধেতুত্বং সাধযতি উচ্যতইতি । উক্তেঽর্থে স্মৃত্যন্তরং সংবাদযতি অগ্নাবিতি । তত্র হি দেবতাভিধ্যানপূর্ব্বকং তদুদ্দেশেন প্রহিতাহুতিরপূর্ব্বতাং গতা রশ্মিদ্বারেণাদিত্যমারুহ্য বৃষ্ট্যা-

স্বামিকৃতটীকা

ণী চুল্লী উদকুম্ভী চ মার্জ্জনী । পঞ্চ শূনাগৃহস্থস্য তাভিঃ স্বর্গং ন গচ্ছতি । যে ত্বাত্মনোভোজনার্থমেব পচন্তি ন তু বৈশ্বদেবাদ্যর্থং তে পাপাদুরাচারাঅঘমেব ভুঞ্জতে । ১৩ ।

জগচ্চক্রপ্রবৃত্তিহেতুত্বাদপি কর্ম্ম কর্ত্তব্যমিত্যাহ অন্নাদিতি ত্রিভিঃ । অন্নাচ্ছুক্রশোণিতরূপেণ পরিণতাদ্ভূতান্যুৎপদ্যন্তে অন্নস্য চ সম্ভবঃ পর্জ্জন্যাদ্বৃষ্টেঃ, সচ পর্জ্জন্যোযজ্ঞাদ্ভবতি, সচ যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ কর্ম্মণা যজমানাদিব্যাপারেণ সম্যক্ সংপদ্যতইত্যর্থঃ, অগ্নৌ প্রাহিতাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে, আদিত্যাজ্জাযতে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজাইতি শ্রুতেঃ । ১৪ ।

চুল্লী, জলকুম্ভ, ও ঝাঁটা, গৃহস্থদিগের এই পাঁচ প্রকার হিংসার স্থান আছে, তজ্জন্য তাহারা স্বর্গে যাইতে পারে না, অতএব যিনি আপনার ভোজনের নিমিত্তেই পাক করেন,এবং বৈশ্বদেবাদিকে তাহা দেন না, সেই পাপাচারি ব্যক্তি পাপ ভোগ করেন । ১৩ ।

সংসার চক্রে প্রবৃত্ত হওনের হেতু যে কর্ম্ম করা কর্ত্তব্য তাহা তিন শ্লোক দ্বারা কহিতেছন, অন্নের শুক্র শোণিত রূপে রূপান্তরাপত্তি দ্বারা ভূতসকল উৎপন্ন হয়, ও মেঘের বৃষ্টি হইতে সেই অন্নের উৎপত্তি হয়, আর সেই মেঘ যজ্ঞীয় ধূমাদি দ্বারা উৎপন্ন হয় এবং সেই যজ্ঞ যজ্ঞকারিদিগের ব্যাপার দ্বারা সম্পূর্ণ রূপে নিষ্পন্ন হয়, যথা অগ্নিতে প্রদত্ত আহুতি সকল সূর্য্যলোকে থাকে অতএব সূর্য্য হইতে বৃষ্টির জন্ম,বৃষ্টি হইতে অন্ন, আর সেই অন্ন হইতে প্রজা জন্মে ইহা শ্রুতিতে কথিত হইয়াছে । ১৪ ।

কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি ব্রহ্মাক্ষরসমুদ্ভবং। ত-
স্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতং ॥১৫॥

শাঙ্করভাষ্যং

আদিত্যাজ্জায়তে বৃষ্টির্ব্বৃষ্টেরন্নং ততঃ প্রজাইতি যজ্ঞোঽপূর্ব্বং সচ যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ ঋত্বিগ্‌যজমানযোশ্চ ব্যাপারঃ কর্ম্ম ততঃ সমুদ্ভবোযস্য যজ্ঞস্যাপূর্ব্বস্য সযজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ।১৪।

তচ্চ এবম্বিধং কর্ম্ম কুতোজাতমিত্যাহ কর্ম্মেতি। তচ্চ কর্ম্ম ব্রহ্মোদ্ভবং ব্রহ্ম বেদঃ স-উদ্ভবোযস্য তৎ কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি বিজানীহি ব্রহ্মপুনর্ব্বেদাখ্যমক্ষরসমুদ্ভবং অক্ষরং ব্রহ্ম পরমাত্মা সমুদ্ভবোযস্য তদক্ষরসমুদ্ভবং ব্রহ্ম বেদইত্যর্থঃ, যস্মাৎ সাক্ষাৎপরমাত্মা-খ্যাদক্ষরাত্তৎপুরুষনিশ্বাসবৎ সমুদ্ভবং ব্রহ্ম তস্মাৎ সর্ব্বার্থপ্রকাশকত্বাৎ সর্ব্বগতমপি সৎ নিত্যং সদা যজ্ঞবিধিপ্রধানত্বাদ্‌যজ্ঞে প্রতিষ্ঠিতং। ১৫।

আনন্দগিরিটীকা

অন্না পৃথিবীং প্রাপ্য ব্রীহিযবাদ্যন্নভাবমাপদ্য সংস্কৃতোভূত্বা শুক্রশোণিতরূপেণ পরিণতা প্র-জাভাবং প্রাপ্নোতীত্যর্থঃ। যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভ-বইত্যযুক্তং স্বস্যৈব স্বোদ্ভবে কারণত্বাযোগাদি-ত্যাশঙ্ক্যাহ ঋত্বিগিতি। দ্রব্যদেবতযোঃ সংগ্রা-হকশ্চকারঃ। ১৪।

যদপূর্ব্বহেতুত্বেন কর্ম্মোক্তং তৎ কিং চৈ-ত্যবন্দনাদি কিম্বাগ্নিহোত্রাদি ইতি সন্দিহানং প্রত্যাহ কর্ম্মেতি। কিমিতি কর্ম্মণোব্রহ্মোদ্ভব-ত্বমুচ্যতে সর্ব্বস্য তদুদ্ভবত্বাবিশেষাদিত্যাশঙ্ক্যা-হ ব্রহ্মবেদইতি। ব্রহ্ম তর্হি বেদাখ্যমনাদি-নিধনমিতি তত্রাহ ব্রহ্ম পুনরিতি। অক্ষরাত্ম-নোবেদস্য পুনরক্ষরেভ্যঃ সকাশাদেব সমুদ্ভ-বোন সম্ভবতীত্যাশঙ্ক্যাহ অক্ষরমিতি। ব্রহ্মেত্য-ক্ষরমেবোক্তং,তৎ কথং তস্মাদেবোদ্ভবতীত্যাশ-ঙ্ক্য ব্রহ্মশব্দার্থমুক্তমেব স্মারযতি ব্রহ্মবেদইতি। ননু ব্রহ্মশব্দিতস্য বেদস্যাপি পৌরুষেযত্বাৎ প্রামাণ্যসন্দেহাৎ কথং তদুক্তমগ্নিহোত্রাদিকং কর্ম্ম নির্দ্ধারযিতুং শক্যতে তত্রাহ যস্মাদিতি।

আনন্দগিরিটীকা

কথং তর্হি তস্য যজ্ঞে প্রতিষ্ঠিতত্বং সর্ব্বগ-তত্বে বিশেষাযোগাদিত্যাশঙ্ক্যাহ সর্ব্বগতম-পীতি। ১৫।

স্বামিকৃতটীকা

তথা কর্ম্মেতি। তচ্চ যজমানাদিব্যাপাররূ-পং কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি ব্রহ্ম বেদস্তস্মাৎ প্র-বৃত্তং জানীহি, তচ্চ বেদাখ্যং ব্রহ্ম অক্ষরাৎ পরব্রহ্মণঃ সমুদ্ভূতং জানীহি, অস্য মহতো-ভূতস্য নিশ্বসিতমেতদৃগ্বেদোযজুর্ব্বেদঃ সাম-বেদইতিশ্রুতেঃ, যতএবমক্ষরাদেব যজ্ঞপ্রবৃত্তে-রত্যন্তমভিপ্রেতোযজ্ঞস্তস্মাৎ সর্ব্বগতমপ্যক্ষরং ব্রহ্ম নিত্যং সর্ব্বদা যজ্ঞে প্রতিষ্ঠিতং যজ্ঞেনো-পাযভূতেন প্রাপ্যতইতি যজ্ঞে প্রতিষ্ঠিতমুচ্য-তইতি উদ্যমস্থা সদা লক্ষীরিতিবৎ। যদ্বা যস্মা-জ্জগচ্চক্রস্য মূলং কর্ম্ম তস্মাৎ সর্ব্বগতং মন্ত্রার্থবা-দৈঃ সর্ব্বেষু ভূতার্থাখ্যানাদিষু গতং স্থিতমপি বেদাখ্যং ব্রহ্ম সর্ব্বদা যজ্ঞে তাৎপর্য্যেণ প্রতিষ্ঠি-তং অতোযজ্ঞাদি কর্ম্ম কর্ত্তব্যমিত্যর্থঃ। ১৫।

যজ্ঞকারিদিগের ব্যাপার রূপ কর্ম্ম ব্রহ্মোদ্ভবজানিবে অর্থাৎ ব্রহ্ম শব্দার্থ যে বেদ তাহা হইতেই কর্ম্মের বিধান জানিবে, আর ব্রহ্মাখ্য বেদ সকল অক্ষর শব্দবাচ্য পরব্রহ্ম হইতে উদ্ভূত হইয়াছে জানিবে, যেহেতু এই পরব্রহ্মের নিশ্বাস রূপ এই ঋগ্বেদ ও যজু-র্ব্বেদ ও সামবেদ হয়েন ইহা শ্রুতিতে উক্ত হইয়াছে, অতএব পরব্রহ্ম হইতেই যজ্ঞের প্রবৃত্তি হেতু এই যজ্ঞ করা আমার অত্যন্ত অভিপ্রেত হয়, একারণ সর্ব্বব্যাপি অক্ষর স্বরূপ যে ব্রহ্ম তিনি সর্ব্বদাই যজ্ঞেতে প্রতিষ্ঠিত, অর্থাৎ যজ্ঞরূপ উপায় দ্বারা প্রাপ্য হয়েন, ইহাই যজ্ঞে প্রতিষ্ঠিত শব্দে কথিত হইল, যেমন উদ্যোগ করিলেই সর্ব্বদা লক্ষ্মী লাভ হয়, তদ্রূপ এতদ্বিষয়ও জানিবে। অথবা যেহেতু জগৎচক্রের মূল এই কর্ম্ম অতএব সর্ব্বগত অর্থাৎ মন্ত্র ও অর্থবাদ দ্বারা সমস্ত মনুষ্য এবং অনাদিকাল স্থিত বেদাখ্য যে ব্রহ্ম তিনি সর্ব্বদা যজ্ঞেতে তাৎপর্য্য দ্বারা প্রতিষ্ঠিত হয়েন, অতএব যজ্ঞাদি কর্ম্ম কর্ত্তব্য। ১৫।

এবং প্রবর্ত্তিতং চক্রং নানুবর্ত্তয়তীহ যঃ।
অঘায়ুরিন্দ্রিয়ারামো মোঘং পার্থ স জীবতি ।১৬।

শাঙ্করভাষ্যং

এবমিতি। এবমীশ্বরেণ বেদযজ্ঞপূর্ব্বকং জগচ্চক্রং প্রবর্ত্তিতং নানুবর্ত্তয়তীহ লোকে যঃ কর্ম্মণ্যধিকৃতঃ সন্নঘায়ুরঘং পাপমায়ুর্জীবনং যস্য সোঽঘায়ুঃ পাপজীবনইতি যাবৎ ইন্দ্রিয়ারামইন্দ্রিয়ৈরারমণমাক্রীড়া বিষয়েষু যস্য সইন্দ্রিয়ারামো মোঘং বৃথা হে পার্থ সজীবতি তস্মাদজ্ঞেনাধিকৃতেন কর্ত্তব্যমেব কর্ম্মেতি প্রকরণার্থঃ, প্রাগাত্মজ্ঞাননিষ্ঠাযোগ্যতাপ্রাপ্তেস্তাদর্থ্যেন কর্ম্মযোগানুষ্ঠানমধিকৃতেনানাত্মজ্ঞেন কর্ত্তব্যমিত্যেতৎ ন কর্ম্মণামনারম্ভাদিত্যত আরভ্য শরীরযাত্রাপি চ তে ন প্রসিধ্যেদকর্ম্মণইত্যেবমন্তেন প্রতিপাদ্য যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্রেত্যাদিনা মোঘং পার্থ সজীবতীত্যেবমন্তেনাপি গ্রন্থেন প্রাসঙ্গিকমধিকৃতস্যানাত্মবিদঃ কর্ম্মানুষ্ঠানে বহুকারণমুক্তং তদকরণে চ দোষসংকীর্ত্তনং কৃতং । ১৬।

এবং স্থিতে কিমেবং প্রবর্ত্তিতং চক্রং সর্ব্বেণানুবর্ত্তনীয়মাহোস্বিৎ পূর্ব্বোক্তকর্ম্মযোগানুষ্ঠানোপায়প্রাপ্যামাত্মবিদোজ্ঞানযোগেনৈব নিষ্ঠামাত্মবিদ্ভিঃ সাংখ্যৈরনুষ্ঠেয়ামপ্রাপ্তেনৈবেত্যেবমর্থমর্জ্জুনস্য প্রশ্নমাশঙ্ক্য স্বয়মেব বা শাস্ত্রার্থস্য বিবেকপ্রতিপত্ত্যর্থমেব চৈত-

আনন্দগিরিটীকা

অধিকৃতেনাধ্যয়নাদিদ্বারা জগচ্চক্রমনুবর্ত্তনীয়মন্যথেশ্বরাজ্ঞাতিলংঘিনস্তস্য প্রত্যবায়ঃ স্যাদিত্যাহ এবমিতি। ন কর্ম্মণামনারম্ভাদিত্যাদিনোক্তমুপসংহরতি তস্মাদিতি। জগচ্চক্রস্য প্রাগুক্তপ্রকারেণাননুবর্ত্তনে বৃথাজীবনমঘসাধনং যস্মাত্তস্মাজ্জীবতা নিয়তং কর্ম্ম কর্ত্তব্যমিত্যর্থঃ। যদ্যধিকৃতেন কর্ত্তব্যমেব কর্ম্ম তর্হি কিমিত্যজ্ঞেনেতি বিশিষ্যতে জ্ঞাননিষ্ঠেনাপি তৎ কর্ত্তব্যমেবাধিকৃতত্বাবিশেষাদিত্যাশঙ্ক্য পূর্ব্বোক্তমনুবদতি প্রাগিতি। ন হি জ্ঞানকর্ম্মণোর্ব্বিরোধাৎ জ্ঞাননিষ্ঠেন কর্ম্ম কর্ত্তুং শক্যতে তথা চানাত্মজ্ঞেনৈব চিত্তশুদ্ধ্যাদিপরম্পরয়া জ্ঞানার্থং কর্ম্মানুষ্ঠেয়মিতি প্রতিপাদিতমিত্যর্থঃ। তর্হি যজ্ঞার্থাদিত্যাদি কিমর্থং ন হি তত্র জ্ঞাননিষ্ঠা প্রতিপাদ্যতে কর্ম্মনিষ্ঠা তু পূর্ব্বমেবোক্তত্বান্নাত্র বক্তব্যেত্যাশঙ্ক্য বৃত্তমর্থান্তরমনুবদতি প্রতিপাদ্যেতি। প্রাসঙ্গিকমজ্ঞস্য কর্ম্মকর্ত্তব্যতোক্তিপ্রসঙ্গাগতমিতি যাবৎ, বহুকারণমীশ্বরপ্রসাদো দেবতাপ্রীতিশ্চেত্যাদিদোষসংকীর্ত্তনং তৈর্দত্তা ন প্রদায়েত্যাদি। ১৬।

বৃত্তমর্থমেবং বিভজ্যানন্তরশ্লোকমাশঙ্ক্যোত্তরত্বেনাবতারয়তি এবমিতি। অর্জ্জুনস্য

স্বামিকৃতটীকা

যস্মাদেবং পরমেশ্বরেণৈব ভূতানাং পুরুষার্থসিদ্ধয়ে কর্ম্মাদিচক্রং প্রবর্ত্তিতং তস্মাত্তদকুর্ব্বতো বৃথৈব জীবিতমিত্যাহ এবমিতি। পরমেশ্বরবাক্যভূতাদ্বেদাখ্যব্রহ্মণঃ পুরুষাণাং কর্ম্মণি প্রবৃত্তিস্ততঃ কর্ম্মনিষ্পত্তিস্ততঃ পর্জ্জন্যস্ততোঽন্নং ততো ভূতানি ভূতানাং পুনস্তথৈব কর্ম্মপ্রবৃত্তিরিত্যেবং প্রবর্ত্তিতং চক্রং যোঽনানুবর্ত্তয়তি নানুতিষ্ঠতি অঘং পাপরূপমায়ুর্যস্য সঃ, যতইন্দ্রিয়ৈর্বিষয়েষ্বেবারমতি ন ত্বীশ্বরারাধনার্থে কর্ম্মণি অতো মোঘং ব্যর্থং স জীবতি। ১৬।

যেহেতু এই পরমেশ্বরের প্রেরণ বশতই মনুষ্য সকল পুরুষার্থ সিদ্ধির জন্য উক্ত রূপ কর্ম্ম চক্রে প্রবৃত্ত হয়, অতএব তাহার অকরণে মনুষ্য জন্ম যে ব্যর্থ হয় ইহাই কহিতেছেন, যথা ভগবানের বাক্যভূত বেদাখ্য ব্রহ্ম হইতে পুরুষ সকলের কর্ম্মেতে প্রবৃত্তি হয়, পরে সেই পুরুষ দ্বারা ঐ কর্ম্ম নিষ্পত্তি হয় এবং তদ্দারা মেঘ ও মেঘ দ্বারা অন্ন ও অন্ন দ্বারা ভূত সকল, আর ঐ ভূত সকলের দ্বারা পুনরায় কর্ম্মেতে প্রবৃত্তি হয়, ইহা নির্ণীত হইয়াছে, অতএব এতদ্রূপ প্রবর্ত্তিত চক্রে যিনি অনুবৃত্ত না হয়েন অর্থাৎ কর্ম্ম অনুষ্ঠান না করেন, তিনিই পাপযুক্ত, যেহেতু তিনি ইন্দ্রিয় দ্বারা কেবল বিষয় ভোগ করেন ঈশ্বরারাধনার্থে কর্ম্ম করেন না, অতএব তিনি বৃথা জীবিত থাকেন। ১৬।

যস্ত্বাত্মরতিরেব স্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ। আত্ম-ন্যেব চ সংতুষ্টস্তস্য কার্য্যং ন বিদ্যতে।১৭।

শাঙ্করভাষ্যং

মাত্মানং বিদিত্বা নিবৃত্তমিথ্যাজ্ঞানাঃ সন্তোব্রাহ্মণামিথ্যাজ্ঞানবদ্ভিরবশ্যং কর্ত্তব্যেভ্যঃ পুত্রৈ-ষণাদিভ্যোব্যুত্থায়াথ ভিক্ষাচর্য্যং শরীরস্থিতিমাত্রপ্রযুক্তং চরন্তি ন তেষামাত্মজ্ঞাননিষ্ঠাব্যতি-রেকেণান্যকার্য্যমস্তি ইত্যেবং শ্রুত্যর্থমিহ গীতাশাস্ত্রে প্রতিপাদয়িষিতমাবিষ্কুর্ব্বন্নাহ ভগ-বান্ যস্ত্বিতি। যস্তু সাংখ্যআত্মজ্ঞাননিষ্ঠআত্মরতিঃ আত্মনি এব রতির্ন বিষয়েষু যস্য সআত্ম-রতিরেব স্যাদ্ভবেৎ আত্মতৃপ্তশ্চ আত্মনৈব তৃপ্তোনান্নরসাদিনা সমানবোমনুষ্যঃ সংন্যাসী আ-ত্মন্যেব চ সন্তুষ্টঃ সন্তোষোহি বাহ্যার্থলাভেন সর্ব্বস্য ভবতি তমনপেক্ষ্যাত্মন্যেব চ সন্তুষ্টঃ সর্ব্বতোবিগততৃষ্ণইত্যেতৎ যঈদৃশআত্মবিত্তস্য কার্য্যং করণীয়ং ন বিদ্যতে নাস্তীত্যর্থঃ। ১৭।

আনন্দগিরিটীকা

প্রশংমিত্যেবমর্থমাশঙ্ক্যাহ ভগবানিতি সম্বন্ধঃ। নন্বেষা শঙ্কা নাবকাশমাসাদয়ত্যনাত্মজ্ঞেন কর্ত্ত-ব্যং কর্ম্মেতি বহুশোবিশেষিতত্বাদিত্যাশঙ্ক্যাহ স্বযমেবেতি। কিমর্থং শ্রুত্যর্থং স্বযমেব ভগ-বানত্র প্রতিপাদযতি ইত্যাশঙ্ক্যাহ শাস্ত্রার্থ-স্যেতি। গীতাশাস্ত্রস্য সসংন্যাসং জ্ঞানমেব মুক্তিসাধনমর্থোনার্থান্তরমিতি বিবেকার্থমিহ শ্রুত্যর্থং সংক্ষিপতি কীর্ত্তযতীত্যর্থঃ। তমেব শ্রুত্যর্থং সংক্ষিপতি এতমিতি। সিদ্ধঞ্চেদা-ত্মবেদনমনর্থকং তর্হি ব্যুত্থানাদীত্যাশঙ্ক্যা-পাতিকবিজ্ঞানফলমাহ নিবৃত্তেতি। ব্রাহ্মণগ্র-হণং তেষামেব ব্যুত্থানে মুখ্যমধিকারিত্বমিতি জ্ঞাপনার্থং। ক্লেশাত্মকত্বাদেষণানাং তাভ্যোব্যু-ত্থানং সর্ব্বেষাং স্বাভাবিকত্বাদবিধিৎসিতমিত্যা-শঙ্ক্যাহ মিথ্যেতি। ভিক্ষাচর্য্যং চরন্তীতি বচনং ব্যুত্থানবিরুদ্ধমিত্যাশঙ্ক্যাহ শরীরেতি। তর্হি তদ্ব-দেব তেষামগ্নিহোত্রাদ্যপি কর্ত্তব্যমাপদ্যেতেত্যা-শঙ্ক্য ব্যুত্থায়িনামাশ্রমধর্ম্মবদগ্নিহোত্রাদেরনুষ্ঠা-পকভাবান্নৈবমিত্যাহ ন তেষামিতি। যথোক্তং শ্রুত্যর্থমস্মিন্ গীতাশাস্ত্রে পৌর্ব্বাপর্য্যেণ পর্য্যা-লোচ্যমানে প্রতিপাদযিতুমিষ্টং প্রকটীকুর্ব্বন্ কর্ত্তব্যমেব কর্ম্ম জীবতেতি নিযমে জ্ঞানযোগেন সাংখ্যানামিতি চোদ্যপরিহারমুপদর্শযতি ই-ত্যেবমিতি। আত্মনিষ্ঠস্য বিষযসঙ্গরাহিত্যং দৃষ্টং তদনাত্মজ্ঞেন জিজ্ঞাসুনা কর্ত্তব্যমিতি ম-ত্বাহ যস্তু সাংখ্যইতি। কিঞ্চ আত্মজ্ঞস্য জ্ঞা-নেনাত্মনৈব পরিতৃপ্তত্বান্নান্নপানাদিনা সাধ্যা তৃপ্তিরিষ্টা। তেন বিদ্যার্থিনা সংন্যাসিনাপি নান্ন-রসাদাবাসক্তির্যুক্তা কর্ত্তুমিত্যাহ আত্মতৃপ্তইতি। কিঞ্চ আত্মবিদঃ সর্ব্বতোবৈতৃষ্ণ্যং দৃষ্টং তদনা-ত্মবিদা বিদ্যার্থিনা কর্ত্তব্যমিত্যাহ আত্মন্যেবে-তি। রতিতৃপ্তিসন্তোষাণাং মোদপ্রমোদানন্দব-দবান্তরভেদঃ, অথবা রতির্ব্বিষযাসক্তিঃ তৃপ্তি-র্ব্বিষযবিশেষসম্পর্কজং সুখং সন্তোষোহভীষ্ট-বিষযমাত্রলাভাধীনং সুখসামান্যমিতি ভেদঃ। নন্বাত্মরতেরাত্মতৃপ্তস্যাত্মন্যেব সন্তুষ্টস্যাপি কি-ঞ্চিৎ কর্ত্তব্যং মুক্তযে ভবিষ্যতীতি নেত্যাহ যঈদৃশইতি। ১৭।

স্বামিকৃতটীকা

তদেবং ন কর্ম্মণামনারম্ভাদিত্যাদিনা অজ্ঞ-স্যান্তঃকরণশুদ্ধ্যর্থং কর্ম্মযোগমুক্ত্বা জ্ঞানিনঃ কর্ম্মানুপযোগমাহ যস্ত্বিতি দ্বাভ্যাং। আত্মন্যেব রতিঃ প্রীতির্যস্য সঃ, ততশ্চাত্মন্যেব তৃপ্তঃ স্বানন্দানুভবেন নির্ব্বৃতঃ, অতএবাত্মন্যেব সং-তুষ্টোভোগাপেক্ষারহিতোযস্তস্য কর্ত্তব্যং কর্ম্ম নাস্তীতি। ১৭।

একারণ ন কর্ম্মণামনারম্ভাদিত্যাদি শ্লোক দ্বারা অজ্ঞানী মনুষ্যের অন্তঃকরণ শুদ্ধির নিমিত্তে কর্ম্মযোগ কহিয়া জ্ঞানী ব্যক্তির কর্ম্মের অকর্ত্তব্যতা দুই শ্লোক দ্বারা কহিতেছেন, যে, যাঁহার, আত্মাতেই রতি অর্থাৎ প্রীতি এবং যিনি আত্মাতেই তৃপ্ত অর্থাৎ আত্মানন্দ অনুভবেই যাঁহার নির্ব্বাহ, অতএব আত্মাতেই সন্তোষ সুতরাং ভোগাদিতে অপেক্ষা রহিত যে তত্ত্বজ্ঞানী ব্যক্তি তাহার কোন কর্ম্ম কর্ত্তব্য নাই। ১৭।

নৈব তস্য কৃতেনার্থো নাকৃতেনেহ কশ্চন।
ন চাস্য সর্ব্বভূতেষু কশ্চিদর্থব্যপাশ্রয়ঃ ।১৮।

শাঙ্করভাষ্যং

কিঞ্চ নৈবেতি। নৈব তস্য পরমাত্মরতেঃ কৃতেন কর্ম্মণার্থঃ প্রযোজনমস্তি অস্তু তর্হ্যকৃতেন অকরণেন প্রত্যবাযাখ্যোনর্থোনাকৃতেনেহ লোকে কশ্চন কশ্চিদপি প্রত্যবাযপ্রাপ্তিরূপঃ আত্মহানিলক্ষণোবা নৈবাস্তি ন চাস্য সর্ব্বভূতেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষু কশ্চিদর্থব্যপাশ্রযঃ

আনন্দগিরিটীকা

ইতশ্চাত্মবিদোন কিঞ্চিৎ কর্ত্তব্যমিত্যাহ কিঞ্চেতি। অভ্যুদযনিঃশ্রেযসযোরন্যতরৎ প্রযোজনং কৃতেন সুকৃতেনাত্মবিদোভবিষ্যতীত্যাশঙ্ক্যাহ নৈবেতি। প্রত্যবাযনিবৃত্তযে স্বরূপপ্রচ্যুতিপ্রত্যাখ্যানায বা কর্ম্ম স্যাদিত্যাশঙ্ক্যাহ নেত্যাদিনা। ব্রহ্মাদিষু স্থাবরান্তেষু ভূতেষু কঞ্চিদ্ভূতবিশেষমাশ্রিত্য কশ্চিদর্থোবিদুষঃ সাধ্যোভবিষ্যতি তদর্থং তেন কর্ত্তব্যং কর্ম্মেত্যাশঙ্ক্যাহ ন চেতি। তত্রাদ্যং পদমাদত্তে নৈবেতি। তং ব্যাচষ্টে তস্যেতি। আত্মবিদঃ স্বর্গাদ্যভ্যুদযানর্থিত্বং নিঃশ্রেযসস্য চ প্রাপ্তত্বান্ন কৃতং কর্ম্মার্থবদিত্যর্থঃ। আত্মবিদা চেৎ কর্ম্ম ন ক্রিযতে তর্হি তেনাকৃতেন তস্যানর্থোভবিষ্যতীতি তৎ প্রত্যাখ্যানার্থং তস্য কর্ত্তব্যং কর্ম্মেতি শঙ্কতে তর্হীতি। দ্বিতীযপাদেনোত্তরমাহ নেত্যাদিনা। অতোন তন্নিবৃত্ত্যর্থং কৃতমর্থবদিতিশেষঃ। দ্বিতীযং ভাগং বিভজতে ন চাস্যেতি। ব্যপাশ্রযণমালম্বনং নেতি সম্বন্ধঃ। পদার্থমুক্ত্বা বা-

স্বামিকৃতটীকা

তত্র হেতুমাহ নৈবেতি। কৃতেন কর্ম্মণা তস্যার্থঃ পুণ্যং নৈবাস্তি ন চাকৃতেন কশ্চন কোঽপি প্রত্যবাযোঽস্তি নিরহঙ্কারত্বেন বিধিনিষেধাতীতত্বাৎ। তথাপি তদ্ধ্যেষাং ন প্রিয়ং যদেতন্মনুষ্যাবিদুরিতি শ্রুতের্মোক্ষে দেবকৃতবিঘ্নসম্ভবাত্তৎপরিহারার্থং কর্ম্মভির্দেবাঃ সেব্যা ইত্যাশঙ্ক্যোক্তং সর্ব্বভূতেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষু কশ্চিদপ্যর্থব্যপাশ্রযঃ আশ্রযএব ব্যপাশ্রযঃ অর্থে মোক্ষে আশ্রযণীযোঽস্য নাস্তীত্যর্থঃ, বিঘ্নাভাবস্য শ্রুত্যৈবোক্তত্বাৎ, তথা চ শ্রুতিঃ। তস্য হ ন দেবাশ্চ নাভূত্যা ঈশতে আত্মা হ্যেষাং সম্ভবতীতি, হ নেত্যব্যযমপ্যর্থে, দেবাঅপি তস্যাত্মতত্ত্বজ্ঞস্য অভূত্যৈ ব্রহ্মভাবপ্রতিবন্ধায নেশতে ন শক্নুবন্তীতি শ্রুতেরর্থঃ। দেবকৃতাস্তু বিঘ্নাঃ সম্যগ্‌জ্ঞানোৎপত্তেঃ প্রাগেব যদেতদ্ব্রহ্ম মনুষ্যাবিদুস্তদেষাং দেবানাং ন প্রিযমিতি-শ্রুত্যা ব্রহ্মজ্ঞানস্যৈবাপ্রিযত্বোক্ত্যা তত্রৈব বিঘ্নকর্ত্তৃত্বস্য সূচিতত্বাৎ। ১৮।

তাহারই হেতু কহিতেছেন, সেই জ্ঞানি ব্যক্তিদিগের অনুষ্ঠিত কর্ম্ম দ্বারা পুণ্য হয় না এবং কর্ম্ম না করিলেও প্রত্যবায় হয় না যেহেতু নিরহঙ্কারিত্ব প্রযুক্ত তাঁহারা বিধি নিষেধ হইতে অতীত হইয়াছেন। যদি বল দেবতাদিগের এমত অভিপ্রেত নহে, যে মনুষ্যেরা ব্রহ্মকে জানিতে পারে, ইহা শ্রুতিতে ব্যক্ত থাকা প্রযুক্ত মোক্ষ বিষয়ে দেবতারা বিঘ্ন করিয়া থাকেন,একারণ তাহা নিবারণ জন্য কর্ম্ম দ্বারা দেবতা গণের সেবা করা অবশ্য কর্ত্তব্য এই আশঙ্কায় কহিতেছেন যে, ব্রহ্মাদি স্থাবর পর্য্যন্ত কাহারও দ্বারা মোক্ষ বিষয়ে জ্ঞানী ব্যক্তির সাহায্যের কিছু মাত্র অপেক্ষা নাই যেহেতু উক্ত বিষয়ে বিঘ্নাভাব শ্রুতিতেই কথিত হইয়াছে, সেই শ্রুতি এই যে। দেবতা গণ জ্ঞানী সকলের ব্রহ্মভাব প্রতিবন্ধকে সমর্থ হয়েন না,যেহেতু জ্ঞানী ব্যক্তি দেবতাগণেরো আত্মা স্বরূপ। এ স্থলে শ্রুতি বিহিত হনইত্যাদি শব্দ অব্যয়ার্থে, জ্ঞানের বিষয়ে দেবতারাও যে তত্ত্ব জ্ঞানীর ব্রহ্ম ভাবের প্রতিবন্ধক হইতে পারেন না ইহাই শ্রুতির অর্থঃ, তাৎপর্য্য এই যে, দেবকৃত বিঘ্ন সকল জ্ঞানোৎপত্তির পূর্ব্বেই সম্ভব হয়, যেহেতু যাহাতে সেই ব্রহ্মকে মনুষ্য সকল জানিতে পারে, তাহাই তাঁহারদের অপ্রিয়,এতাবতা মনুষ্যের ব্রহ্ম জ্ঞান বিষয়ে দেবতাদের অপ্রিয়ত্ব কথিত হওয়াতে সংপূর্ণ জ্ঞানোৎপত্তির পূর্ব্বেই তাঁহারদের বিঘ্নকর্ত্তৃত্ব কথিত হইয়াছে। ১৮।

তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর।
অসক্তোহ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পূরুষঃ।১৯।
কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতাজনকাদয়ঃ ।

শাঙ্করভাষ্যং

প্রযোজননিমিত্তক্রিযাসাধ্যোব্যপাশ্রয়ঃ ব্যপাশ্রযণং আলম্বনং কঞ্চিদ্ভূতবিশেষমাশ্রিত্য ন সাধ্যঃ কশ্চিদর্থোহস্তি যেন তদর্থা ক্রিযানুষ্ঠেযা স্যান্ন ত্বং এতস্মিন্ সর্ব্বতঃ সংপ্লুতোদকস্থানীযে সম্যগ্দর্শনে বর্ত্তসে।১৮।

যতএবং তস্মাদিতি। তস্মাদসক্তঃ সংসর্গবর্জ্জিতঃ সততং সর্ব্বদা কার্য্যং কর্ত্তব্যং নিত্যং কর্ম্ম সমাচর নির্ব্বর্ত্তয অসক্তোহি যস্মাৎ সমাচরন্নীশ্বরার্থং কর্ম্ম কুর্ব্বন্ পরমাপ্নোতি পূরুষঃ মোক্ষমাপ্নোতি পুরুষঃ সত্ত্বশুদ্ধিদ্বারেণেত্যর্থঃ।১৯।

যস্মাচ্চ কর্ম্মণৈবেতি। কর্ম্মণৈব হি তস্মাৎ পূর্ব্বে ক্ষত্রিযাঃ বিদ্বাংসঃ সংসিদ্ধিং মোক্ষং গন্তুমাস্থিতাঃ প্রবৃত্তাজনকাদযোজনকাশ্বপতিপ্রভৃতযোযদি তে প্রাপ্তসম্যগ্দর্শনাস্ততো- লোকসংগ্রহার্থং প্রারব্ধকর্ম্মত্বাৎ কর্ম্মণা সহৈবাসংন্যস্যৈব কর্ম্ম সংসিদ্ধিমাস্থিতাইত্যর্থঃ। অথাপ্রাপ্তসম্যগ্দর্শনাজনকাদযস্তদা কর্ম্মণা সত্ত্বশুদ্ধিসাধনভূতেন ক্রমেণ সংসিদ্ধিমাস্থিতা- ইতি ব্যাখ্যেযঃ শ্লোকোঽযং মন্যতে পূর্ব্বৈরপি জনকাদিভিরপ্যজানদ্ভিরেব কর্ত্তব্যং কৃতং

আনন্দগিরিটীকা

ক্যার্থমাহ কিঞ্চিদিতি। ভূতবিশেষস্যাশ্রিতস্যাপি ক্রিযাদ্বারা প্রযোজনপ্রসবহেতুত্বমিতি মত্বাহ যেনেতি। তর্হি মযাপি যথোক্তং তত্ত্বমাশ্রিত্য ত্যাজ্যমেব কর্ম্মেত্যর্জ্জুনস্য মতমাশঙ্ক্যাহ ন ত্বমিতি।১৮।

সম্যগ্জ্ঞাননিষ্ঠত্বাভাবে কর্ম্মানুষ্ঠানমাবশ্যকমিত্যাহ যতইতি। তস্মাৎ জ্ঞাননিষ্ঠারাহিত্যাদিতি যাবৎ। মোক্ষমেবাপেক্ষমাণস্য কথং কর্ম্মণি ফলান্তরবতি নিযোগঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ অসক্তোহীতি।১৯।

যদ্যপি জিতেন্দ্রিযোঽপি বিবেকী শ্রবণাদিভিরজস্রং ব্রহ্মণি নিষ্ঠাতুং শক্নোতি তথাপি ক্ষত্রিযেণ ত্বযা বিহিতং কর্ম্ম ন ত্যাজ্যমিত্যাহ যস্মাচ্চেতি। তস্মাত্ত্বমপি কর্ম্ম কর্ত্তুমর্হসীতি সম্বন্ধঃ। ইতোপি ত্বযা বিহিতং কর্ম্ম কর্ত্তব্যমিত্যাহ লোকেতি। পূর্ব্বার্দ্ধং বিভজতে কর্ম্মণৈবেতি। কথং জনকাদীনাং কর্ম্মণা সংসিদ্ধিপ্রাপ্তিরুচ্যতে কর্ম্মত্যজাং হি সম্যগ্দর্শনবতাং

আনন্দগিরিটীকা

প্রসিদ্ধা সংসিদ্ধিরিতি তৎ কিং জনকাদযোপি প্রাপ্তসম্যগ্দর্শনাঃ স্যুঃ উত অপ্রাপ্তসম্যগ্দর্শনাভবেযুরিতি বিকল্প্য প্রথমং প্রত্যাহ যদীতি। লোকসংগ্রহার্থং কর্ম্মণা সহৈব সংসিদ্ধিমাস্থিতাইতি সম্বন্ধঃ। কর্ম্মণা সহৈবেত্যেতৎ ব্যাকরোতি অসংন্যস্যৈব কর্ম্মেতি। তত্র হেতুমাহ প্রারব্ধেতি। জনকাদীনাং সত্যপি জ্ঞানিত্বে প্রারব্ধকর্ম্মবশাৎ কর্ম্মাপরিত্যজ্যৈব লোকসংগ্রহার্থং প্রবর্ত্তমানানাং জ্ঞানমাহাত্ম্যাদুপপন্না সংসিদ্ধিরিত্যর্থঃ। দ্বিতীযমনূদ্য পূর্ব্বার্দ্ধেনোত্তরমাহ

স্বামিকৃতটীকা

যস্মাদেবংভূতস্য জ্ঞানিনএব কর্ম্মানুপযোগোনান্যস্য তস্মাত্ত্বং কর্ম্ম কুর্ব্বিত্যাহ তস্মাদিতি। অসক্তঃ ফলসঙ্গরহিতঃ সন্ কার্য্যমবশ্যকর্ত্তব্যতযা বিহিতং নিত্যনৈমিত্তিকং কর্ম্ম সম্যগাচর হি যস্মাদসক্তঃ কর্ম্মাচরন্ পুরুষঃ পরং মোক্ষং চিত্তশুদ্ধিদ্বারা প্রাপ্নোতি।১৯।

যেহেতু এবম্ভূত জ্ঞানী মনুষ্যেরই কর্ম্ম করণে অনাবশ্যকতা অন্য ব্যক্তির কর্ম্ম করা অনাবশ্যক নহে, অতএব তুমি কর্ম্ম কর ইহাই কহিতেছেন, ফলকামনা রহিত হইয়া অবশ্য কর্ত্তব্য রূপে বিহিত নিত্য নৈমিত্তিক কর্ম্ম সকল আচরণ কর, যেহেতু আসক্তি রহিত কর্ম্মানুষ্ঠায়ী ব্যক্তি পরম শব্দ বাচ্য যে মুক্তি তাহা চিত্ত শুদ্ধি দ্বারা প্রাপ্ত হয়েন।১৯।

লোকসংগ্রহমেবাপি সংপশ্যন্ কর্ত্তুমর্হসি। ২০।
যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরোজনঃ। সযৎ
প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে। ২১।
ন মে পার্থাস্তি কর্ত্তব্যং ত্রিষু লোকেষু কিঞ্চন।

শাঙ্করভাষ্যং

কর্ম্ম তাবতা নাবশ্যমন্যেন কর্ত্তব্যং সম্যগ্দর্শনবতা কৃতার্থেনেতি তথাপি প্রারব্ধকর্ম্মায়ত্তস্ত্বং লোকসংগ্রহমেবাপি লোকস্যোন্মার্গপ্রবৃত্তিনিবারণং লোকসংগ্রহস্তমেবাপি প্রযোজনং সংপশ্যন্ কর্ত্তুমর্হসি। ২০।

লোকসংগ্রহঃ কিমর্থউচ্যতে যদ্যদিতি। যদ্যৎ কর্ম্ম আচরতি শ্রেষ্ঠঃ প্রধানস্তত্তদেব কর্ম্মাচরতি ইতরোজনস্তদনুগতঃ কিঞ্চ শ্রেষ্ঠোযৎ প্রমাণং কুরুতে লৌকিকং বৈদিকং বা লোকস্তদনুবর্ত্ততে তদেব প্রমাণীকরোতীত্যর্থঃ। ২১।

আনন্দগিরিটীকা

অথেত্যাদিনা। দ্বিতীযার্দ্ধব্যাবর্ত্ত্যামাশঙ্কামুখাপযতি অথেতি। অর্জ্জুনাকৃতার্থেন কৃতং কর্ম্মেত্যেতাবতা জ্ঞানবতা কৃতকৃত্যেন ন তৎ কর্ত্তব্যমিত্যুক্তমঙ্গীকরোতি তথাপীতি। তর্হি মযাপি জ্ঞানবতা কৃতার্থেন কর্ম্ম ন কর্ত্তব্যমিত্যাশঙ্ক্যার্জ্জুনস্য কর্ত্তব্যমেব কর্ম্মেত্যুত্তরার্দ্ধব্যাখ্যানেন কথযতি প্রারব্ধেতি। ২০।

জ্ঞানবতা কৃতার্থেন লোকসংগ্রহার্থমপি ন প্রবর্ত্তিতব্যমিত্যাশঙ্কামুখাপ্য পরিহরতি লোকেত্যাদিনা। শ্রুতাধ্যযনসম্পন্নত্বেনাভিমতোযদ্যদ্বিহিতং প্রতিষিদ্ধং বা কর্ম্মানুতিষ্ঠতি তত্তদেব প্রাকৃতোজনোঽনুবর্ত্ততে তেন বিদ্যাবতাপি লোকমর্য্যাদাস্থাপনার্থং বিহিতং কর্ত্তব্যমিত্যর্থঃ। শ্রেষ্ঠানুসারিত্বমিতরেষামাচারে দর্শযিত্বা প্রতিপত্তাবপি দর্শযতি কিঞ্চেতি। ২১।

স্বামিকৃতটীকা

অত্র সদাচারং প্রমাণযতি কর্ম্মণৈবেতি। কর্ম্মণৈব শুদ্ধসত্ত্বাঃ সন্তঃ সংসিদ্ধিং সম্যগ্জ্ঞানং প্রাপ্তাইত্যর্থঃ, যদ্যপি ত্বং সম্যগ্জ্ঞানিনমেবাত্মানং মন্যসে তথাপি কর্ম্মাচরণং ভদ্রমেবেত্যাহ লোকসংগ্রহমিত্যাদি। লোকস্য সংগ্রহঃ স্বধর্ম্মে প্রবর্ত্তনং মযা কর্ম্মণি কৃতে জনঃ সর্ব্বোঽপি করিষ্যতি অন্যথা জ্ঞানিদৃষ্টান্তেনাজ্ঞোনিজধর্ম্মং নিত্যং কর্ম্ম ত্যজন্ পতেদিত্যেবংলোকরক্ষণমপি তাবৎ প্রযোজনং পশ্যন্ কর্ম্ম কর্ত্তুমেবার্হসি ন ত্যক্তুমিত্যর্থঃ। ২০।

কর্ম্মকরণে লোকসংগ্রহোযথা স্যাত্তদাহ যদ্যদিতি। ইতরঃ প্রাকৃতোঽপি জনস্তত্তদেবাচরতি সশ্রেষ্ঠোজনঃ কর্ম্মশাস্ত্রং তন্নিবৃত্তিশাস্ত্রং বা যৎ প্রমাণং মন্যতে তদেব লোকোঽপ্যনুসরতি। ২১।

এতদ্বিষয়ে জ্ঞানিদিগের আচরণকেই প্রমাণ দিতেছেন যে, জনকাদি কর্ম্মাচরণ দ্বারা শুদ্ধসত্ত্ব হইয়া সমুদায় রূপে জ্ঞান প্রাপ্ত হইয়াছিলেন, আর যদি তুমি সংপূর্ণ জ্ঞানি হইয়াছ এমত আপনাকে জান, তথাপি কর্ম্মাচরণ করাই যে শ্রেয় তাহা কহিয়াছেন, মনুষ্য সকলের স্বধর্ম্মে প্রবৃত্তির কারণ অর্থাৎ আমি কর্ম্ম করিলে সকল লোকেই কর্ম্ম করিবেক নতুবা জ্ঞানীর ব্যবহার দৃষ্টে অজ্ঞানীরাও কর্ম্ম ত্যাগ করিবেক, একারণ লোক রক্ষা জন্য কর্ম্ম করায় প্রযোজন আছে, এই রূপ বিবেচনায় কর্ম্ম করিতে যোগ্য হও কর্ম্ম ত্যাগ করিওনা। ২০।

কর্ম্ম করিলে লোক সকলের ঐ কর্ম্মে প্রবৃত্তি হওয়া যেরূপে সম্ভব হয় তাহা কহিতেছেন যে, শ্রেষ্ঠ ব্যক্তি কর্ম্ম শাস্ত্র অথবা নিবৃত্তি শাস্ত্র যাহা প্রামাণ্য করিয়া মানেন সামান্য মনুষ্য সকলেই তদনুযায়ী আচরণ করে অর্থাৎ তদনুসারে সকলেই ব্যবহারের অনুগামী হয়। ২১।

নানবাপ্তমবাপ্তব্যং বর্ত্ত এব চ কর্ম্মণি ॥ ২২ ॥
যদি হ্যহং ন বর্ত্তেয়ং জাতু কর্ম্মণ্যতন্দ্রিতঃ। মম
বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ ॥ ২৩ ॥

শাঙ্করভাষ্যং

যদ্যত্র লোকসংগ্রহকর্ত্তব্যতায়াং বিপ্রতিপত্তিস্তর্হি মাং কিং ন পশ্যসি নেতি। ন মে মম পার্থ নাস্তি ন বিদ্যতে কর্ত্তব্যং ত্রিষ্বপি লোকেষু কিঞ্চন কিঞ্চিদপি কস্মান্ন অনবাপ্তমপ্রাপ্তমবাপ্তব্যং প্রাপণীয়ং তথাপি বর্ত্ত এব চ কর্ম্মণ্যহং ॥ ২২ ॥

যদি হি পুনরহং ন বর্ত্তেয়ং জাতু কদাচিৎ কর্ম্মণ্যতন্দ্রিতোঽনলসঃ সন্ মম শ্রেষ্ঠস্য সতো বর্ত্ম মার্গমনুবর্ত্তন্তে মনুষ্যাঃ হে পার্থ সর্ব্বশঃ সর্ব্বপ্রকারৈঃ ॥ ২৩ ॥

তথা চ কো দোষ ইত্যাহ উৎসীদেয়ুর্বিনশ্যেয়ুরিমে সর্ব্বে লোকাঃ লোকস্থিতিনিমিত্তস্য কর্ম্মণোঽভাবাৎ ন কুর্য্যাং কর্ম্ম চেদহং কিঞ্চ সঙ্করস্য চ কর্ত্তা স্যাং তেন কারণেনোপহন্যামিমাঃ প্রজাঃ প্রজানামনুগ্রহায় প্রবৃত্তস্তদুপহতিং উপহননং কুর্য্যামিত্যর্থঃ। মমে-

আনন্দগিরিটীকা

কৃতার্থস্যাপি লোকসংগ্রহার্থং বিহিতং কর্ম্ম কর্ত্তব্যমিত্যুক্ত্বা তত্রৈব ভাগবতমতমুদাহরণত্বেনোপন্যস্যতি যদিত্যাদিনা। অপ্রাপ্তস্য প্রাপ্তয়ে তবাপি কর্ত্তৃত্বসম্ভবাৎ ন কিঞ্চিদপি বিদ্যতে কর্ত্তব্যমিতি কথমুক্তমিত্যাশঙ্ক্যাহ নানবাপ্তমিতি। প্রতীকমুপাদায় ব্যাখ্যানদ্বারা বিদ্যাবতোঽপি কর্ম্মপ্রবৃত্তিং সম্ভাবয়তি নেত্যাদিনা। অনুযার্থং পুনর্নঞোনুবাদঃ। ভগবতো মে নাস্তি কর্ত্তব্যমিত্যেতদাকাঙ্ক্ষাদ্বারা স্ফোরয়তি কস্মাদিত্যাদিনা। প্রয়োজনাভাবে ত্বয়াপি নানুষ্ঠেয়ং কর্ম্মেত্যাশঙ্ক্য লোকসংগ্রহার্থং মমাপি কর্ম্মানুষ্ঠানমিতি মত্বাহ তথাপীতি। ২২।

লোকসংগ্রহোপি ন তে কর্ত্তব্যো বিফলত্বাদিত্যাশঙ্ক্যাহ যদি হীতি। ২৩।

শ্রেষ্ঠস্য তব মার্গানুবর্ত্তিত্বং মনষ্যাণামুচিতমেবেত্যাশঙ্ক্য দূষয়তি তথা চেত্যাদিনা। ঈশ্বরস্য কর্ম্মণ্যপ্রবৃত্তৌ তদনুবর্ত্তিনামপি কর্ম্মানুপপত্তেরিতি হেতুমাহ লোকস্থিতীতি। ইতশ্চেশ্বরেণ কর্ম্ম কর্ত্তব্যমিত্যাহ কিঞ্চেতি। যদি কর্ম্ম ন কুর্য্যামিতি শেষঃ। সঙ্করকরণস্য কার্য্যং কথয়তি তেনেতি। প্রজোপহতিরপি প্রাপ্যতে চেৎ কিং তয়া তব স্যাদিতি তত্রাহ প্রজানামিতি। ত্বামনাচরন্তমনুবর্ত্ততাং সর্ব্বেষাং কো দোষঃ স্যাদিত্যপেক্ষায়ামীশ্বরস্য কৃতার্থতয়া কর্ম্মানুষ্ঠানাভাবে তদনুবর্ত্তিনামপি তদভাবাদেব স্থিতিহেত্বভাবাৎ পৃথিব্যাদিভূতানাং বিনাশপ্রসঙ্গাদ্বর্ণাশ্রমধর্ম্মব্যবস্থানুপপত্তেশ্চাধিকৃতানাং প্রাণভৃতাং পাপোপহতত্বপ্রসঙ্গাৎ পরানুগ্রহার্থং প্রবৃত্তিরীশ্বরস্যেত্যুক্তং সম্প্রতি লোকসংগ্র-

স্বামিকৃতটীকা

অত্র চাহমেব দৃষ্টান্ত ইত্যাহ ন মে ইতি ত্রিভিঃ। হে পার্থ মে কর্ত্তব্যং নাস্তি যতস্ত্রিষ্বপি লোকেষ্বনবাপ্তমপ্রাপ্তং অবাপ্তব্যং প্রাপ্যং নাস্তি তথাপি কর্ম্মণি বর্ত্ত এব কর্ম্ম করোম্যেবেত্যর্থঃ। ২২।

অকরণে লোকস্য নাশং দর্শয়তি যদি হ্যহমিতি। জাতু কদাচিতদন্দ্রিতোঽনলসঃ সন্ যদি কর্ম্মণি ন বর্ত্তেয়ং কর্ম্ম নানুতিষ্ঠেয়ং তর্হি মমৈব বর্ত্ম মার্গং মনুষ্যা অনুবর্ত্তন্তেঽনুবর্ত্তেরন্নিত্যর্থঃ। ২৩।

তদ্বিষয়ে আমিই দৃষ্টান্ত ইহা কহিতেছেন যে, হে পার্থ! আমার কর্ত্তব্য কর্ম্ম কিছুমাত্র নাই, যেহেতু আমার ত্রিভুবনে কোন দ্রব্য অপ্রাপ্ত বা অভিলাষ যোগ্য কিছুই নাই তথাপি কর্ম্ম করিয়া থাকি ॥ ২২ ॥

কর্ম্ম না করিলে যে লোক সকলের হানি হয় তাহা দর্শাইতেছেন, কদাচিৎ অলস রহিত হইয়া যদি আমি কর্ম্মানুষ্ঠান না করি তবে আমারই চলিত পথে সকলেই অনুগামী হইবে ॥ ২৩ ॥

উৎসীদেয়ুরিমে লোকান কুর্য্যাং কর্ম্ম চেদহং।
সঙ্করস্য চ কর্ত্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ। ২৪।
সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসোযথা কুর্ব্বন্তি ভারত। কু-
র্য্যাদ্বিদ্বাংস্তথাসক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহং। ২৫।
ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাং। যো-

শাঙ্করভাষ্যং

